

জো বাইডেনের নিরাপত্তা প্রত্যাহার করে শোধ

বাংলা পত্রিকা ডেস্ক: সাবেক যুক্তরাষ্ট্র প্রেসিডেন্ট জো বাইডেনের রাষ্ট্রীয় নিরাপত্তা ব্যবস্থা বাতিল করতে যাচ্ছেন বর্তমান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সেই সঙ্গে

বাকি অংশ ০৮ পৃষ্ঠায়

যুক্তরাষ্ট্রে বহিষ্কারের ভয়ে চাকরি ছাড়ছেন শিক্ষার্থীরা

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্র দীর্ঘদিন ধরে ভারতীয় তরুণ শিক্ষার্থীদের জন্য সীমাহীন সম্ভাবনার দেশ হিসেবে পরিচিত ছিল। সেখানে তাঁরা বিশ্বমানের শিক্ষা ও উচ্চ বেতনের চাকরির সুযোগ খুঁজে পেয়েছেন। তবে ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের কঠোর অভিবাসন নীতির কারণে অনেকের জন্য আমেরিকায় সেই স্বপ্ন এখন এক কঠিন পরীক্ষায় পরিণত হয়েছে। পরিস্থিতি এতটাই কঠিন যে ভারতীয় শিক্ষার্থীরা দলে দলে পার্টটাইম চাকরি ছাড়ছেন।

ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভির প্রতিবেদনে বলা

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

পথচলায় ২৯ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 21 / February 10, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ২১ ॥ সোমবার মাঘ ২৭, ১৪৩১ ॥ শাবান ১০, ১৪৪৬ ॥

নিউইয়র্কে জীবন্ত মুরগী সরবরাহ-বিক্রি বন্ধ!

চয়ন রহমান: বার্ড ফ্লুর বিস্তারের শংকায় ও এর প্রতিরোধে নিউইয়র্কে জীবন্ত হাঁস-মুরগীর (লাইফ বার্ড) সরবরাহ, কেনা বেচা বন্ধ ঘোষণা করেছে স্টেট কর্তৃপক্ষ। এরপর থেকে নিউইয়র্কের হালাল জীবন্ত চিকেন শপগুলোতে হাঁস-মুরগীর সংকট দেখা দিয়েছে। ডিমের পাশাপাশি এখন হাস-মুরগীর সংকটে আমিষের চাহিদা নিয়ে চরম বিপাকে পড়েছে সাধারণ ক্রেতারা। শনিবার নিউইয়র্ক স্টেটের গভর্ণর ক্যাথি হোকুল বলেছেন, বার্ড ফ্লুর বিস্তার রোধে পরবর্তী পাঁচ দিন নিউইয়র্কে জীবন্ত হাঁস-মুরগী ক্রয়-বিক্রয় বন্ধ রাখতে হবে।।

স্টেট গভর্নর ক্যাথি হকুলের নির্দেশে এক সপ্তাহের জন্য বন্ধ করা দেয়া হয় ৮০ টি লাইভ



বার্ড ফ্লু বিস্তারের শংকা
মার্কেটে সংকট
বিপাকে ক্রেতারা

পোলট্রি ফার্ম। সম্প্রতি আমেরিকা জুড়ে বিভিন্ন পোলট্রিতে বার্ড ফ্লুর প্রকোপ ব্যাপকহারে ছড়িয়ে পড়লে কয়েক মিলিয়ন মুরগিকে মেরে ফেলতে হয়েছে। এ কারণে মুরগির ডিমের সরবরাহ কমে গিয়ে দাম বেড়ে যায়।

খোঁজ নিয়ে জানা গেছে, গত কয়েক সপ্তাহ ধরে আমিষের অন্যতম উপাদান ডিমের দাম উর্ধ্বমুখী। ডজন প্রতি ডিমের দাম পৌছায় প্রকারভেদে ১২ থেকে ১৫ ডলারে বেশি। ডিমের হঠাৎ উর্দ্ধগতির পেছনে প্রথমদিকে ক্রেতারা ভাবছিলো, নতুন সরকার এবং পলিসির কারণে হয়তো বাড়ছে ডিমের দাম। কিন্তু দিনের ব্যবধানেই বের হয়ে আসে ডিমের দামের উর্দ্ধগতির কারণ। লং আইল্যান্ড এবং ব্রোংকস জু'তে বেশ কটি হাঁস-মুরগী মারা যায় সম্প্রতি। তার মধ্যে তিনটি হাঁস-মুরগীর পরীক্ষায় শরীরে বার্ড ফ্লুর জীবাণু পাওয়া গেছে। তারপর নমুনা হিসেবে অবশিষ্ট মুরগীর শরীরে ভাইরাসের উপস্থিতি আছে কি-না, তা জানতে পরীক্ষাগারে পাঠানো হয়েছে। এগুলোর রিপোর্ট হাতে না আসা পর্যন্ত পরবর্তী পাঁচ দিন

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

টাইম এক্সক্লুসিভে'র বিশেষ অনুষ্ঠানে কমিউনিটি নেতাদের সাথে মনির হায়দার

চ্যালেঞ্জ থাকলেও, উত্তরণ সম্ভব



টাইম টেলিভিশন স্টুডিওতে মনির হায়দারসহ কমিউনিটি নেতৃবৃন্দরা

বাংলা পত্রিকা রিপোর্ট: চ্যালেঞ্জ আছে, চ্যালেঞ্জ থাকবে। আর চ্যালেঞ্জ থাকলেও তা উত্তরণ সম্ভব। প্রবাসীদের ইস্যুকে সর্বোচ্চ গুরুত্ব আরোপ করবে বাংলাদেশের অর্ন্তবর্তী সরকার। এমন মন্তব্য করেছেন প্রধান উপদেষ্টা ড.

বাকি অংশ ১৬ পৃষ্ঠায়

টক অব দ্যা কমিউনিটি

নিরবেই দেশে চলে গেলেন আলমগীর খান

সালাহউদ্দিন আহমেদ: মায়ের অসুস্থ্যতার খবর শুনে আকস্মিকভাবে বাংলাদেশে চলে গেলেন কমিউনিটির পরিচিত মুখ, শোটাইম মিউজিক-এর কর্ণধার আলমগীর খান আলম। কাউকে কোন কিছু না বলেই শনিবার (৮ ফেব্রুয়ারী) সকালে এমিরেটস এয়ারলাইন্সের একটি ফ্লাইটে তিনি ঢাকার উদ্দেশ্যে নিউইয়র্ক ত্যাগ করেন।

এদিকে তার এই হঠাৎ চলে যাওয়ার ঘটনা কমিউনিটির অনেকেই মেনে নিতে পারছেন না। তারা বলছেন, আলম ছিলেন ঢালিউড অ্যাওয়ার্ড ও এনআরবি অ্যাওয়ার্ড-এর প্রবর্তক, প্রবাসে বাংলা সাংস্কৃতির প্রমোটার। কমিউনিটি তাকে ভুলবে না। তিনি প্রায় তিন দশক ধরে প্রবাস জীবন অতিবাহিত করছিলেন। আলমের ঘনিষ্ট বন্ধু, বিশিষ্ট রিয়েল এস্টেট ইনভেস্টর নূরুল আজীম আলমের দেশে যাওয়ার বিষয়টি নিশ্চিত করে জানান, অগ্নিদগ্ধ মায়ের অসুস্থতার খবর শুনে তিনি দেশে ফিরে গেছেন। দেশে ফিরে আলম তার ফেসবুক পেজে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের বার্ণ ইউনিটে চিকিৎসাধীন মায়ের একাংশের ছবি সহ একটি পোস্টও দিয়েছেন। আলমগীর খান আলমের দেশে যাওয়ার খবরটি চাউর হওয়ার সাথে বিষয়টি নিউইয়র্কে 'টক অব দ্যা কমিউনিটি'তে পরিণত হয়।

অপরদিকে কমিউনিটির আরেক পরিচিত মুখ, বিশিষ্ট রাজনীতিক ও সন্ধীপ এসোসিয়েশন অব ইউএসএ'র সভাপতি সম্রীক দেশ থেকে নিউইয়র্ক

বাকি অংশ ১৩ পৃষ্ঠায়

সাবওয়ে ট্রেনে দূর্বৃত্তের হামলায় বাংলাদেশি আহত

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে কাজ থেকে ফেরার পথে আবারো সাবওয়ে ট্রেনে দূর্বৃত্তের হামলায় বাংলাদেশি গুরুতর আহত হয়েছেন। মঙ্গলবার রাতে ম্যানহাটন থেকে জ্যামাইকায় এফ ট্রেনে দূর্বৃত্তের হামলার শিকার হন মো. মুমিন হোসেন (২৬) নামে ওই বাংলাদেশি যুবক। তাঁর গ্রামের বাড়ি সিলেটের বিয়ানীবাজারে। নিউইয়র্কে তিনি জ্যামাইকার হিলসাইডে বসবাস করছেন।

মুমিন হোসেন টাইম টিভি ও বাংলা পত্রিকাকে জানান, মঙ্গলবার রাতে ম্যানহাটন থেকে তিনি জ্যামাইকার হিলসাইডে বাসায় ফিরছিলেন। প্রথমে ম্যানহাটন থেকে ই ট্রেনে রুজভেল্ট এভিনিউতে সাবওয়েতে নামেন। সেখান থেকে আবার ট্রেন বদল করে এফ ট্রেনে ওঠেন। ট্রেনে মুমিন ক্লান্ত অবস্থায় বসেছিলেন। ৬৫তম এভিনিউ সাবওয়েতে পৌঁছার আগ মুহূর্তে ওই ট্রেনের কোচে থাকা এক যুবক অতর্কিত লোহার ধাতু বিশিষ্ট একটি বস্তু দিয়ে মুমিনের মাথায় আঘাত করে। এ সময় ট্রেনে থাকা অন্য যাত্রীরা ভয়ে আতঙ্কগ্রস্ত হয়ে পড়েন। ট্রেনটি ৬৫তম এভিনিউ সাবওয়েতে থামালে ওই দূর্বৃত্ত দ্রুত পালিয়ে যায়।

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

নিউইয়র্কে পৃথক স্থানে গাড়ি চাপায়

বাংলাদেশী যুবক জীবন মৃত্যুর সন্ধিক্ষণে, আরেকজনের মৃত্যু

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির ২৪ ঘণ্টায় পৃথক স্থানে গাড়ি চাপায় বাংলাদেশি এক বৃদ্ধের মৃত্যু হয়েছেন ও আরেক যুবক গুরতর আহত অবস্থায় জীবন মৃত্যুর সন্ধিক্ষণে রয়েছেন। গত ৩ ফেব্রুয়ারি ব্রঙ্কসের পার্কচেস্টারে গাড়ি চাপায় ওয়াহিদ মিয়া (৭৫) নামে এক বাংলাদেশীর মৃত্যু হয়েছে এবং ৪ ফেব্রুয়ারি জ্যামাইকায় বেপরোয়া গাড়ি চাপায় মো. আনিসুর রহমান (৪২) নামে আরেক বাংলাদেশি আহত হয়ে হাসপাতালে জীবন মৃত্যুর সন্ধিক্ষণে রয়েছেন।



ওয়াহিদ মিয়া



মো. আনিসুর রহমান

খোঁজ নিয়ে জানা গেছে, গত সোমবার দুপুর দেড়টার দিকে পার্কচেস্টারের বসবাসরত ওয়াহিদ মিয়া জোহরের নামাজ পড়তে মসজিদে যাচ্ছিলেন। পার্কচেস্টারে রাস্তা পার হওয়ার সময় বেপরোয়া একটি সাদা এসইউভি জিপ গাড়ি ওয়াহিদ মিয়াকে চাপা দিয়ে পালিয়ে যায়। পরে স্থানীয়দের মাধ্যমে খবর পেয়ে পুলিশ ও ইমার্জেন্সী মেডিকেল টিম তাঁকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। সেখানে চিকিৎসক ওয়াহিদ মিয়াকে মৃত ঘোষণা করেন। পরদিন বাদ জোহর পার্কচেস্টার ইসলামিক সেন্টারে উনার জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। বাংলাদেশে সিলেটের দক্ষিণ সুরমার সিলাম ইউনিয়নে ওয়াহিদ মিয়ার গ্রামের বাড়ি। ব্রঙ্কসে তিনি স্ত্রী ও সন্তান নিয়ে বসবাস করে আসছেন। পুলিশ ওই গাড়ি চালকটিকে আটকের জন্য সিসি টিভি ফুটেজসহ আলামত সংগ্রহ করেছে। এদিকে জ্যামাইকায় মেয়েকে মাদ্রাসা থেকে আনতে

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

জন্মসূত্রে নাগরিকত্ব বাতিলে ট্রাম্পের নির্বাহী আদেশ স্থগিত

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের মাটিতে জন্ম নেওয়া অভিবাসীদের সন্তানদের দেশটির নাগরিকত্ব দেওয়ার আইন দীর্ঘদিন ধরে চলে আসছে। তবে ডোনাল্ড ট্রাম্প প্রেসিডেন্টের দায়িত্ব নেওয়ার পর নির্বাহী আদেশের মাধ্যমে সেই আইন বাতিল করে দেন। কিন্তু সম্প্রতি যুক্তরাষ্ট্র ফেডারেল আদালত ট্রাম্পের সেই প্রচেষ্টাকে

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
■ TAX Liens Charge Offs ■ Inquiries ■ Collections
■ Garnishment ■ Bankruptcy ■ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল
$৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

হাসিনার বক্তব্য ঘিরে ক্ষোভ: বিভিন্ন জেলায় ভাঙচুর ও আগুন

প্রধান উপদেষ্টার তিন বিবৃতি

ঢাকা ডেস্ক: ধানমন্ডি ৩২ নম্বরসহ দেশের বিভিন্ন জেলায় তিন দিন ধরে বিভিন্ন স্থাপনা ও বাড়িঘরে হামলা, ভাঙচুর, অগ্নিসংযোগের ঘটনায় মানুষের মধ্যে উদ্বেগ, উৎকণ্ঠা ও ভীতির সঞ্চার হয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে দুই দিনে তিনটি বিবৃতি দিতে হয়েছে। দেশে এমন একটা পরিস্থিতির তৈরি হয়েছে অন্তর্বর্তী সরকারের ছয় মাসের মাথায়, যখন দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হয়ে আসছিল।

উদ্ভূত পরিস্থিতিতে অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা মাহফুজ আলমও জনগণকে শান্ত হওয়ার জন্য এবং সরকারকে কাজ করতে দিতে আহ্বান জানিয়ে গত বৃহস্পতিবার রাতে সামাজিক যোগাযোগমাধ্যমে স্ট্যাটাস দিয়েছেন। তবে ঘটনা পুরোপুরি থামানো যায়নি।

এর পর থেকে দেশের বিভিন্ন স্থানে আওয়ামী লীগের কার্যালয়, দলটির কেন্দ্রীয় নেতা, সাবেক মন্ত্রী ও সংসদ সদস্যদের বাড়ি ও বিভিন্ন স্থাপনায় হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়। শেখ মুজিবুর রহমান ও শেখ পরিবারের সদস্যদের অর্ধশত ম্যুরাল ভাঙা হয়। এসব ঘটনা ঘটেছে ৩৫টির বেশি জেলায়।

এমন পরিস্থিতির জন্য গণ-অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত স্বৈরশাসক শেখ হাসিনার উদ্দেশ্যমূলক ও উসকানিমূলক বক্তব্যকে দায়ী করা হয়। নিষিদ্ধঘোষিত সংগঠন ছাত্রলীগের ফেসবুক পেজে ভারতে অবস্থানরত শেখ হাসিনার ভাষণ প্রচারের ঘোষণাকে কেন্দ্র করে ছাত্র-জনতার মধ্যে ক্ষোভ সৃষ্টি হয়। যার জেরে শেখ হাসিনা সরকারের পতনের ছয় মাস পূর্তির দিন ৫ ফেব্রুয়ারি সন্ধ্যার পর ধানমন্ডি ৩২ নম্বরে ছাত্র-জনতা বিক্ষোভ শুরু করেন। এর আগে বিভিন্ন ফেসবুক পেজ থেকে 'মার্চ টু ধানমন্ডি ৩২' ও 'বুলডোজার মিছিল'-এর ডাক দেওয়া হয়। রাত আটটা থেকে শেখ মুজিবুর রহমানের বাড়ি ভাঙচুর করা হয়। ওই রাতে আগুন ধরিয়ে দেওয়া হয় ধানমন্ডি ৫ নম্বরে সুধা সদনে। সেটি শেখ হাসিনার স্বামী প্রয়াত এম এ ওয়াজেদ মিয়ার বাড়ি।

এর পর থেকে দেশের বিভিন্ন স্থানে আওয়ামী লীগের কার্যালয়, দলটির কেন্দ্রীয় নেতা, সাবেক মন্ত্রী ও সংসদ সদস্যদের বাড়ি ও বিভিন্ন স্থাপনায় হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়। শেখ মুজিবুর রহমান ও শেখ পরিবারের সদস্যদের অর্ধশত ম্যুরাল ভাঙা হয়। এসব ঘটনা ঘটেছে ৩৫টির বেশি জেলায়। গতকাল নড়াইলের কালিয়ায় সাবেক সংসদ সদস্য কবিরুল হকের বাগানবাড়িতে ও জামালপুরের মেলান্দহে আওয়ামী লীগের কার্যালয়ে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়েছে।

যদিও এ ধরনের ঘটনা থেকে মানুষকে নিবৃত্ত করতে অন্তর্বর্তী সরকারের পক্ষ থেকে বারবার আহ্বান জানানো হয়েছে। এ বিষয়ে প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস গণমাধ্যমে প্রথম বিবৃতি পাঠান বৃহস্পতিবার বিকেল সাড়ে চারটার দিকে। এতে বলা হয়, ধানমন্ডি ৩২ নম্বর বাড়িতে ভাঙচুরের ঘটনা অনভিপ্রেত ও অনাকাঙ্ক্ষিত। পলাতক অবস্থায় ভারতে বসে জুলাই অভ্যুত্থানের বিরুদ্ধে শেখ হাসিনার উসকানিমূলক বক্তব্যের কারণে জনমনে গভীর ক্রোধের সৃষ্টি হয়েছে, যার বহিঃপ্রকাশ ঘটেছে।

পরিস্থিতি নিয়ন্ত্রণে না আসায় বৃহস্পতিবার দিবাগত রাত একটার দিকে অন্তর্বর্তী সরকারের দ্বিতীয় বিবৃতি আসে। তাতে বলা হয়, অন্তর্বর্তী সরকার গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ করছে যে কতিপয় ব্যক্তি ও গোষ্ঠী সারা দেশে বিভিন্ন প্রতিষ্ঠান, স্থাপনায় ভাঙচুর ও অগ্নিসংযোগের চেষ্টা করছে। সরকার এ ধরনের কর্মকাণ্ড শক্তভাবে প্রতিহত করবে। সরকার নাগরিকদের জানমালের নিরাপত্তা রক্ষায় প্রস্তুত। কোনো ধরনের উসকানিমূলক কর্মকাণ্ডের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করার চেষ্টা করা হলে দায়ী ব্যক্তি ও গোষ্ঠীর বিরুদ্ধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তাৎক্ষণিকভাবে কঠোর ব্যবস্থা নেবে এবং দোষীদের বিচারের মুখোমুখি দাঁড় করাবে।

এরপর বৃহস্পতিবার বিভিন্ন জেলায় হামলার, ভাঙচুরের ঘটনা ঘটেছে। এদিন বেলা তিনটার দিকে প্রধান উপদেষ্টা আরেকটি বিবৃতি দেন। তাতে তিনি 'দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে দেশের সব নাগরিককে নিজ নিজ অবস্থান থেকে দায়িত্বশীল হওয়ার' আহ্বান জানান। বিবৃতিতে শেখ হাসিনার পরিবারের সম্পত্তি ধ্বংস থেকে বিরত থাকা এবং ফ্যাসিবাদী আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে যুক্ত ব্যক্তি হওয়ায় কিংবা অন্য কোনো অজুহাতে দেশের কোনো নাগরিকের ওপর আক্রমণ না করারও আহ্বান জানান তিনি।

তবে এ ধরনের ঘটনা প্রতিরোধে 'সরকারের বিবৃতিনির্ভর নির্লিপ্ততায়' ক্ষোভ প্রকাশ করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ

বাকি অংশ ০৭ পৃষ্ঠায়





জামায়াত ৭০ অনুচ্ছেদ রাখার পক্ষে, বিএনপি চায় সংস্কার

ঢাকা ডেস্ক: বাংলাদেশের সংবিধানের অন্যতম বিতর্কিত অংশ ৭০ অনুচ্ছেদ। এই অনুচ্ছেদের কারণে সংসদ সদস্যরা (এমপি) দলের সিদ্ধান্তের বাইরে ভোট দিতে পারেন না। চব্বিশের গণ-অভ্যুত্থান পরবর্তী নতুন বাংলাদেশে সংবিধান থেকে এই অনুচ্ছেদের বিলোপ চায় অনেক রাজনৈতিক দল। বিএনপিসহ কিছু দল চায় ৭০ অনুচ্ছেদের সংস্কার বা সংশোধন, যাতে অর্থ বিল ও অনাস্থা ভোট ছাড়া বাকি সব বিষয়ে এমপিরা দলের বিপক্ষে কথা বলতে পারেন। তবে এখনই ৭০ অনুচ্ছেদে হাত দেওয়ার পক্ষে নয় বাংলাদেশ জামায়াতে ইসলামী। সংবিধান সংস্কার কমিশনের কাছে রাজনৈতিক দলগুলোর দেওয়া প্রস্তাব পর্যালোচনায় এ তথ্য উঠে এসেছে।

- মুক্তিযুদ্ধ মেনে নিয়েই জুলাই অভ্যুত্থানের স্বীকৃতির প্রস্তাব জামায়াতের।
- প্রায় সব দলই দ্বিকক্ষবিশিষ্ট সংসদের সুপারিশ করেছে কমিশনে।
- সংবিধান পুনর্লিখনের দাবি জানিয়েছে জাতীয় নাগরিক কমিটি ও এবি পার্টি।

অধ্যাপক আলী রীয়াজের নেতৃত্বাধীন সংবিধান সংস্কার কমিশনে মোট ৩৪টি রাজনৈতিক দল ও জোট সংস্কার নিয়ে লিখিত প্রস্তাব পাঠিয়েছিল। এগুলোর মধ্যে বেশির ভাগ দলই সংবিধানের ৭০ অনুচ্ছেদ বাতিল বা সংস্কার চেয়েছে। তবে একমাত্র ব্যতিক্রম জামায়াতে ইসলামী। দলটি তাদের প্রস্তাবে অনুচ্ছেদ ৬৭ ও ৭০ নিয়ে বলেছে, 'এটি সংসদীয় সরকারব্যবস্থা স্থিতিশীল করতে যুক্ত করা হয়েছিল। আমরা এটি আরও দুই মেয়াদ পর্যন্ত রাখতে চাই।...যদি রাজনৈতিক দলগুলোর সংস্কার হয়, তাহলে এমপিদের বিক্রি হওয়ার সম্ভাবনা কমে যাবে, তখন অনুচ্ছেদ ৭০ পুনর্বিবেচনা করা যাবে।'

বিদ্যমান সংবিধানের ৭০ অনুচ্ছেদ অনুযায়ী সংসদ সদস্যরা দলীয় সিদ্ধান্তের বাইরে ভোট দিলে সংসদ সদস্যপদ বাতিল হয়ে যাবে। এই বিধানের পরিবর্তন চেয়েছে সংবিধান সংস্কার কমিশন। এমপিরা অর্থ বিল ছাড়া সবক্ষেত্রে দলের বিপক্ষে ভোট দিতে পারবেনড়এমন সুপারিশ হয় কমিশনের প্রস্তাবে।

কমিশনের এই সুপারিশের সঙ্গে অনেকটা মিল আছে বিএনপির প্রস্তাবেরও। কমিশনকে দেওয়া বিএনপির প্রস্তাবে বলা হয়েছে, সংসদকে অধিকতর কার্যকর করার লক্ষ্যে ফ্লোর ক্রসিং-সংক্রান্ত বিধিনিষেধ শিথিল করা যেতে পারে।

তবে আস্থা ভোট, অর্থ বিল, সংবিধান সংশোধনী এবং রাষ্ট্রীয় নিরাপত্তা জড়িত প্রশ্নে দলের বিপক্ষে এমপিরা ভোট দিতে পারবেন না বলেও দলটির প্রস্তাবে বলা হয়।

অন্যদিকে সংবিধানের পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে সংবিধানে সংযুক্ত শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণ ও ২৫ মার্চের স্বাধীনতা ঘোষণার বিধানটি বাতিলের প্রস্তাব করেছে বিএনপি।

এ ছাড়া অন্য দলগুলোর মধ্যে ৭০ অনুচ্ছেদের সংস্কার বা সংশোধন চেয়েছে জেএসডি, নাগরিক ঐক্য, ভাসানী অনুসারী পরিষদ, বাংলাদেশ লেবার পার্টি, বাসদ ও বাংলাদেশ জাসদ। তবে ৭০ অনুচ্ছেদের বাতিল চেয়েছে গণতান্ত্রিক বিপ্লবী পার্টি ও বাসদ (মার্ক্সবাদী)। এই দলগুলো ছাড়া আরও বেশ কিছু দল ৭০ অনুচ্ছেদের বাতিল বা সংস্কারের প্রস্তাব দিয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও রাজনৈতিক বিশ্লেষক জোবাইদা নাসরীন আজকের পত্রিকাকে বলেন, বাংলাদেশের রাজনৈতিক দলের কাঠামোতে চর্চিত হচ্ছে একক নেতার ক্ষমতা। সেখানে রাজনৈতিক দলের সংস্কার না করলে তার প্রভাব দলীয় নির্বাচিত সংসদ সদস্যদের ওপর পড়বে। এখন যদি ৭০ অনুচ্ছেদ সংস্কার হয়ে আসে, কিন্তু দল যদি উৎসাহিত না করে একক নেতার দল তৈরি হয়, তখন নির্বাচিত হয়ে এলেও ব্যবহার করবেন না। কারণ, তাঁরা জানেন, দলের বিরোধিতা করলে ছিটকে পড়বেন কিংবা নেতার বিরাগভাজন হবেন। তাই দলের সংস্কার হওয়া উচিত।

সংবিধান সংস্কার কমিশনে দলগুলোর জমা দেওয়া প্রস্তাবের মধ্যে আরেকটি আলোচিত বিষয় ছিল সংবিধানে জুলাই গণ-অভ্যুত্থানের স্বীকৃতি। এ ক্ষেত্রে জামায়াতে ইসলামী ১৯৭১ সালের ২৬ মার্চ থেকে স্বাধীনতার ঘোষণাকে মেনে নিয়ে জুলাই গণ-অভ্যুত্থানসহ গণতান্ত্রিক সব আন্দোলনের সাংবিধানিক স্বীকৃতির প্রস্তাব দিয়েছে। জুলাই গণ-অভ্যুত্থানের প্রতিফলন ও স্বীকৃতি সংবিধানের প্রস্তাবনায় থাকা প্রয়োজন বলে মনে করে কমিশনও।

মুক্তিযুদ্ধ, জুলাই গণ-অভ্যুত্থানের স্বীকৃতিসহ জামায়াতের প্রস্তাবের বিষয়ে দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার আজকের পত্রিকাকে বলেন, 'প্রস্তাবে আমরা আমাদের কথা বলেছি। অন্যান্য দলও তাদের মতামত দিয়েছে, সবগুলো মিলিয়ে কমিশন প্রতিবেদন তৈরি করেছে। এখন কোনটা গ্রহণ করবে, যোগ-বিয়োগ করবে, সেটা সরকারের সিদ্ধান্ত। তার আগে কিছু বলা সমীচীন মনে করি না।'

সংবিধানের জুলাই গণ-অভ্যুত্থানের স্বীকৃতি জামায়াত ছাড়াও জাতীয় নাগরিক কমিটি, আমার বাংলাদেশ (এবি) পার্টি, রাষ্ট্র সংস্কার আন্দোলন, খেলাফত মজলিসসহ কয়েকটি দলও সুপারিশ করে। সংবিধান সংস্কার কমিশনও তাদের সুপারিশে মুক্তিযুদ্ধসহ জুলাই গণ-অভ্যুত্থানের প্রতিফলন ও স্বীকৃতি অবশ্যই সংবিধানে প্রস্তাবনায় থাকা প্রয়োজন বলে মনে করে।

মুক্তিযুদ্ধ নিয়ে সংবিধান সংস্কার কমিশনের প্রস্তাব অগ্রগতি হয়েছে বলে মনে করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সাব্বির আহমেদ। তিনি আজকের পত্রিকাকে বলেন, তাদের শুধু প্রস্তাবনার মধ্যে সীমাবদ্ধ থাকলে হবে না, তাদের প্রকাশ্যে ক্ষমা চাইতে হবে, সবাই বোধ হয় তা-ই চাইবে। তারা প্রকাশ্যে বলুক, তারা যা করেছে, অন্যায় হয়েছে। কিন্তু তারপরও তারা যেহেতু লিখিতভাবে স্বীকৃতি দিয়েছে, সুতরাং তাদের দিক থেকে অগ্রগতি। এটা রাজনীতিতে জামায়াতের ইতিবাচক পরিবর্তন।

৭০ অনুচ্ছেদ বাংলাদেশের ক্ষমতার কাছাকাছি থাকা কোনো দলই বাদ দেবে বলে মনে করেন না ঢাকা বিশ্ববিদ্যালয়ের এই অধ্যাপক। তিনি আজকের পত্রিকাকে বলেন, এটা বাদ দিলে দলের ওপর নেতার নিয়ন্ত্রণ চলে যাবে। দলের এমপিরা নেতৃত্বের নির্দেশ মানবে না। এটা এখন যে আকারে প্রস্তাব থাকুক না কেন, কেউ মানবে না। বাংলাদেশের রাজনীতিতে কেনাবেচার যে সংস্কৃতি, এটাকে (৭০ অনুচ্ছেদ) পুরোপুরি তুলে দেওয়া সম্ভব হবে

বাকি অংশ ০৭ পৃষ্ঠায়

অস্থির সময়, বাংলাদেশ কোন পথে?

বিশেষ প্রতিনিধি: বাংলাদেশে প্রতিদিনই কিছু না কিছু ঘটছে। পুলিশ, প্রশাসন পুরোমাত্রায় সক্রিয় নয়। নানা প্রশ্ন, অনিশ্চয়তা। তবে দুই-তিনদিনের বুলডোজার হামলায় পরিস্থিতির অবনতি হয়েছে চরম। নতুন করে জেঁকে বসেছে উদ্বেগ আর উৎকণ্ঠা। অনেকেই বুঝার চেষ্টা করছেন কী হচ্ছে? পরিস্থিতি দেখে মনে হচ্ছে দেশে কার্যত কোনো সরকার নেই। ঘটনা ঘটার ২৪ ঘণ্টা পর সরকারের ভূমিকা ও বিবৃতি নিয়ে সচেতন মহলে প্রশ্ন ওঠেছে। প্রকাশ্যে আইনশৃঙ্খলা বাহিনীর সামনে ভাঙচুর এবং উল্লাসের নৃত্য দেখে সচেতন মহলে প্রশ্ন, দেশটা আসলে যাচ্ছে কোথায়? সরকারের ভেতরে যে আরেকটা সরকার কাজ করছে- এটা এখন দিবালোকের মতো স্পষ্ট।

উদ্ভূত পরিস্থিতিতে বিভিন্ন রাজনৈতিক দল আর নানা পেশার মানুষ তাদের উদ্বেগ প্রকাশ করেছেন। বিএনপি'র পক্ষ থেকে বলা হয়েছে, সরকার পরিস্থিতি নিয়ন্ত্রণে সক্ষমতা প্রকাশ করতে না পারলে রাষ্ট্র ও সরকারের স্থিতিশীলতা হুমকির মুখে পড়বে। ইসলামী বক্তা মিজানুর রহমান আজহারী বলেছেন, মবোক্রেসি দেশকে অস্থিতিশীল অবস্থায় নিয়ে যেতে পারে। উদ্বেগ জানিয়েছেন মাওলানা মামুনুল হকও। চলমান পরিস্থিতিতে শেখ হাসিনার পরিবার এবং আওয়ামী লীগ নেতাকর্মীদের সম্পত্তিতে হামলা বন্ধের আহ্বান জানিয়ে গতকাল বিকালে একটি বিবৃতি দিয়েছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। এর আগে শুক্রবার রাতে একটি বিবৃতি দেয় সরকার। এতে বলা হয়, অন্তর্বর্তী সরকার গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে কতিপয় ব্যক্তি ও গোষ্ঠী সারা দেশে বিভিন্ন প্রতিষ্ঠান ও স্থাপনায় ভাঙচুর ও অগ্নিসংযোগের চেষ্টা করছে। সরকার এ ধরনের কর্মকাণ্ড শক্তভাবে প্রতিহত করবে। অন্তর্বর্তী সরকার নাগরিকদের জানমালের নিরাপত্তা রক্ষায় প্রস্তুত। কোনো ধরনের উস্কানিমূলক কর্মকাণ্ডের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করার

বাকি অংশ ১২ পৃষ্ঠায়

অপারেশন ডেভিল হান্ট: গ্রেপ্তার ১৩০৮

ঢাকা ডেস্ক: 'অপারেশন ডেভিল হান্ট' নামে পুলিশসহ যৌথ বাহিনীর অভিযানে সারা দেশে ১ হাজার ৩০৮ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। গ্রেপ্তার ব্যক্তিদের বিরুদ্ধে হত্যা, ভাঙচুর, সহিংসতাসহ বিভিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগ রয়েছে।

রোববার (৯ ফেব্রুয়ারি) সন্ধ্যায় পুলিশ সদর দপ্তরের এআইজি (মিডিয়া অ্যান্ড পিআর) ইনামুল হক সাগর এ তথ্য নিশ্চিত করেছেন।

ইনামুল হক সাগর জানান, শনিবার রাত থেকে আজ দুপুর পর্যন্ত ১ হাজার ৩০৮ জনকে গ্রেপ্তার করা হয়েছে। 'অপারেশন ডেভিল হান্ট'সহ পুলিশের বিভিন্ন অভিযানে তাদের গ্রেপ্তার করা হয়েছে। তাদের মধ্যে রাজধানীসহ দেশের আটটি মেট্রোপলিটন পুলিশ গ্রেপ্তার করেছে ২৭৪ জনকে। অন্যদিকে সারা দেশের রেঞ্জ পুলিশ গ্রেপ্তার করেছে ১ হাজার ৩৪ জনকে।

ডেভিল শেষ না হওয়া পর্যন্ত অপারেশন চলবে: স্বরাষ্ট্র উপদেষ্টা

যতদিন পর্যন্ত ডেভিল শেষ না হবে, ততদিন ডেভিল হান্ট চলবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। গতকাল রাজধানীর ফার্মগেটে মৃত্তিকা সম্পদ ইনস্টিটিউটে 'মৃত্তিকা ভবন' উদ্বোধনী অনুষ্ঠান শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। 'ডেভিল হান্ট'-এ টার্গেট কারা এমন প্রশ্নের জবাবে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, টার্গেট ডেভিলরা। ডেভিল মানে কী? শয়তান হলে তো টার্গেট হয়। যারা দেশকে অস্থিতিশীল করে, আইন অমান্য করে, দুষ্কৃতকারী ও সন্ত্রাসী- তারাই এটার টার্গেট। চিহ্নিত মাদক ব্যবসায়ী ও সন্ত্রাসীদের গ্রেপ্তার করা হচ্ছে বলে জানান তিনি। সুনামগঞ্জের বিশ্বম্ভরপুরে ভেঙে ফেলা কৃষকের ভাস্কর্য সম্পর্কে মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, যারা এটি ভেঙেছে তাদের অবশ্য আমরা আইনের আওতায় নিয়ে আসবো। যারা এটা করেছে, তাদের বেকুব ছাড়া আমি কিছুই বলবো না। স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, গত শুক্রবার রাতে গাজীপুরে ছাত্র-জনতার ওপর সন্ত্রাসী হামলার ঘটনায় শনিবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আইনশৃঙ্খলা বাহিনীগুলোর সমন্বয়ে সভা হয়। ওই সভায় সংশ্লিষ্ট এলাকার

বাকি অংশ ০৭ পৃষ্ঠায়

অনলাইনে পেমেন্টের সঠিক বিকল্প খুঁজুন।

নিম্নলিখিতগুলি সহ পেমেন্টের বিকল্পগুলি তাৎক্ষণিকভাবে অ্যাক্সেস করতে আপনার অনলাইন অ্যাকাউন্টে যান:

- পেমেন্ট এক্সটেনশন যদি অতিরিক্ত সময় প্রয়োজন হয়
- স্বয়ংক্রিয় পেমেন্ট যা একবার সেট করলেই আর ভাবতে হবে না
- সরাসরি পেমেন্ট যা কয়েক সেকেন্ডেই সম্পন্ন করা যায়

QR কোড স্ক্যান করুন অথবা আরো জানতে coned.com/payplans ভিজিট করুন।

conEdison



The Weekly Bangla Patrika
Editor: **Abu Taher**
Tel: 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

নির্বাচন-ভাবনা

শুধু রাজনৈতিক মহলের নয়, পুরো জনসাধারণের। অন্তর্বর্তী সরকার তাদের ক্ষমতা লাভের ছয় মাসের মধ্যে দৃষ্টিগ্রাহ্য এমন কোনো ইতিবাচক পরিবর্তন আনতে পারেনি, যা নিয়ে জনগণ আশাবাদী হতে পারে। সংস্কার কমিটিগুলো যে সুপারিশমালা প্রণয়ন করেছে, সেগুলো নিয়ে আলোচনা শুরু হবে অচিরেই, এ রকম একটি আভাস যদিও পাওয়া গেছে, কিন্তু জনগণ এগুলোর বাইরে বর্তমানে দুটি বিষয় নিয়ে খুবই চিন্তিত বলে মনে হয়। তার একটি হলো, আইনশৃঙ্খলা পরিস্থিতি এবং অন্যটি দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি।

নির্বাচিত সরকার ক্ষমতায় না এলে মুদ্রাস্ফীতি কিংবা দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি লাগামের মধ্যে আনা কঠিন বলে অনেকেই মনে করেন। এই দলে সংশ্লিষ্ট উপদেষ্টাও আছেন। সংশয়ের বিষয় হলো, নির্বাচিত সরকার ক্ষমতায় এলেই বিপদ কেটে যাবে, এ রকম ভাবা কঠিন। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নামে পরিচিত পুলিশ বিভাগ নৈতিকভাবে এতটাই দুর্বল হয়ে পড়েছে যে তাদের ওপর আস্থা রাখাটাও এখন সহজ নয়। বিভিন্ন এলাকায় যেভাবে তাদের ওপর চাপ প্রয়োগ করার খবর উঠে আসছে, তাতে দ্বিধাহীনচিত্তে পুলিশ বিভাগ তাদের ওপর ন্যস্ত দায়িত্ব পালন করতে পারবে কি না, তা নিয়ে সংশয়ের অবকাশ আছে। ক্ষমতায় যাওয়ার আগেই বিভিন্ন রাজনৈতিক দলের, বিশেষ করে বিএনপির নেতা-কর্মীদের যে কর্মকাণ্ড দেখা যাচ্ছে, তাতে মাস্তানতন্ত্র রাজনীতি থেকে অচিরেই নির্মূল হবে, এ রকম আশাবাদ ব্যক্ত করা যাচ্ছে না। তারপরও একটি নির্বাচিত সরকারের কাছে ক্ষমতা হস্তান্তরের দিকেই মানুষের ভাবনার ঝোঁক, এ কথা বললে অন্যায় হবে না।

আমাদের রাজনৈতিক দলগুলোকে আত্মজিজ্ঞাসার সম্মুখীন হতে হবে। প্রচলিত যে রাজনীতি ক্ষমতাবানকে আইনের ঊর্ধ্বে নিয়ে যাওয়ার পথ পরিষ্কার করে, সে রাজনীতিতেই তারা আস্থা রাখবে, নাকি সত্যিই দলের মধ্যে সংস্কার এনে এবং রাষ্ট্র পরিচালনার সময় নৈর্ব্যক্তিক থাকার মাধ্যমে দেশকে পৌঁছে দেবে জনগণের আরাধ্য স্বপ্নের কাছে, সেটাই এখন দেখার বিষয়। রাজনীতি মানে যে দেশ ও দশের সেবার অঙ্গীকার, সে কথা বেমালুম ভুলে গিয়ে নিজের আখের গোছানোর যে ঐতিহ্য রাজনীতিকে গ্রাস করেছে, তা থেকে মুক্ত হওয়ার বিকল্প নেই। সেই সঙ্গে স্বাধীন যে প্রতিষ্ঠানগুলো আমাদের দেশকে মসৃণভাবে পরিচালিত করবে, সেগুলো যেন স্বাধীন থাকতে পারে, সেই প্রতিশ্রুতি-ও রাজনীতি-সংশ্লিষ্ট প্রত্যেকের কাছ থেকে চাইতে হবে।

আমাদের রাজনৈতিক দলগুলোকে আত্মজিজ্ঞাসার সম্মুখীন হতে হবে। প্রচলিত যে রাজনীতি ক্ষমতাবানকে আইনের ঊর্ধ্বে নিয়ে যাওয়ার পথ পরিষ্কার করে, সে রাজনীতিতেই তারা আস্থা রাখবে, নাকি সত্যিই দলের মধ্যে সংস্কার এনে এবং রাষ্ট্র পরিচালনার সময় নৈর্ব্যক্তিক থাকার মাধ্যমে দেশকে পৌঁছে দেবে জনগণের আরাধ্য স্বপ্নের কাছে, সেটাই এখন দেখার বিষয়। রাজনীতি মানে যে দেশ ও দশের সেবার অঙ্গীকার, সে কথা বেমালুম ভুলে গিয়ে নিজের আখের গোছানোর যে ঐতিহ্য রাজনীতিকে গ্রাস করেছে, তা থেকে মুক্ত হওয়ার বিকল্প নেই। সেই সঙ্গে স্বাধীন যে প্রতিষ্ঠানগুলো আমাদের দেশকে মসৃণভাবে পরিচালিত করবে, সেগুলো যেন স্বাধীন থাকতে পারে, সেই প্রতিশ্রুতিও রাজনীতি-সংশ্লিষ্ট প্রত্যেকের কাছ থেকে চাইতে হবে।

আমরা দেখতে পাচ্ছি, নানা ধরনের বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। বিশেষ করে মুক্তিযুদ্ধ বা ১৯৭১ প্রসঙ্গে যে বিভ্রান্তিগুলো ছড়ানো হয়েছে, সেখান থেকে যদি জাতিকে উদ্ধার করা না হয়, তাহলে নিশ্চিতভাবেই বলা যায়, কোনো ধরনের সংস্কার কার্যক্রম এই দেশকে তার আরাধ্য দিশা দেখাতে পারবে না।

তাই সংস্কার বা নির্বাচন যে প্রসঙ্গই উঠে আসুক না কেন, নিজেদের ভিত্তিমূলকে প্রতিষ্ঠিত করেই তা এগিয়ে নিতে হবে। এর বিকল্প নেই।

সফলতার ২৮ বছর
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা
পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

অভ্যুত্থানের ৬ মাস: কী করা উচিত, কী করছি

হুযাইফা আল মামদূহ

১.

কয় দিন আগেই লিখেছিলাম, এই সরকারকে ৫ তারিখের পর চূড়ান্ত একটা ক্ষমতা দিয়েছিল মানুষ, সেই ক্ষমতা দিয়ে চাইলেই তারা দেশের জন্য এমন অনেক কাজ করতে পারত, যা আমাদের জন্য জরুরি, গুরুত্বপূর্ণ ও অনেক দিনের আশা। তারা সেই কাজ করেনি, বরং বিপরীতে গিয়ে এমন কিছু কাজ করেছে, যা পপুলিস্ট এবং মানুষের উপরি চেতনাকে তুষ্ট করে।

অনেক দিন পর পালিয়ে যাওয়া হাসিনার ভাষণের কথা শুনে মানুষ এক হয়ে গেল দেখলাম। কিন্তু সেই এক হওয়াটাও কি জলে যাবে? মানুষ ধানমন্ডির ৩২ নম্বরের বাড়ি ভেঙে ফেলেছে। সারা রাত ধরে, এমনকি পরদিন দুপুর পর্যন্ত সেই বাড়ি ভাঙা হলো। এরপর কাজ কী এখন? কোনো কাজ নেই, সবাই যার যার মতে বাড়ি ফিরে, নিজের পুরোনো রাজনীতিতে ফিরবে। পুরোনো ও ক্লান্তিকর লড়াইয়ে আরও একবার নিজেদের শেষ করে দেবে। কাজের কাজ কিছুই হবে না।

যাঁরা এই ৩২ নম্বরের বাড়ির ভাঙার পক্ষে মত দিচ্ছেন, দেখলাম বলছেন, এই ৩২ শেখ হাসিনার আর তাঁর বাবার নিদর্শন, চিহ্ন; এই চিহ্নের বিনাশ না হলে আওয়ামী লীগের সত্যিকার বিনাশ হবে না।

২.

একই দিন খবরে প্রকাশ, সাংবাদিকসহ আয়নাঘর পরিদর্শনে যেতে পারছেন না প্রধান উপদেষ্টা। যদিও পরবর্তী সময় সিদ্ধান্ত হয় সংবাদমাধ্যমসহ শিগগিরই আয়নাঘর পরিদর্শনে যাবেন প্রধান উপদেষ্টা। এই আয়নাঘরে ১৫ বছর ধরে অনেক মানুষকে নির্যাতননিপীড়ন করা হয়েছে। অনেক মানুষ আয়নাঘর থেকে ফিরে আসেননি। এখনো আয়নাঘরে বন্দী থাকা ব্যক্তিদের আত্মীয়রা নানা জায়গায় সভা সমাবেশ করেন, যাতে তাঁদের আত্মীয়কে ফিরে পান।

আয়নাঘর থেকে যাঁরা ফিরেছেন, ফিরতে পেরেছেন, তাঁরা বলেছেন, কী নির্মম নির্যাতন হয় সেখানে। কী অমানবিকভাবে মানুষকে রাখা হয় বছরের পর বছর ধরে। একজন র্যাবের সৈনিক বর্ণনা দিয়েছেন, কত বীভৎসভাবে সেখানে মানুষকে খুন করা হতো কেবলই মতাদর্শের বৈরিতার জন্য। হাসিনার পুরো সময়, বিশেষ করে শেষ দিকটায় মানুষ কথা বলতে, লিখতে ভয় পেত কেবল আয়নাঘরের জন্য। কেউ জানত না, কখন, কাকে, কীভাবে তুলে নেওয়া হবে, কেন তুলে নেওয়া হবে। হাসিনার ক্ষমতা সংহত করেছে এই নির্যাতন সেল। অথচ আমরা এই আয়নাঘরের বিস্তারিত এখনো জানতে পারিনি, হাসিনার বিদায়ের ছয় মাস পর এসেও।

৩.

পুরো সময়জুড়েই হাসিনাকে রক্ষা করে গেছে আমলাতন্ত্র আর পুলিশ বাহিনী। গদিতে টেকার জন্য হাসিনা একপাল আজ্ঞাবহ দাসানুদাস তৈরি করে গেছেন। যারা সরকার বোঝে না, বোঝে আওয়ামী লীগ। সেই দাসানুদাস পুলিশ বাহিনী জুলাইয়ে হত্যা করেছে হাজারো মানুষকে, আহত করেছে ১০/১২ হাজারেরও বেশি মানুষকে; তাঁদের মধ্যে হাজারো এমন মানুষ আছেন, যাঁরা চোখ হারিয়েছেন জীবনের জন্য, হারিয়েছেন হাত-পা।

দেশের আমলাতন্ত্রের জটিলতা তো সর্বজনজ্ঞাত একটা ব্যাপার, সেখানে কাজ হয় না। দীর্ঘসূত্রতা আছে। এসব আমলা মানুষকে মানুষ ভাবেন না, ভাবেন তাঁদের আজ্ঞাবহ। দুর্নীতিতে প্রায় ডুবে আছেন আমাদের অনেক আমলাই। সেখানে লালফিতার দৌরাত্ম্য যেমন আছে, আছে চূড়ান্ত অসহযোগিতা। গত সপ্তাহে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি জুলাইয়ে আহত দীপংকর বালার কথা আমরা অনেকেই জানি। তাঁর প্রতি কী আচরণ হয়েছে, তা ওঠে এসেছে পত্রপত্রিকায়। দীপংকরের পায়ে লোহা লাগানো, জুলাইয়ে গুলি খেয়ে পা এখন পচে যাওয়ার অবস্থা। তিন মাস আগে বিদেশ যাওয়ার কথা, সেটা পিছিয়ে গত সপ্তাহে হয়েছিল। বিমানবন্দরে গিয়ে দেখেন, তাঁর জন্য সাধারণ সিট। অথচ আগে থেকেই বলে রেখেছিলেন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে, তিনি সাধারণ সিটে যেতে পারবেন না। তাঁর জন্য বিশেষব্যবস্থা লাগবে। সেই যাত্রায় তাঁর বিদেশযাত্রা হয়নি। দুই সপ্তাহ পর এখনো হয়তো হয়নি। অথচ পা পচে যাওয়ার দশা। জুলাইয়ের আহত ব্যক্তিদের সঙ্গেই এই আচরণ আমলাদের। সাধারণ মানুষের সঙ্গে না জানি কেমন এখনো!



গত ছয় মাসে এই অন্তর্বর্তী সরকার অনেক কিছুই করতে চেয়েছে। অনেকগুলো সংস্কার কমিশন গঠন করেছে। অনেক নিয়োগ দিয়েছে, যেসব নিয়োগের কারণ, ধর্ম কিছুই আমরা জানি না। অনেক কিছুই হয়তো বদলাতে চেয়েছে, কিন্তু পারেনি। না পারার কারণ হিসেবে দায় দিয়েছে সবার মধ্যে ঐক্য না থাকাকে। না হলে সবাই মিলে করে ফেলা যেত। আফসোস করছেন, নানা রাজনৈতিক দলকে দায় দিচ্ছেন উপদেষ্টা সমন্বয়কেরা।

অথচ হাসিনার ভাষণের ঘোষণা শুনেই পুরো দেশ এক হয়ে গেল, এই ঐক্যকে নিয়ে গেল একটা ভাঙচুরের দিকে। এই ভাঙচুর চলতে থাকলে কার কী লাভ হবে?

বিদ্যমান সংবিধান হাসিনাকে সর্বময় ক্ষমতা দিয়েছিল। সেই সংবিধান সংস্কারের কী হবে, সংশোধন হবে নাকি, বাতিল হবে; হাসিনা সরকারের প্রেসিডেন্ট নিয়ে কী সিদ্ধান্ত হবে, এমন অনেক কিছু নিয়ে এখনো প্রশ্ন থেকে গেছে।

অথচ আমরা পারতাম, ৫ আগস্টের পর গোটা আমলাতন্ত্রকে আগাপাছতলা সাজানো, গোছানো এবং নতুন করে ঠিক করতে। সেই আমলাতন্ত্র যেন আক্ষরিক অর্থে মানুষের জন্যই হয়। তাঁদের কাছে গিয়ে যেন হয়রানির শিকার না হতে হয়। যেন আমরা না দেখি, পুকুর কাটা শেখার জন্য ৩২ আমলার আফ্রিকা সফরের মতো অযথা রাষ্ট্রের খরচ।

৪.

হাসপাতালে এখনো অনেক ব্যক্তি ভর্তি, যাঁরা জুলাইয়ে আহত হয়েছেন। তাঁদের চিকিৎসা হয়তো হচ্ছে, কিন্তু তাঁরা পর্যাপ্ত সুযোগসুবিধা পাচ্ছেন না। একেকজন ঋণের দায়ে জর্জরিত। চিকিৎসার সঙ্গে সংশ্লিষ্ট নানা খরচা জোগাতে হিমশিম খাচ্ছেন। অথচ রাষ্ট্র কোনো দায় নিচ্ছে না। আহত ব্যক্তিদের মানসিক পুনর্বাসন প্রয়োজন, সেই বিষয়েও নেই কোনো উদ্যোগ। শহীদের আত্মীয়রা পাচ্ছেন না যোগ্যতম সম্মান।

যাঁরা শহীদ হয়েছেন, তাঁদের এই অবধি একটা স্বচ্ছ তালিকা হয়নি, ছয় মাস চলে যাওয়ার পরেও। অথচ জলাই নিয়ে বলতে গেলে সবাই প্রায় জুলাইয়ের মালিক সেজে বসেন। যেন সেই তাঁরাই একমাত্র জুলাইয়ের রক্ষক। অথচ জুলাইয়ের সবচেয়ে অপমান হচ্ছে তাঁদের দিয়েই।

এই যে আওয়ামী লীগ তার ক্ষমতা আঁকড়ে ধরে থাকতে গিয়ে এত এত খুন, এত মানুষের অঙ্গহানি করল; তাদের বিচার পূর্ণাঙ্গভাবে শুরু হয়েছে কি? অনেক মানুষকে জেলে ভরা হয়েছে, মামলাও দেওয়া হয়েছে অনেক; তাঁদের অপরাধ প্রমাণ করা সম্ভব হবে, সেই অনুসন্ধান-তদন্ত-বিচারপ্রক্রিয়া কতটা এগোলো আসলে? আমাদের বিচার বিভাগের সংস্কার ছাড়া আদৌ কি তাঁদের বিচার করা সম্ভব?

৫.

গত ছয় মাসে এই অন্তর্বর্তী সরকার অনেক কিছুই করতে চেয়েছে। অনেকগুলো সংস্কার কমিশন গঠন করেছে। অনেক নিয়োগ দিয়েছে, যেসব নিয়োগের কারণ, ধর্ম কিছুই আমরা জানি না। অনেক কিছুই হয়তো বদলাতে চেয়েছে, কিন্তু পারেনি। না পারার কারণ হিসেবে দায় দিয়েছে সবার মধ্যে ঐক্য না থাকাকে। না হলে সবাই মিলে করে ফেলা যেত। আফসোস করছেন, নানা রাজনৈতিক দলকে দায় দিচ্ছেন উপদেষ্টা সমন্বয়কেরা।

অথচ হাসিনার ভাষণের ঘোষণা শুনেই পুরো দেশ এক হয়ে গেল, এই ঐক্যকে নিয়ে গেল একটা ভাঙচুরের দিকে। এই ভাঙচুর চলতে থাকলে কার কী লাভ হবে?

বিদ্যমান সংবিধান হাসিনাকে সর্বময় ক্ষমতা দিয়েছিল। সেই সংবিধান সংস্কারের কী হবে, সংশোধন হবে নাকি, বাতিল হবে; হাসিনা সরকারের প্রেসিডেন্ট নিয়ে কী সিদ্ধান্ত হবে, এমন অনেক কিছু নিয়ে এখনো প্রশ্ন থেকে গেছে।

এই মাফিয়া আমলাতন্ত্রকে উচ্ছেদ করে, মানুষের জন্য যাঁদের দায় ও দরদ আছে, এমন আমলাকেন্দ্রিক রাষ্ট্র গড়া যেত। শহীদের বিচার ও আহত ব্যক্তিদের যাতে পূর্ণ পুনর্বাসন হয়, সেই মর্মেও সরকারকে বাধ্য করা যেত। যেই আওয়ামী লীগের নিদর্শন ভাঙা হয়েছে, সেই আওয়ামী লীগই বিচার হলে শেষ হয়ে যেত। আলাদা করে নিদর্শন ভাঙতে হতো না।

কোন কাজ আমাদের অগ্রাধিকারের ভিত্তিতে করা উচিত, সেটা বুঝতে পারাটাও আমাদের জন্য একটা বড় শিক্ষা। সেই শিক্ষা আমাদের হোক। এটাই মোনাজাত।

লেখক: গবেষক



নিউইয়র্কে জীবন্ত

(১ম পৃষ্ঠার পর)

নিউইয়র্ক স্টেটে জীবন্ত- হাঁস-মুরগীর বেচা-কেনা বন্ধের সিদ্ধান্ত জানিয়েছে নিউইয়র্ক স্টেট।

নিউইয়র্ক স্টেট গভর্নর ক্যাথি হকুল এক নির্দেশে নিউইয়র্ক সিটির ৫ বরো এবং ওয়েস্টচেস্টার কাউন্টি ও লং আইল্যান্ডের ৮০ টি লাইভ পোলট্রি ফার্ম এক সপ্তাহের জন্য বন্ধ ঘোষণা করেছেন। কুইন্স, ব্রংক্স ও ব্রুকলীনে শুক্রবার সকালে নিয়মিত ইন্সপেকশনে গিয়ে কিছু মুরগিকে অসুস্থ দেখার পর পরীক্ষা করে তাদের শরীরে এভিয়ান ফ্লু বা বার্ড ফ্লুর ভাইরাস পাওয়া যায়। তবে এ পর্যন্ত এই এলাকায় কোনো মানুষের শরীরে বার্ড ফ্লুর ভাইরাস পাওয়া যায়নি বলে জানানো হয়।

সিনিয়র সাংবাদিক শেখ সিরাজুল ইসলাম মুরগী কিনতে যেয়ে দেখেন, জ্যামাইকার জমজম পোলট্রি ফার্মসহ তিনটি পোলট্রি ফার্ম এবং এস্টোরিয়ার ইউনাইটেডের তিনটি খাঁচা ধোয়া শুরু করছে। প্রোডকশন এবং সাপ্লাই নাই। এক সপ্তাহ পর যোগাযোগের কথা বলছে।

এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিন বলেছেন, আগে থেকে না জানানোয় মুরগী কিনতে যেয়ে বিপাকে পড়তে হয়েছে। চাহিদা মাফিক তো দূরের কথা, একটি জীবন্ত মুরগীও কিনতে পারেননি তিনি। এমন সিদ্ধান্তের আগে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ থেকে জানানো উচিত ছিলো বলেও মন্তব্য করেন তিনি।

রিচমন্ড হিলের শহীদুল ইসলাম বলেছেন, গত কয়েক সপ্তাহ ডিমের দাম বাড়তে বাড়তে ১২ থেকে ১৮ ডলারের মধ্যে গিয়ে ঠেকেছিলো। আমিষের এ উপাদানের ধাক্কা সামলাতে না সামলাতে এবার জীবন্ত মুরগীর বেচা-কেনা বন্ধের ঘোষণায় আমিষের যোগান নিয়ে পড়েছেন চিন্তায়।

বার্ড ফ্লুর বিস্তার রোধে নিউইয়র্ক স্টেটে জীবন্ত-হাস-মুরগীর বেচা-কেনা বন্ধ করেছে নিউইয়র্ক স্টেট। নিউইয়র্ক স্টেট গভর্ণর ক্যাথি হোকুল বলেছেন, বার্ড ফ্লুর বিস্তার রোধে পরবর্তী পাঁচ দিন এর বেচাকেনা বন্ধ রাখতে হবে। স্বাস্থ্যগত ঝুঁকির শংকা না থাকায় এতে উদ্বিগ্ন না হবার পরামর্শ দিয়ে ক্যাথি হোকুল বলেন নিউইয়র্কবাসীকে নিরাপদ রাখতেই সতকর্তা হিসেবেই নিউইয়র্কে জীবন্ত- হাস-মুরগীর বেচা-কেনা বন্ধের এমন সিদ্ধান্ত নেয়া হয়েছে। পরিস্থিতির উন্নয়নের শর্তে, সপ্তাহের মধ্যেই, আবার বেচা-কেনা শুরু হবে বলেও জানিয়েছেন তিনি।

যুক্তরাষ্ট্রে বহিষ্কারের

(১ম পৃষ্ঠার পর)

হয়েছে, যুক্তরাষ্ট্র কর্তৃপক্ষ কর্তৃক ভিসা প্রত্যাখ্যানের সংখ্যা বৃদ্ধি, কর্মস্থলে কঠোর তদারকি এবং ওয়ার্ক পারমিটের অনিশ্চয়তায় অনেক ভারতীয় শিক্ষার্থী তাঁদের ভবিষ্যৎ পরিকল্পনা পুনর্বিবেচনা করতে বাধ্য হচ্ছেন।

গত এক বছরে যুক্তরাষ্ট্র ভারতীয় শিক্ষার্থীদের জন্য এফ-১ শিক্ষার্থী ভিসা দেওয়া উল্লেখযোগ্য পরিমাণে কমিয়েছে। পররাষ্ট্র দপ্তরের তথ্য বিশ্লেষণে দেখা গেছে, ২০২৪ সালের জানুয়ারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত ভারতীয় শিক্ষার্থীদের ৬৪ হাজার ৮টি ভিসা দেওয়া হয়েছে, যা ২০২৩ সালের একই সময়ের তুলনায় ৩৮ শতাংশ কম।

কোভিড-১৯ মহামারির পর শিক্ষার্থী ভর্তি বৃদ্ধির ধারার এটি প্রথম বড় পতন। শিক্ষার্থীদের আরও দুশ্চিন্তায় ফেলেছে সংকুচিত কর্মসংস্থানের বাজার। যুক্তরাষ্ট্র চাকরির বাজার এখন স্থানীয় কর্মীদের বেশি অগ্রাধিকার দিচ্ছে এবং নতুন অভিবাসন ব্যবস্থায় আন্তর্জাতিক শিক্ষার্থীরা প্রান্তিক অবস্থানে চলে যাচ্ছেন।

অনেক শিক্ষার্থী মনে করছেন, প্রেসিডেন্ট ট্রাম্পের দায়িত্ব গ্রহণের পর থেকে তাঁর 'স্থানীয়করণ' নীতির কারণে নিয়োগকর্তাদের পক্ষে ভিসা স্পনসর করা আরও কঠিন হয়ে পড়েছে। ওহাইও অঙ্গরাজ্যের ক্লিভল্যান্ডে বসবাসরত সাই অপর্ণা ভারতীয় সংবাদমাধ্যম দ্য হিন্দুকে বলেন, 'চাকরি পাওয়া এখন সত্যিই কঠিন হয়ে গেছে। কখনো ভাবিনি, পরিস্থিতি এতটা খারাপ হবে।'

অপর্ণা যুক্তরাষ্ট্রে ইনফরমেশন সিস্টেমসে স্নাতকোত্তর সম্পন্ন করেছেন এবং এক বছর ধরে চাকরির সন্ধান করছেন, কিন্তু কোনো সফলতা পাননি। তাঁর মতোই যুক্তরাষ্ট্রে অধ্যয়নরত বেশ কয়েকজন ভারতীয় শিক্ষার্থী অভিযোগ করেছেন, তাঁরা আইন প্রয়োগকারী সংস্থার বাড়তি তদারকির মুখে পড়ছেন। ইউনিফর্ম পরিহিত কর্মকর্তারা তাঁদের কর্মস্থলে উপস্থিত হয়ে ছাত্রদের পরিচয়পত্র বা ওয়ার্ক পারমিট যাচাই করছেন, বিশেষ করে যাঁরা 'অপশনাল প্র্যাকটিক্যাল ট্রেনিংয়ের' আওতায় কাজ করছেন।

অপশনাল প্র্যাকটিক্যাল ট্রেনিংয়ের প্রথমে এক বছরের জন্য অনুমোদিত হয় এবং এর আওতায় শিক্ষার্থীরা নির্দিষ্ট সময়ের জন্য কাজ করতে পারেন। এফ-১ ভিসাধারীদের শুধু বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সপ্তাহে ২০ ঘণ্টা কাজ করার অনুমতি রয়েছে। কিন্তু প্রবাসী শিক্ষার্থীরা অতিরিক্ত উপার্জনের জন্য অনেক সময় এই সীমাবদ্ধতা লঙ্ঘন করেন।

সম্প্রতি ক্যাম্পাসের বাইরে খণ্ডকালীন চাকরির ওপর আরোপিত নিষেধাজ্ঞার কারণে আন্তর্জাতিক শিক্ষার্থীদের একটি বড় অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। এই বিষয়ে জর্জিয়া অঙ্গরাজ্যের আটলান্টায় সাইবার সিকিউরিটি বিষয়ে স্নাতকোত্তর অধ্যয়নরত এক ভারতীয় শিক্ষার্থী টাইমস অব ইন্ডিয়াকে বলেন, 'গত সপ্তাহে আমার কর্মস্থলে (একটি রেস্টুরেন্ট) কিছু কর্মকর্তা এসে স্টাফদের জিজ্ঞাসাবাদ শুরু করেন। তাঁরা আমার কলেজের পরিচয়পত্র দেখতে চান। ভাগ্যক্রমে, আমি তখন বাথরুম থেকে বের হচ্ছিলাম, তাই বললাম, শুধু সুযোগ-সুবিধা ব্যবহার করতেই এসেছি। আমার নিয়োগকর্তাও আমাকে সমর্থন করেন। কিন্তু অভিজ্ঞতাটি এতটাই ভয়ংকর ছিল যে আমি পরদিনই চাকরি ছেড়ে দিই।'

নিউ জার্সিতে কম্পিউটার সায়েন্সে মাস্টার্স করা আরেক শিক্ষার্থী জানান, তিনি স্থানীয় একটি গ্যাস স্টেশনে কাজ করার সময় কর্মকর্তারা তাঁর ভিসার অবস্থা ও শিক্ষার্থী পরিচয়পত্র নিয়ে তাঁকে জিজ্ঞাসাবাদ করেন। তিনি বলেন, 'আমার নিয়োগকর্তা আমার নিজের শহর তেলেঙ্গানার নালগোন্ডা থেকে এসেছেন। তিনি কর্মকর্তাদের জানান, আমি তাঁর দূরসম্পর্কের আত্মীয় এবং জানুয়ারির শিক্ষার্থী ব্যাচে যুক্তরাষ্ট্রে এসেছি।'

অনেক শিক্ষার্থী এখন কর্তৃপক্ষের মুখোমুখি হওয়ার ভয়ে তাঁদের চাকরি ছাড়ছেন; কারণ, তাঁদের মাথার ওপর সর্বদা নির্বাসনের আশঙ্কা ঝুলছে। এ বিষয়ে অ্যারিজোনা স্টেট ইউনিভার্সিটির শিক্ষার্থী ইনামপুদি প্রশান্ত বলেন, 'আমরা কোনোভাবেই ঝুঁকি নিতে পারি না। কারণ, অভিবাসন ও শুল্ক প্রয়োগ কর্মকর্তারা সর্বদা নজরদারি চালাচ্ছেন এবং আমাদের জানা আছে, তাঁরা কোনো অজুহাত শুনতে রাজি নন। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বাইরে কাজের চেষ্টা করা মানেই বড় বিপদে পড়া, এমনকি নির্বাসিত হওয়ার আশঙ্কা।'

এই পরিস্থিতি, বিশেষ করে স্বল্প আয়ের পরিবার থেকে আসা শিক্ষার্থীদের জন্য চরম উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। ভারতের নারসারাওপেতের একটি কলেজ থেকে কম্পিউটার সায়েন্সে স্নাতক সম্পন্ন করে যুক্তরাষ্ট্রে যাওয়া মঞ্জুষা নুথি বলেন, 'আমার বাবা একজন কৃষক, আমি আর তাঁর কাছে টাকা চাইতে পারি না। খুব কষ্ট করে ন্যূনতম খরচে চলার চেষ্টা করি।'

নুথি আগে এফ-১ ভিসায় থাকার কারণে গ্যাস স্টেশনে খণ্ডকালীন কাজ করতেন, সম্প্রতি ব্যাপক অভিযানের কারণে চাকরি ছাড়তে বাধ্য হয়েছেন। তিনি বলেন, 'আমার ব্যাংকঋণ ৩০ লাখ রুপি, আর এই পরিস্থিতিতে কীভাবে তা পরিশোধ করব, জানি না।

জন্মসূত্রে নাগরিকত্ব

(১ম পৃষ্ঠার পর)

অবৈধ বলে ঘোষণা করে সেই তাঁর নির্বাহী আদেশকে অনির্দিষ্টকালের জন্য স্থগিত করেছেন।

সংবাদমাধ্যম বিবিসির প্রতিবেদনে বলা হয়েছে, ডোনাল্ড ট্রাম্প নির্বাহী আদেশের মাধ্যমে যুক্তরাষ্ট্রে অবৈধ বা সাময়িকভাবে অবস্থানকারী পিতামাতার সন্তানদের জন্য জন্মসূত্রে নাগরিকত্ব বাতিলের যে প্রচেষ্টা নিয়েছিলেন যুক্তরাষ্ট্রের ফেডারেল আদালত সেটিকে অবৈধ ঘোষণা করেছেন।

যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ড ডিস্ট্রিক্ট ফেডারেল আদালতের বিচারক ডেবোরা বোর্ডম্যান গত বুধবার এক রায়ে বলেছেন, 'আজ, প্রায় প্রতিটি শিশু যারা যুক্তরাষ্ট্রের মাটিতে জন্মগ্রহণ করেছে তারা জন্মের সঙ্গে সঙ্গে যুক্তরাষ্ট্রের নাগরিক হয়ে যায়। এটিই আমাদের দেশের আইন ও ঐতিহ্য।'

এই রায় ট্রাম্পের ২০ জানুয়ারি দেওয়া নির্বাহী আদেশের ওপর এরই মধ্যে আরোপিত স্থগিতাদেশের মেয়াদ আরও বাড়িয়ে দিয়েছে। এই রায়ের ফলে এই মামলার আইনি প্রক্রিয়া যতক্ষণ না সম্পন্ন হবে ততক্ষণ এই স্থগিতাদেশ বহাল থাকবে। এ ক্ষেত্রে বিষয়টি সমাধান হতে কয়েক মাস বা এমনকি বছরও লেগে যেতে পারে।

এই রায়ের দুই সপ্তাহ আগে সিয়াটলের একটি ফেডারেল আদালতের বিচারক ট্রাম্পের আদেশকে 'স্পষ্টভাবে সংবিধানবিরোধী' বলে অভিহিত করেন এবং ১৪ দিনের স্থগিতাদেশ জারি করেন। ট্রাম্প প্রশাসন এই রায়ের বিরুদ্ধে আপিল করার পরিকল্পনা করেছে এবং বিশেষজ্ঞরা ধারণা করছেন, তারা তা করবে।

জন্মসূত্রে নাগরিকত্ব বাতিলের পরিকল্পনা ট্রাম্পের প্রেসিডেন্ট হওয়ার পর থেকেই অবৈধ অভিবাসীদের যুক্তরাষ্ট্র থেকে সরানোর প্রচেষ্টার অংশ। তাঁর আদেশ ১৯ ফেব্রুয়ারি কার্যকর হওয়ার কথা ছিল। তাঁর নির্বাহী আদেশে বলা হয়েছিল, যদি কোনো শিশুর বাবা-মা কেউই যুক্তরাষ্ট্রের নাগরিক বা বৈধ স্থায়ী বাসিন্দা না হন তবে তারা স্বয়ংক্রিয়ভাবে যুক্তরাষ্ট্রের নাগরিক হতে পারবে না।

বিচারক বোর্ডম্যান ট্রাম্পের আদেশকে, 'আমাদের দেশের ২৫০ বছরের জন্মসূত্রে নাগরিকত্বের ইতিহাসের বিপরীতে' বলে রায় দেন। তিনি বলেন, 'মার্কিন যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট নাগরিকত্বের ১৪ তম সংশোধনীর ধারা নিয়ে প্রেসিডেন্টের ব্যাখ্যা একপ্রকার প্রত্যাখ্যান করেছে। আসলেই, দেশের কোনো আদালতই কখনো প্রেসিডেন্টের ব্যাখ্যাকে সমর্থন করেনি।'

মামলার মূল কেন্দ্রবিন্দু হলো যুক্তরাষ্ট্রের সংবিধানের ১৪ তম সংশোধনীর ব্যাখ্যা। এই ব্যাখ্যা ১৯ শতকে মার্কিন গৃহযুদ্ধের পরপরই গৃহীত হয়েছিল। এতে বলা হয়েছে, 'যেসব ব্যক্তি যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণ বা স্বাভাবিকীকৃত হয়েছেন এবং তাদের অধীনে নিয়ন্ত্রণাধীন, তারা যুক্তরাষ্ট্রের নাগরিক।'

ট্রাম্প প্রশাসন দাবি করেছে, এই ধারা অবৈধভাবে যুক্তরাষ্ট্রে অবস্থানকারী অ-নাগরিকদের সন্তানদের অন্তর্ভুক্ত করে না এবং তারা আরও জানিয়েছে যে আদেশটি 'প্রেসিডেন্টের লক্ষ্য অনুযায়ী দেশের ভাঙা অভিবাসন ব্যবস্থা সমাধানে একটি গুরুত্বপূর্ণ অংশ।'

১৯ শতকের শেষদিকে থেকে এই সাংবিধানিক সংশোধনীর ব্যাখ্যা আদালতগুলো এমনকি সুপ্রিম কোর্টও যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণ করা সন্তানদের স্বয়ংক্রিয়ভাবে নাগরিকত্ব প্রদান করে। তবে কিছু ব্যতিক্রম আছে এতে। যেমন যুক্তরাষ্ট্রে কর্মরত অন্য দেশের কূটনীতিকদের সন্তানেরা দেশটির নাগরিক বলে স্বীকৃত হবেন না।

কিন্তু রক্ষণশীলরা দীর্ঘদিন ধরে যুক্তি দিচ্ছেন, জন্মসূত্রে নাগরিকত্ব অবৈধ অভিবাসনের জন্য একটি চুম্বক এবং 'বার্থ টুরিজমের' মাধ্যমে (যেসব ব্যক্তি সন্তান জন্ম দানের জন্য যুক্তরাষ্ট্রে আসেন, যাতে তাদের সন্তান আমেরিকান নাগরিক হয়) অনেকে অনৈতিকভাবে এর ফায়দা লুটছে।

এদিকে, ২২টি ডেমোক্রেটিক পার্টি শাসিত রাজ্যের অ্যাটর্নি জেনারেল ট্রাম্পের নীতি ঠেকাতে মামলা করেছেন। তাঁরা জানিয়েছেন, এই নির্বাহী আদেশের ফলে প্রতি বছর ১ লাখ ৫০ হাজার শিশুকে নাগরিকত্ব থেকে বঞ্চিত করা হবে। এ ছাড়া, শুক্রবার ম্যাসাচুসেটসে আরও একটি শুনানি অনুষ্ঠিত হবে, যেখানে ট্রাম্পের আদেশের বিরুদ্ধে ১২ টিরও বেশি রাজ্য মামলা দায়ের করেছে।

সাবওয়ে ট্রেনে

(১ম পৃষ্ঠার পর)

মুমিন বলেন, আমি তখন মাথায় হাত দিয়ে দেখি রক্ত ঝরছে। তখন ট্রেনের সবাই ভয়ে ট্রেন থেকে নেমে পড়েন। আমি রক্তাক্ত অবস্থায় কোনরকম সাবওয়ের কাউন্টারে গিয়ে দায়িত্বরত এমটিএ কর্মকর্তাকে জানালে তিনি ৯১১ এ কল দিয়ে পুলিশ এবং এম্বুলেন্স আনেন। সেখান থেকে আমাকে জ্যামাইকা হাসপাতালের ইমার্জেন্সীতে ভর্তি করা হয়। একদিন হাসপাতালে চিকিৎসা নেওয়ার পর আমাকে চিকিৎসকরা বিশ্রামের পরামর্শের দিয়ে বাসায় পাঠিয়েছেন। পুলিশ আমার বাসায় এসে তথ্য নিয়ে গেছে।

মুমিন আরো জানান, তাঁর ওপর হামলার সময় ট্রেনের ভিতর এবং ৬৫ সাবওয়ে স্টেশনে কোন পুলিশ দায়িত্বরত অবস্থায় দেখতে পারেন নি।

বাংলাদেশী যুবক

(১ম পৃষ্ঠার পর)

গিয়ে গাড়ি চাপায় পিষ্ট হয়ে মো. আনিসুর রহমান রানা নামে এক ব্যাক্তি দুই পা হারিয়ে হাসপাতালের আইসিউতে জীবন মৃত্যুর সন্ধিক্ষণে রয়েছেন। তিনি দুই সন্তানের জনক এবং পরিবার নিয়ে জ্যামাইকায় বসবাস করছেন। স্থানীয় সূত্রে জানা গেছে মঙ্গলবার দুপুরে জ্যামাইকার রাইজিং স্টার ইসলামিক সেন্টার থেকে তারঁ বড় মেয়েকে আনতে যান। সেখানে ৮৯ এভিনিউয়ে ১৬৬ স্ট্রীটে রাইজিং স্টার ইসলামিক সেন্টারের কাছে তিনি তাঁর গাড়ি পার্কিং করেন। মেয়ের ছুটির অপেক্ষারত অবস্থায় তিনি গাড়ি থেকে নেমে উইন্ডো গ্লাস পরিষ্কার করছিলেন। এ সময় অপর পাশে পার্কিং থেকে এক নারী চালক গাড়ি নিয়ে বের হচ্ছিলেন। ওই মুহূর্তে আরেক যুবক বেপরোয়া গতিতে গাড়ি চালিয়ে এসে প্রথমে নারী চালকের গাড়িকে ধাক্কা দিয়ে অন্য পাশে দাঁড়িয়ে থাকা আনিসুরকে চাপা দেয়। এতে আনিসুরের দুই পা পিষ্ট হয়ে যায় বেপরোয়া গাতির গাড়ি চাপায়। তাৎক্ষণিক ৯১১ এ খবর দিলে পুলিশ ও ইমার্জেন্সী মেডিকেল টিম আনিসুরকে মুমুর্ষ অবস্থায় স্থানীয় হাসপাতালে নিয়ে যায়। সেখানে দ্রুত অপারেশনের মাধ্যমে আনিসুরের একটি পা কেটে ফেলা হয়। পরে তাঁর আরেক পায়ের অবস্থা আশংকাজনক হওয়ায় সেটিও অস্ত্রপাচার করে কেটে ফেলেন চিকিৎসক। এরপর তাকে ইনটেনসিভ কেয়ার ইউনিটে স্থানান্তর করা হয়। শুক্রবার এ রিপোর্ট লেখা পর্যন্ত আনিসুরের জ্ঞান ফেরেনি। এ অবস্থায় হাসাপাতালের আইসিউতে তিনি জীবন-মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছেন।

এ রিপোর্ট লেখা পর্যন্ত পৃথক মর্মান্তিক ঘটনার সাথে জড়িতদের আটক করতে পারেনি পুলিশ।

দাম বাড়ায় ৪০

(শেষ পৃষ্ঠার পর)

চুরি হওয়া ডিমের আনুমানিক মূল্য ৪০ হাজার ডলার।

মার্কিন শ্রম পরিসংখ্যান ব্যুরোর তথ্য অনুসারে, ডিম যুক্তরাষ্ট্রে অন্যতম সস্তা খাদ্য উপাদান হিসেবে বিবেচিত হলেও সাম্প্রতিক সময়ে এর দাম ব্যাপকভাবে বেড়েছে। ২০২৪ সালের জানুয়ারিতে এক ডজন গ্রেড-এ ডিমের গড় মূল্য ৬.৭০ ডলারে পৌঁছেছে, যা ডিসেম্বরের তুলনায় উল্লেখযোগ্যভাবে বেশি। ডিমের মূল্যবৃদ্ধির পেছনে বড় কারণ হিসেবে ধরা হচ্ছে বার্ড ফ্লুর। ক্যালিফোর্নিয়ার সরবরাহকারী প্রতিষ্ঠান 'এগস আনলিমিটেড'-এর তথ্য অনুযায়ী, অক্টোবর থেকে এ পর্যন্ত ২৬ মিলিয়ন মুরগি-হাঁস জাতীয় পাখি মারা গেছে এতে মুরগির সংখ্যা কমপক্ষে ৭% কমেছে। যার ফলে ডিমের উৎপাদন ও গুণগত মানও প্রভাবিত হয়েছে।

বিশেষজ্ঞরা বলছেন, ছুটির মৌসুমে ডিমের চাহিদা বাড়ার কারণেও দাম বেড়েছে, যা আগামী ইস্টার পর্যন্ত চলতে পারে।

এদিকে, ডিম চুরির ঘটনায় পিট অ্যান্ড গেরিস অর্গানিকস জানিয়েছে, তারা আইন প্রয়োগকারী সংস্থার সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করছে এবং দ্রুত তদন্ত শেষ করার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ।

প্রতিদিন ৬১১ জন

(শেষ পৃষ্ঠার পর)

আটক কেন্দ্রে ৪১ হাজার ৫০০ জন বন্দীকে রাখার বেড রয়েছে। বর্তমানে আটক কেন্দ্রে ধারণ ক্ষমতার অতিরিক্ত গ্রেপ্তারকৃত অবৈধ অভিবাসী বন্দী রয়েছে। সংস্থাটি শুক্রবার কারাগার ব্যুরো দ্বারা পরিচালিত চারটি আটক কেন্দ্র খুলবে বলে আশা করা হয়েছিল। অবৈধ অভিবাসীদের জন্য আটকের স্থান বাড়ানোর পরিকল্পনা নভেম্বর থেকে চলছে, এই জিনিসগুলি চালু করতে কিছুটা সময় লাগে।

নিউইয়র্ক পোস্ট আরো জানিয়েছে আইস রাজ্য এবং স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলির কাছ থেকেও গ্রেপ্তারকৃত বন্দীদের আটক রাখার সমর্থন পাচ্ছে। যা সংস্থার ২৮৭জি প্রোগ্রামের মাধ্যমে অবৈধ অভিবাসীদের গ্রহণ করতে ইচ্ছুক। আইস এ প্রোগ্রামের অধীনে অবৈধ অভিবাসীদের তাদের কারাগারে রাখার জন্য আইন প্রয়োগকারী সংস্থাগুলিকে নিযুক্ত করে।

ইতিমধ্যে পেন্টাগন থেকে কিউবার গুয়ান্তানামো বেতে কিছু "বিপজ্জনক" অবৈধ অভিবাসীকে পাঠিয়েছে।

যুক্তরাষ্ট্রে বন্দী বিদেশী সন্ত্রাসী ও অপরাধীদের আটক রাখার জন্য গুয়ান্তানামো বেতে কারাগার ব্যবহার করা হয়। অনুপ্রবেশের চেষ্টা করতে গিয়ে ধরা পড়া অভিবাসীদের থাকার জন্য সবসময় প্রায় ১২০টি শয্যা রয়েছে।

রাষ্ট্রপতি ট্রাম্প অবৈধ অভিবাসীদের ধরে রাখার জন্য গুয়ান্তানামোর সক্ষমতা বাড়ানোর পরিকল্পনা করেছেন। ২৯ শে জানুয়ারী পেন্টাগন এবং হোমল্যান্ড সিকিউরিটি বিভাগকে ৩০,০০০ বন্দীদের জন্য নৌ ঘাঁটি প্রস্তুত করার নির্দেশ স্বাক্ষর করেছেন।

ওয়ারেন্ট ছাড়া

(শেষ পৃষ্ঠার পর)

বৃহস্পতিবার কিংস হাসপাতালের বাইরে এক সংবাদ সম্মেলনে রাজ্য সেনেটর জেলনর মাইরি বলেন, "আমরা জানি যে লোকেরা ভয় পেয়েছে এবং তারা হাসপাতালে আসছে না। গত দুই সপ্তাহ ধরে এই প্রশাসনের কাছ থেকে আমরা যা দেখেছি তা আমাদের আইনকে সমর্থন করার বিষয়ে নয়। এটি ভয় এবং বিশৃঙ্খলার বিষয়"।

যুক্তরাষ্ট্রের ফেডারেল

(শেষ পৃষ্ঠার পর)

মাধ্যমে তিনি মামলাটির গ্রহণযোগ্যতা আছে কি না, তা ধার্য করতে পারবেন তিনি। সে পর্যন্ত ট্রাম্পের পরিকল্পনাটি স্থগিত থাকবে। সিবিএস নিউজ এসব তথ্য জানিয়েছে।

যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় সরকারের আকার কমিয়ে সরকারি ব্যয় হ্রাসের পরিকল্পনা করছেন ট্রাম্প। এই পরিকল্পনার অংশ হিসেবে তিনি দেশটির কেন্দ্রীয় সরকারের লাখো কর্মচারীকে প্রণোদনার বিনিময়ে স্বেচ্ছায় পদত্যাগের প্রস্তাব দিয়েছেন। হোয়াইট হাউসের পক্ষ থেকে বলা হয়েছে, আগামী ৩০ সেপ্টেম্বর পর্যন্ত বেতন-ভাতার বিনিময়ে স্বেচ্ছায় পদত্যাগের প্রস্তাব ইতিমধ্যে ৪০ হাজারের বেশি কর্মচারী গ্রহণ করেছেন। আর কিছু কর্মচারী এ-সংক্রান্ত চুক্তির শর্ত নিয়ে দ্বিধান্বিত।

ফেডারেল কর্মচারীদের ট্রাম্পের প্রস্তাবটি গ্রহণ করার জন্য যুক্তরাষ্ট্রের স্থানীয় সময় বৃহস্পতিবার দিবাগত রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত সময়সীমা বেঁধে দেওয়া হয়। এই সময়সীমার কয়েক ঘণ্টা আগে পরিকল্পনাটি সাময়িকভাবে স্থগিত করার বিষয়ে আদালত থেকে আদেশ এল।

যুক্তরাষ্ট্রের বিচার বিভাগের একজন আইনজীবী বলেছেন, ফেডারেল কর্মচারীদের জানিয়ে দেওয়া হবে যে, স্বেচ্ছায় পদত্যাগের বিষয়ে ট্রাম্প প্রশাসন ঘোষিত সময়সীমা স্থগিত করা হয়েছে।

বিশেষ পার্কিং

(শেষ পৃষ্ঠার পর)

রেস্টরুম ব্যবহারের জন্য যেন ১০ মিনিট সময় দেয়া হয়।

নিউইয়র্ক স্টেট ফেডারেশন অব ট্যাক্সি ড্রাইভার্সএর মুখপাত্র ফারনান্দো ম্যাটিও এ প্রসঙ্গে সাংবাদিকদের বলেন, নিউইয়র্ক সিটিতে পার্কিং স্পেসের ঘাটতি থাকার কারণে ড্রাইভারদের স্বাস্থ্যগতভাবে ক্ষতিকর অবস্থানে নিয়ে যাচ্ছে। তিনি বলেন কোনো কোনো ড্রাইভার কোনোভাবে নিয়ন্ত্রণ করতে না পারলে কোথাও ট্যাক্সি পার্ক করে দরোজার আড়ালেই তাকে ইউরিনেশন শেষ করতে হয়। এক্ষেত্রে ধরা পড়লে আরো বড় পেনাল্টির আশংকা থাকে।

ফারনান্দো ম্যাটিও বলেন, আমাদের অনেক ড্রাইভারের ডায়াবেটিস রয়েছে, অনেকের কিডনি সমস্যা রয়েছে। আর অনেকেই কিডনি ট্রান্সপ্লান্টের সিরিয়ালে রয়েছেন। এমন ড্রাইভাররা ডাবল পার্ক করে রেস্টরুম ব্যবহার করতে গিয়ে যদি টিকিট পায় তাহলে তাদের সারাদিনের উপার্জনই হারিয়ে ফেলবে।

নিউইয়র্ক সিটিতে পার্কিং এর রেট স্থান বিশেষে পৃথক। যেমন ট্রাক লোডিং জোনে পার্ক করলে পেনাল্টি ৯৫ ডলার। বাসস্টপে পার্ক করলে ১১৫ ডলার। এছাড়া নতুন চালু হয়েছে বাস লেনে পার্ক করলে পেনাল্টি ৫০ ডলার।

মেয়র এরিক এডামস গত বছর নিউইয়র্ক সিটিতে পাবলিক টয়লেট কম থাকার কথা স্বীকার করে প্রতিশ্রুতি দেন আগামী ৫ বছরে ৮২টি টয়লেট নির্মাণ করা হবে এবং পুরনোগুলো রেনোভেট করা হবে।

অনুশোচনাহীন আওয়ামী লীগের পরিণতি

উল্টোরথ



এহ্সান মাহমুদ

পঁচাত্তর বছর বয়সী রাজনৈতিক দল আওয়ামী লীগের পতন ও পরিণতি অভিনব। স্বৈরাচার ও ফ্যাসিস্ট সরকারের তকমা নিয়ে দলটি ক্ষমতাচ্যুত। চব্বিশের জুলাই-আগস্টে ছাত্র-জনতার আন্দোলন দমন করতে গিয়ে গণহত্যা চালানোর অভিযোগে বিচারের মুখোমুখি করা হয়েছে দলটির নেতাকর্মীকে। দলটির প্রধান রাষ্ট্রক্ষমতা ছেড়ে দেশত্যাগ করে আশ্রয় নিয়েছেন ভারতে।

আওয়ামী লীগের পতনের ছয় মাস হয়েছে। এই সময়ে দেশে সবচেয়ে আলোচিত বিষয় সংস্কার, নির্বাচন ও আওয়ামী লীগের রাজনীতি নিষিদ্ধকরণ। সংস্কার নিয়ে দৃশ্যমান অগ্রগতির পক্ষে বলা যায়, সংস্কার কমিশন গঠন করা হয়েছে। কমিশনের রিপোর্ট জমাদান প্রক্রিয়াও শুরু হয়েছে। নির্বাচনের পক্ষে বলা যায়, আগের নির্বাচন কমিশন ভেঙে দিয়ে নতুন নির্বাচন কমিশনও গঠন করেছে অন্তর্বর্তী সরকার। কিন্তু প্রশ্ন হচ্ছে আওয়ামী লীগ নিয়ে। আওয়ামী লীগের এই পরিণতি ও বাস্তবতাকে কীভাবে মূল্যায়ন করছে দলটি?

আওয়ামী লীগের পতনের ছয় মাস পূর্ণ হলো। কিন্তু এখন পর্যন্ত দলটির নেতাকর্মীর কথায় বা আচরণে কোনো প্রকার পরিবর্তন দেখা গেল না। জুলাই-আগস্টে গণহত্যা নিয়ে সামান্য অনুশোচনা প্রকাশের ঘটনাও দেখা গেল না। কেন দেখা গেল না? একটি প্রাচীন রাজনৈতিক দল, যার নেতৃস্থানীয়রা পালিয়ে বা আত্মগোপনে থাকলেও বিপুলসংখ্যক কর্মী-সমর্থক এখনও রয়েছেন, তাদের কাছে এই ঘটনা কী বার্তা দিচ্ছে? সবচেয়ে বড় কথা হচ্ছে, আওয়ামী লীগের শীর্ষ নেতৃত্ব এখনও গণঅভ্যুত্থান ও তাদের সরকারের পতনকে ষড়যন্ত্র হিসেবে দেখছে। বিশেষ করে দলটির সভাপতি শেখ হাসিনার যেসব ফোনালাপ সামাজিক মাধ্যমে প্রচার হয়েছে, তাতে দেখা মিলবে সেই আগের শেখ হাসিনার। তাঁর কথাবার্তা সেই আগের মতোই রয়ে গেছে। ন্যূনতম কোনো অনুশোচনা নেই। একই রকম ক্ষোভ ও ক্রোধের প্রকাশ দেখা যাবে। সর্বশেষ ৫ ফেব্রুয়ারি সন্ধ্যায় একটি গ্রুপ কলে শেখ হাসিনা বলেছেন, 'আমাদের বাড়িঘর আছে, ওদের বাড়িঘর আছে না? এখন আর বসে থাকার সময় নাই, আমাদের বাড়িঘরে আগুন দিচ্ছে, ওদের বাড়িঘরে আগুন দিতে হবে সব দিক থেকে... কিছু আগুনের ব্যবস্থা মনে হয় আমাদের রাখা দরকার...।'

দীর্ঘ সাড়ে ১৫ বছরের শাসনের পর ছাত্র-জনতার অভ্যুত্থানে পতনের পর থেকেই দিশাহারা আওয়ামী লীগের নেতাকর্মী।



গণহত্যা ও ছাত্র-জনতার ওপর দমন-পীড়নের অভিযোগে অভিযুক্ত হয়ে পালিয়ে বেড়াচ্ছেন বিপুলসংখ্যক নেতা। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচারের মুখোমুখি হয়েছেন সিনিয়র অনেক নেতা। দাবি উঠছে আওয়ামী লীগ নিষিদ্ধের। এমন পরিস্থিতিতে দলটির প্রধান শেখ হাসিনা ক্ষমতাচ্যুত হওয়ার ছয় মাস পূর্তিতে আনুষ্ঠানিকভাবে বক্তব্য রাখলেন। এ ঘোষণাকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগমাধ্যমে উত্তেজনা চলে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে অংশ নেওয়া ছাত্র-জনতা ও অনলাইন অ্যাক্টিভিস্ট ফেসবুকে ধানমন্ডি ৩২ অভিমুখে 'বুলডোজার মিছিল' এবং 'মার্চ টু ধানমন্ডি ৩২' কর্মসূচির ডাক দেন। তাঁর এই বক্তব্য ঘিরে উত্তেজনা তৈরি হলো। ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে আওয়ামী লীগ-সংশ্লিষ্টদের বাসভবন ও স্থাপনায় হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়েছে। ঢাকায় ধানমন্ডি ৩২ নম্বরে শেখ মুজিবুর রহমানের বাসভবন, ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাসভবন সুধা সদনেও অগ্নিসংযোগের ঘটনা ঘটে। ধানমন্ডি ৩২ নম্বরের বাড়ি গুঁড়িয়ে দিতে বুলডোজার ব্যবহার করা হয়। এ ছাড়া খুলনা, চট্টগ্রাম, সিলেট, বরিশাল, কুমিল্লা, কুষ্টিয়া, ভোলা, রংপুরসহ দেশের আরও কয়েকটি স্থানে আওয়ামী লীগ নেতাদের বাড়ি ও শেখ মুজিবের ম্যুরাল ভাঙচুর করা হয়। জুলাই গণঅভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর গত ৫ আগস্ট ধানমন্ডি ৩২ নম্বরের বাড়িতে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগ করেছিল বিক্ষুব্ধ জনতা। এর পর থেকে বাড়িটি পরিত্যক্ত অবস্থায় ছিল। এখন কোনো প্রকার দায় ও বিচারের আওতায় না এসে নতুন কর্মসূচি ঘোষণা এবং তার ফলে ছাত্র-জনতার প্রতিরোধ ও প্রতিক্রিয়ায় আওয়ামী লীগ পিছু হটার মধ্য দিয়ে দলটি আরও করুণ পরিণতির দিকে এগিয়ে যাচ্ছে বলে মনে হচ্ছে।

ছাত্র-জনতার অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের শীর্ষ নেতৃত্ব ফেসবুকে কর্মসূচি ঘোষণা করে ঠিক কোন ধরনের রাজনৈতিক সুবিধা আদায় করতে পারবেন? শীর্ষ নেতৃত্ব এবং তাঁর পরিবারের প্রত্যেক সদস্য নিরাপদে দেশের বাইরে অবস্থান করছেন। বিপরীতে দলের তৃণমূল নেতাকর্মী হামলা-মামলার ভয়ে আত্মগোপনে রয়েছেন। এমন পরিস্থিতিতে গণহত্যার বিচার হওয়া এবং দলটি গণহত্যার জন্য ক্ষমা চাওয়ার আগে যে কোনো ধরনের রাজনৈতিক কর্মসূচির মূলত দুটি উদ্দেশ্য থাকতে পারে। প্রথমত, নতুন রাজনৈতিক কর্মসূচি ঘোষণা করার মধ্য দিয়ে নিজেদের গণহত্যার অভিযোগে বিচারের মুখোমুখি হওয়াকে যে কোনো উপায়ে বিতর্কিত করা। পাশাপাশি নিজেদের পক্ষে সমর্থন আদায় করা। দ্বিতীয়ত, আওয়ামী লীগ রাষ্ট্রক্ষমতাচ্যুত হওয়ার পর বাংলাদেশ অস্থিতিশীল ও অকার্যকর রাষ্ট্র এটা প্রমাণ করা। ৫ আগস্টের পর থেকে দেশে আওয়ামী লীগের সক্রিয় কর্মকাণ্ড লক্ষ্য করা যায়নি। দলের প্রধানের বিরুদ্ধে হত্যা, গণহত্যা, গুম, নির্যাতনসহ অনেক মামলা হয়েছে। চলমান মামলায় আদালতে আত্মসমর্পণ না করায় 'পলাতক' ঘোষণা করা হয়েছে শেখ হাসিনাকে। তাঁর প্রত্যর্পণের জন্য গত ২৩ ডিসেম্বর বাংলাদেশ ভারতকে আনুষ্ঠানিকভাবে অনুরোধ জানিয়েছে। এমন অবস্থায় দলটির কর্মসূচি পালন প্রায় দুঃসাধ্য। এর আগে ১০ নভেম্বর রাস্তায় নামার ঘোষণা দিলেও দলটির কাউকে দেখা যায়নি। যেখানে জুলাই-আগস্টে গণহত্যার স্মৃতি এখনও দগদগে, সেখানে কোনো প্রকার অনুশোচনাহীন একটি রাজনৈতিক দল কীভাবে রাজনীতিতে ফিরতে চাইতে পারে? আমরা এখানে স্মরণ করতে পারি, একাত্তরে গণহত্যার দোসর জামায়াত ও তাদের ছাত্র সংগঠন ছাত্রশিবির এ রকম রাজনীতি করতে চাইছে। একাত্তর প্রশ্নে জামায়াত-শিবির এবং চব্বিশ প্রশ্নে আওয়ামী লীগ ক্ষমা, অনুশোচনার মধ্য দিয়ে এগিয়ে না এলে রাজনৈতিক দল হিসেবে জনগণের মুখোমুখি হতে পারবে কি?

বাংলাদেশে সরকার পতনের আরও নজির আছে। এরশাদের পতনের পর জাতীয় পার্টির অধিকাংশ নেতা জেলে থাকার সময়ে মিজান চৌধুরী দলের নেতৃত্ব দিয়েছিলেন। নির্বাচনে অংশগ্রহণ করে সংসদে ৩৫টি আসন পেতে সক্ষম হয়েছিল জাতীয় পার্টি। বিগত আওয়ামী লীগ সরকার বিএনপিকে অফিসে বসতে দেয়নি। নেতাকর্মীকে মামলা দিয়ে ব্যাপক ধরপাকড় ও জেল-জুলুম করেছে। তা সত্ত্বেও বিএনপির রুহুল কবির রিজভী দলের কার্যালয়ে থেকে প্রতিদিন বক্তৃতা-বিবৃতি-সমালোচনা চালিয়ে গেছেন। বিপরীতে আওয়ামী লীগের লন্ডভন্ড দলীয় কার্যালয় এখন ছিন্নমূল মানুষের আস্তানায় পরিণত। কোথাও কোনো নেতা নেই।

নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের ফেসবুক পেজে শেখ হাসিনার অডিও বক্তব্য ঘিরে যে পরিস্থিতি তৈরি হলো, তার দায় কার? খোলা চোখে মনে হতে পারে ধানমন্ডি ৩২ নম্বরের বাড়িটি ভেঙে ফেলা হয়েছে। ইট-পাথর-সিমেন্ট-রডের মজবুত গাঁথুনি গুঁড়িয়ে দেওয়া হয়েছে। কিন্তু খেয়াল করলেই দেখা যাবে, এটা হচ্ছে চব্বিশের জুলাই-আগস্টে নির্মম হত্যাকাণ্ডের পরও ক্ষমা না চেয়ে উল্টো দম্ভোক্তি করার পাল্টা জবাব। একই সঙ্গে শেখ হাসিনাকে আশ্রয় দেওয়া ভারতের প্রতিও এক ধরনের বার্তা। বাংলাদেশের আইনে পলাতক থেকে ভারতে অবস্থান নিয়ে ভবিষ্যতে শেখ হাসিনার রাজনৈতিক কার্যক্রম কীভাবে পরিচালিত হবে, সে বিষয়েও প্রতিবেশী দেশটি আরেকবার ভাববে, আশা করি।

লেখক: কথাসাহিত্যিক

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.
COMPLETE BODY REPAIR
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
Nur Bhai
President
718-551-1405
OPEN 24 HOURS
35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE
Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic
একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।
ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com
JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com
LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com
OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

জামায়াত ৭০

(৩য় পৃষ্ঠার পর)

না। এটাকে হয়তো কিছুটা সংস্কার করার সুযোগ রয়েছে। সেটাও করবে কি না সন্দেহ আছে।

যুক্তরাজ্যের হাউস অব কমন্সে সংরক্ষিত মহিলা আসন নেই উল্লেখ করে বাংলাদেশেও বিধানটি বাদ দেওয়ার সুপারিশ করে জামায়াত। তবে উচ্চকক্ষে নারীদের জন্য ২০টি আসন সংরক্ষণের সুপারিশ করে দলটি। জামায়াত ছাড়া অন্যান্য ইসলামি দলও এটি না রাখার অনুরোধ করেছে। তবে সংবিধান সংস্কার কমিশন নারীদের জন্য ৫০টি আসনের পরিবর্তে ১০০টি আসনের সুপারিশ করে, যা দেশের নির্ধারিত ১০০টি আসনের জনগণের ভোটে নির্বাচনের পরামর্শ দেয় তারা।

প্রায় সব দলই দ্বিকক্ষবিশিষ্ট সংসদের সুপারিশ সংবিধান সংস্কার কমিশনের কাছে করেছে। এগুলোর মধ্যে জাতীয় সমাজতান্ত্রিক দলের (জেএসডি) প্রস্তাবে বলা আছে, দ্বিকক্ষবিশিষ্ট সংসদের মেয়াদ চার বছর। একই প্রস্তাব জাতীয় নাগরিক কমিটি, গণঅধিকার পরিষদ, বিপ্লবী ওয়ার্কার্স পার্টির। সংস্কার প্রতিবেদনে বলা হয়েছে, নিম্নকক্ষের মেয়াদ চার বছর।

এদিকে সংবিধান পুনর্লিখনের দাবি জানিয়েছে জাতীয় নাগরিক কমিটি ও আমার বাংলাদেশ (এবি) পার্টি। নাগরিক কমিটি লিগ্যাল ফ্রেম অর্ডারের অধীনে গণপরিষদ নির্বাচনের মাধ্যমে নতুন সংবিধানের দাবি করে। সংবিধান সংস্কার বা পুনর্লিখনে পার্বত্য চট্টগ্রাম বিশেষ শাসনতান্ত্রিক মর্যাদা ফিরে পাবে বলে আশা প্রকাশ করে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)। তারা তিন পার্বত্য জেলাকে বিশেষ স্বায়ত্তশাসিত অঞ্চল ঘোষণার পাশাপাশি পাহাড়ি জাতিগুলোর জন্য একটি মহিলা আসনসহ চারটি সংরক্ষিত আসনের প্রস্তাব করে; যা পাহাড়ি জাতিসমূহের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হওয়ার বিধান যুক্ত করার সুপারিশ করে।

সংবিধান সংস্কারের প্রস্তাব নিয়ে শনিবারের সংবাদ সম্মেলনে আইন উপদেষ্টা আসিফ নজরুল বলেন, সংবিধান সংস্কারসংক্রান্ত প্রতিটি প্রস্তাব গ্রহণ করা হবে কি না, তা রাজনৈতিক দলগুলোর সঙ্গে ঐকমত্যের মাধ্যমে নেওয়া হবে।

অপারেশন ডেভিল

(৩য় পৃষ্ঠার পর)

আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে ও সন্ত্রাসীদের আইনের আওতায় আনতে যৌথবাহিনীর সমন্বয়ে 'অপারেশন ডেভিল হান্ট' পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। শনিবার থেকেই গাজীপুর এলাকাসহ সারা দেশে এই অভিযান শুরু হয়। সেনা, বিমান ও নৌবাহিনী ছাড়াও পুলিশ, বিজিবি, আনসার, কোস্ট গার্ড সদস্যদের সমন্বয়ে এ অভিযান চালানো হবে বলে জানিয়েছেন পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) বাহারুল আলম।

অপারেশনে পাঁচ পুলিশ কর্মকর্তাকে গ্রেপ্তারের কারণ জানতে চাইলে তিনি বলেন, গ্রেপ্তার হয়েছে। হচ্ছে এবং হবে। পাঁচজন পুলিশ কর্মকর্তাকে কেন গ্রেপ্তার করা হয়েছে, ওইটাও মিডিয়ায় চলে আসছে। গাজীপুরে শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় সবাইকে গ্রেপ্তার করা হবে বলেও হুঁশিয়ার করেন সাবেক সেনা কর্মকর্তা জাহাঙ্গীর আলম। তিনি বলেন, গাজীপুরে যারা এ ঘটনা ঘটিয়েছে অনেককেই আইনের আওতায় নিয়ে আসা হয়েছে। যাদের আনা হয়নি তাদেরও খুব তাড়াতাড়ি নিয়ে আসা হবে এবং তাদের যেন সর্বোচ্চ শাস্তি হয় এই ব্যবস্থা করা হবে।

হাসিনার বক্তব্য

(২য় পৃষ্ঠার পর)

(টিআইবি)। এক বিবৃতিতে 'উদ্ভূত পরিস্থিতিকে গণতান্ত্রিক উত্তরণ, সুশাসন ও রাষ্ট্রীয় স্থিতিশীলতার জন্য ঝুঁকিপূর্ণ' উল্লেখ করে এমন পরিস্থিতি নিয়ন্ত্রণ ও প্রতিরোধে সরকারের কার্যকর ভূমিকা অপরিহার্য বলে মনে করে টিআইবি।

দেশের প্রধান রাজনৈতিক শক্তি বিএনপিও দেশের বর্তমান পরিস্থিতির ওপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার জন্য অন্তর্বর্তী সরকারের প্রতি আহ্বান জানিয়েছে। বৃহস্পতিবার দিবাগত রাতে এক বিবৃতিতে বিএনপি বলেছে, সরকার উদ্ভূত পরিস্থিতি নিয়ন্ত্রণে সক্ষমতা প্রকাশ করতে না পারলে রাষ্ট্র ও সরকারের স্থিতিশীলতা হুমকির মুখে পড়বে। জনগণ এভাবে নিজের হাতে আইন তুলে নিলে দেশে-বিদেশে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন হতে পারে।

বিএনপির স্থায়ী কমিটির বৈঠকেও বিষয়টি নিয়ে আলোচনা হয়। এরপর দলটি সারা দেশের নেতা-কর্মীদের জরুরি নির্দেশনা দিয়ে বলেছে, বিদ্যমান পরিস্থিতিতে কোনো বিরোধী পক্ষের বাড়িঘরে অগ্নিসংযোগ, ম্যুরাল ভাঙচুরসহ কোনো হিংসাত্মক কর্মকাণ্ডে দলীয় নেতা-কর্মীরা যেন কোনোভাবে জড়িত না হন।

শেখ হাসিনার উসকানিমূলক বক্তব্যে জনগণের ভেতরে যে ক্ষোভ তৈরি হয়েছে, এর ফলে এসব ঘটনা ঘটেছে উল্লেখ করে গণসংহতি আন্দোলনের এক বিবৃতিতে বলা হয়, ক্ষোভ প্রকাশের এ প্রক্রিয়া গণতান্ত্রিক উত্তরণের পথকে সুগম না করে বরং সেটিকে জটিল করে তুলতে পারে। এ রকম কর্মকাণ্ড সরকারের অস্তিত্বকে প্রশ্নবিদ্ধ করে।

ধানমন্ডি ৩২ নম্বরের বাড়ি গুঁড়িয়ে দেওয়ার ঘটনায় ক্ষোভ প্রকাশ করে বিবৃতিতে দিয়েছেন দেশের ২৬ বিশিষ্ট নাগরিক। তাঁরা বলেন, সরকারের পক্ষ থেকে ঘটনা-পরবর্তী বিবৃতি দিয়ে দায় এড়ানোর সুযোগ নেই।

এ ধরনের হামলা, ভাঙচুরের ঘটনায় নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে দেশি-বিদেশি বিভিন্ন মানবাধিকার সংগঠন। আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস ওয়াচ (এইচআরডব্লিউ) এক বিবৃতিতে বলেছে, ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের বিরুদ্ধে ক্ষোভ ন্যায্য হলেও আইনের লঙ্ঘন ন্যায্য নয়।

নিউইয়র্কে আমেরিকান বাংলাদেশী টেক কোয়ালিশন'র আত্মপ্রকাশ

নিউইয়র্ক: নিউইয়র্কে বাংলাদেশী- আমেরিকান আইটি ও সফটওয়্যার বিশেষজ্ঞদের সমন্বয়ে আমেরিকান বাংলাদেশী টেক কোয়ালিশন (বিএটিসি) নামে নতুন আইটি সংগঠনের আত্মপ্রকাশ হয়েছে।

গত বুধবার এক সাধারণ সভায় এ সংগঠনের একটি কার্যকরী কমিটি গঠন করা হয়েছে। নিউ ইয়র্কের জামাইকায় অবস্থিত একটি রেস্টুরেন্টে এক অনুষ্ঠানে এ কার্যকরী কমিটি সংগঠনটির প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট হিসাবে সর্বসম্মতিক্রমে নির্বাচিত হয়েছেন মিজান চৌধুরী, প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক হিসাবে নির্বাচিত হয়েছেন আহমেদ সোহেল। এই কার্যকরী কমিটির অন্যান্য সদস্য হলেন" সিনিয়র সহ সভাপতি ড মোহাম্মদ মোহাম্মদ শফি চৌধুরী, সহ সভাপতি- মাহফুজ রহমান, সহ সভাপতি-রায়ান তাজ, যুগ্ম সম্পাদক-রাশেদুল আলম (রিমেল), যুগ্ম সম্পাদক-সাদাত হোসেন, কোষাধ্যক্ষ-মোহাম্মদ তোরিকুল ইসলাম, সহকারী কোষাধ্যক্ষ-মো. জসিম উদ্দিন, সংগঠনিক সম্পাদক-মাহমুদুল হাসান, প্রকল্প ব্যবস্থাপক-মো. রাব্বি (আরমান), মিডিয়া ও প্রচার সম্পাদক-মো. আজাদ, সদস্যপদ বিষয়ক চেয়ারম্যান-মো. আসাদুজ্জামান চৌধুরী, কার্যনির্বাহী সদস্য সংগীত সাহা, মোহাম্মদ আনিসুর রহমান, মৌ. সামদানি, মো. আব্দুল করিম ।

যুক্তরাষ্ট্রের প্রখ্যাত আইটি বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত এই সংগঠনটির এই পরিচিতি অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আইটি বিশেষজ্ঞ ও কমিটির নব নির্বাচিত সাধারণ সম্পাদক আহমেদ সোহেল। সভাপতিত্ব করেন আইটি বিশেষজ্ঞ ও কমিটির নব নির্বাচিত সভাপতি জনাব মিজান চৌধুরী।

উদ্যোক্তারা জানান, বিশ্বব্যাপী আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের ব্যাপক প্রসারে ইউরোপ-আমেরিকা সহ সারা বিশ্বেরই চোখ এখন আইটি খাতে। এরই ধারাবাহিকতায় আমেরিকার বিভিন্ন স্বনামধন্য আইটি সেক্টরে কাজ করা অসংখ্য বাংলাদেশী আমেরিকান আইটি ও সফটওয়্যার বিশেষজ্ঞরা এখন এই খাতে বাংলদেশের সম্ভাবনার দরজা আরও ব্যাপক পরিসরে উন্মোচনের জন্য গভীর আগ্রহ নিয়ে এগিয়ে এসেছে। এ লক্ষকে সামনে রেখে বাংলাদেশী বংশোদ্ভুত আইটি বিশেষজ্ঞ গে াবাল ফিন্যান্সিয়াল কোম্পানির ভাইস প্রেসিডেন্ট ও হেড অব নেটওয়ার্ক বিশিষ্ট আইটি বিশেষজ্ঞ মিজান চৌধুরী এবং যুক্তরাষ্ট্রের স্বনামধন্য বাংলাদেশী আইটি প্রতিষ্ঠান আইডাটাকোর ইমফোটেকের সিইও ও নিউইয়র্কের বোর্ড অব এডুকেশনে কর্মরত সিনিয়র আইটি বিশেষজ্ঞ আহমেদ সোহেল সম্প্রতি নিউইয়র্কে অন্যান্য আইটি বিশেষজ্ঞদের নিয়ে আমেরিকান বাংলাদেশী টেক কোয়ালিশন (বিএটিসি) নামে এ আইটি সংগঠন গঠন করেন।

আলোচনা সভায় উপস্থিত বাংলাদেশী বংশোদ্ভুত আমেরিকান আইটি বিশেষজ্ঞরা বাংলাদেশি-আমেরিকানদের মধ্যে সংযোগ গড়ে তোলার জন্য একটি টেকসই প্ল্যাটফর্ম তৈরি করার ব্যাপারে গুরুত্ব আরোপ করেন। যেখানে তারা আইসিটি ক্ষেত্রে একে অপরের সঙ্গে সহযোগিতা, মেন্টরশিপ ও অভিজ্ঞতা শেয়ার করতে পারবেন। এক্ষেত্রে তারা নিকট ভবিষতে একটি আইটি ওয়ার্কশপ আয়োজনের ব্যাপারেও মতামত ব্যাক্ত করেন। পাশাপাশি কমিউনিটির স্টার্টআপ ও উদ্যোক্তাদের জন্য একটি প্ল্যাটফর্ম তৈরি করা, যেখানে তারা তাদের আইডিয়া উপস্থাপন করতে পারবেন এবং আইটি বিশেষজ্ঞদের কাছ থেকে মতামত পেতে পারেন। বাংলাদেশি এবং আমেরিকান প্রযুক্তি বিশেষজ্ঞদের মধ্যে জ্ঞান বিনিময় ও ব্যবসায়িক সুযোগ বৃদ্ধির জন্য সহযোগিতা উন্নীত করার ব্যাপারেও তারা গুরুত্বআরোপ করেন। নবগঠিত ব্যাতিক্রমী এই আইটি সংগঠনটি বাংলাদেশি-আমেরিকানদের আইটি খাতে উৎসাহী করতে আইটি খাতে চাকরির বিজ্ঞপ্তি, প্রশিক্ষণ সেশন এবং নেতৃত্ব উন্নয়ন কর্মসূচিসহ পেশাগত অগ্রগতির জন্য প্রয়োজনীয় যোগ্যতা অর্জনে ফ্রি সার্ভিস দেয়ার ব্যাপারে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেন।

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক
Bangladesh Society, Inc.
86-24 Whitney Avenue, Elmhurst, New York 11373 • Tel: 718-440-8547 • email: info@bangladeshsocietyinc.com • www.bangladeshsocietyinc.com

বর্তমান ইমিগ্রেশন পরিস্থিতি নিয়ে
বাংলাদেশ সোসাইটির
পরামর্শ সভা

তারিখ : ১০ ফেব্রুয়ারি, ২০২৫, সোমবার ◆ সময় : সন্ধ্যা ৬টা
স্থান : নবান্ন পার্টি সেন্টার, 37-22 73rd St, Jackson Heights, NY 11372

পরামর্শ দেবেন
Stanley M Wayne, Esq.
Suzanne Squiers, Esq.
এছাড়াও থাকবেন দেশী-বিদেশী অভিজ্ঞ ইমিগ্রেশন অ্যাটর্নি

সুধী,
যুক্তরাষ্ট্রের নতুন প্রশাসন দায়িত্ব নেয়ার পর থেকে ইমিগ্রেশন সংক্রান্ত নানা পরিবর্তন এসেছে। বর্তমান ইমিগ্রেশন পরিস্থিতি নিয়ে প্রবাসীদের করনীয় এবং কিভাবে সুরক্ষিত থাকা যাবে তা নিয়ে বাংলাদেশ সোসাইটির আয়োজনে দেশী-বিদেশী অভিজ্ঞ অ্যাটর্নিদের নিয়ে এক পরামর্শ সভার আয়োজন করা হয়েছে।
পরামর্শ সভায় আপনারা সবাই আমন্ত্রিত।

অনুরোধক্রমে
আতাউর রহমান সেলিম
সভাপতি, ৯১৭-২৯৪-০৯৭০
আবুল কালাম ভূঁইয়া
ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক, ৯১৭-৮৯২-৭১৯৯

মো: মহিউদ্দীন দেওয়ান (সিনিয়র সহ-সভাপতি) ৯১৭-৫২৩-১৩৪৪, কামরুজ্জামান কামরুল (সহ-সভাপতি) ৭১৮-৯৭১-৪৭৬৯, আবুল কালাম ভূঁইয়া (সহ-সাধারণ সম্পাদক) ৯১৭-৮৯২-৭১৯৯, মফিজুল ইসলাম ভূইয়া (রুমি) (কোষাধ্যক্ষ), ৩৪৭-৮৯৬-২৮০২, ডিউক খান (সাংগঠনিক সম্পাদক) ৯১৭-৭৮৩-৫৪৯৯, অনিক রাজ (সাংস্কৃতিক সম্পাদক) ৯৩৪-৪৪৪-১৮৬৩, রিজু মোহাম্মদ (প্রচার ও গণসংযোগ সম্পাদক) ৭১৮-৫৮১-৬৬৩৭, জামিল আনসারী (সমাজকল্যাণ সম্পাদক) ৩৪৭-৮৩৩-১০২৮, মো: আখতার বাবুল (সাহিত্য সম্পাদক) ৬৪৬-৫৭৫-৭০৫৩, আশ্রাব আলী লিটন (ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক) ৯১৭-৪৯৭-২৮৩৯, মোহাম্মদ হাসান (জিলানী) (স্কুল ও শিক্ষা সম্পাদক) ৯১৭-৯৭১-৭৭৯৩, কার্যকরী সদস্য: হারুন চেয়ারম্যান ৯১৭-৪৪৩-৭৮৩৮, জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী ৭১৮-৭৩৭-২৭৪৮, মোঃ সিদ্দিক পাটওয়ারী ৭১৮-২১৯-৭৯৭৭, আবুল কাশেম চৌধুরী ৬৪৬-৫১০-৬২৪৫, মুনসুর আহমেদ ৯১৪-৩০৩-৮৪৬৮ ও হাসান খান ৩১৩-৩২৭-৯৪১৮

প্রচারে: রিজু মোহাম্মদ, প্রচার সম্পাদক

ম্যাগাজিনের প্রচ্ছদে প্রেসিডেন্টের চেয়ারে ইলন মাস্ক!



বাংলা পত্রিকা ডেস্ক: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসনে ইলন মাস্কের ক্ষমতা বৃদ্ধি নিয়ে বিতর্কের মধ্যেই টাইম ম্যাগাজিনের সাম্প্রতিক প্রচ্ছদ নিয়ে তোলপাড় শুরু হয়েছে। ম্যাগাজিনের প্রচ্ছদে ইলন মাস্ককে হোয়াইট হাউসের রেজলুট ডেস্কের পেছনে বসানো হয়েছে। এই প্রচ্ছদ ট্রাম্পকে ক্ষুব্ধ করতে পারে বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকেরা।

প্রকাশিত প্রতিবেদনে বলা হয়েছে, ট্রাম্প প্রশাসনের 'ডিপার্টমেন্ট অব গভর্নমেন্ট ইফিসিয়েন্সি' (ডিওজিই)এর প্রধান হিসেবে মাস্ককে যে নজিরবিহীন ক্ষমতা দেওয়া হয়েছে, তা এখন আদালতে মামলার কারণে কিছুটা ব্যাহত হয়েছে। তবে তাঁর নীতি বাস্তবায়নের ফলে লাখ লাখ সরকারি কর্মী চাকরির অনিশ্চয়তার মধ্যে পড়েছেন।

টাইম ম্যাগাজিনের প্রতিবেদনে সাংবাদিক সাইমন শুস্টার এবং ব্রায়ান বেনেট লিখেছেন, এখন পর্যন্ত মাস্ক শুধু প্রেসিডেন্ট ট্রাম্পের কাছে জবাবদিহি করছেন, যেভাবে ইলন মাস্ক নির্বাচনী প্রচারণায় শীর্ষ তহবিল দাতা। মাস্ককে সরকারি প্রশাসনের সংস্কারের জন্য পূর্ণ স্বাধীনতা দিয়েছেন ট্রাম্প।

তবে হোয়াইট হাউস এ বিষয়ে কোনো মন্তব্য করতে রাজি হয়নি।

টাইম এর প্রচ্ছদে মাস্কের উপস্থিতি ট্রাম্পের জন্য অস্বস্তিকর হতে পারে, কারণ তিনি বরাবরই এই ম্যাগাজিনের কভার পেজকে সম্মানের প্রতীক হিসেবে দেখেন। ২০২৪ সালে 'পারসন অব দ্য ইয়ার' নির্বাচিত হওয়া ট্রাম্প ইতিপূর্বে তাঁর নিজের নামে একটি জাল টাইম ম্যাগাজিনের প্রচ্ছদ বানানোর জন্য সমালোচিত হয়েছিলেন।

প্রেসিডেন্ট ট্রাম্প শুক্রবার হোয়াইট হাউসে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে মজা করে বলেন, 'টাইম ম্যাগাজিনের কি এখনো ব্যবসায় টিকে আছে? আমি জানতাম না!'

টাইম এর কভার কোনো উচ্চপদস্থ প্রশাসনিক ব্যক্তিত্বকে ট্রাম্পের ছায়ার বাইরে আলাদাভাবে উপস্থাপন করার ঘটনা এটিই প্রথম নয়। ২০১৭ সালে ম্যাগাজিনের প্রচ্ছদে তৎকালীন প্রধান কৌশলবিদ স্টিভ ব্যাননকে 'দ্য গ্রেট ম্যানিপুলেটর' হিসেবে দেখানো হয়েছিল। পরবর্তীতে ব্যাননের জনপ্রিয়তা বেড়ে গেলে ট্রাম্পের সঙ্গে তাঁর সম্পর্কের অবনতি ঘটে এবং শেষ পর্যন্ত তাঁকে প্রশাসন থেকে সরিয়ে দেওয়া হয়।

এদিকে, মাস্ক তাঁর নিজস্ব সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম 'এক্স'এ এই বিষয়টি নিয়ে এখনো কোনো মন্তব্য করেননি। তবে রাজনৈতিক বিশ্লেষকদের মতে, যদি ট্রাম্প মনে করেন যে মাস্ক প্রশাসনের ওপর তাঁর প্রভাব ক্ষুণ্ন করছেন, তাহলে তাঁর ভবিষ্যৎও ব্যাননের মতো হতে পারে।

লস অ্যাঞ্জেলেসে অভিবাসী ধরপাকড়ে ব্যাপক অভিযানের পরিকল্পনা!

নথি ফাঁস

বাংলা পত্রিকা রিপোর্ট: ফেব্রুয়ারির শেষের দিকে লস অ্যাঞ্জেলেসে অভিবাসী বিতাড়নে ব্যাপক আকারে ফেডারেল এজেন্টদের অভিযানে বিশেষ পরিকল্পনার নথি ফাঁস হয়েছে। আর এ নথি ফাঁসে ক্ষোভ ও প্রতিক্রিয়া দেখিয়েছেন বর্ডার জার টম হোম্যান।

দ্য টাইমস একটি অভ্যন্তরীণ সরকারী নথি অনুসারে বলেছে, ফেডারেল আইন প্রয়োগকারী এজেন্টরা ফেব্রুয়ারির শেষের দিকে লস অ্যাঞ্জেলেসে একটি "বড় আকারের" পদক্ষেপ নেওয়ার পরিকল্পনা করছে।

লস অ্যাঞ্জেলেস টাইমস তাদের প্রতিবেদনে বলেছে, এই সপ্তাহে কিছু ফেডারেল আইন প্রয়োগকারী কর্মকর্তাদের মধ্যে প্রচারিত নথি অনুসারে ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্টের নেতৃত্বে পরিচালিত হবে এই অপারেশনটি । এ অপারেশনে যুক্তরাষ্ট্রে অবস্থানে যাদের আইনী মর্যাদা নেই ও যাদের ইতিমধ্যে ডিপোর্টেশন অর্ডার রয়েছে এমন লোকদের গ্রেপ্তার করা হবে। এ বিষয়ে লস অ্যাঞ্জেলেস টাইমস ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) এর মন্তব্য জানতে চেয়েছিলো। কিন্তু আইস এ ব্যাপারে মন্তব্যের সাড়া দেয়নি।

একটি ফেডারেল আইন প্রয়োগকারী সূত্রের সাথে থাকা একজন নাম প্রকাশ না করার শর্তে বলেছিলেন, এফবিআই এবং ড্রাগ এনফোর্সমেন্ট অ্যাডমিনিস্ট্রেশনের লস অ্যাঞ্জেলেস ফিল্ড অফিসের এজেন্টদের সাহায্যের জন্য ডাকা হচ্ছে।

ফেডারেল আইন প্রয়োগকারী কর্মকর্তা হুঁশিয়ারি দিয়েছিলেন যে ট্রাম্প প্রশাসনের ক্ষমতায় প্রথম কয়েক সপ্তাহের "বিশৃঙ্খল" প্রকৃতির কারণে এবং আইস-কে সহায়তা করার জন্য প্রয়োজনীয় ও প্রত্যাশিত পরিকল্পনাগুলি পরিবর্তিত হতে পারে।

এফবিআইয়ের মুখপাত্র লরা ইমিলার আসন্ন কোনও বড় আকারের অভিযানের বিষয়ে মন্তব্য করতে অস্বীকার করেছেন। তবে বলেছেন যে সংস্থাটি জানুয়ারির শেষ থেকে অভিবাসন কার্যক্রমে সহায়তা করে আসছে।

ডিইএ এবং মদ, তামাক, আগ্নেয়াস্ত্র এবং বিস্ফোরক ব্যুরো সহ অন্যান্য ফেডারেল সংস্থাগুলি গত মাস থেকে আইস-কে সহায়তা করে আসছে।

ডিইএ গত মাসে এক্স এ পোস্ট করেছে যে তারা অভিবাসী বিতাড়নে অভিযানে সাথে সংযুক্ত একটি অপারেশনে অংশ নিয়েছে।

সংস্থার লস অ্যাঞ্জেলেসের অফিসের নেতৃত্বদানকারী ম্যাথু অ্যালেন এক বিবৃতিতে বলেন, "যখন ফেডারেল অভিবাসন প্রয়োগকারীদের অভিযানে সমর্থন করতে বলা হয়, তখন আমরা সহায়তা প্রদানের জন্য প্রয়োজনীয় সক্ষমতা এবং স্থানান্তর সংস্থানগুলি পর্যালোচনা করব।"

এটিএফের মুখপাত্র জিঞ্জার কলব্রুন শুক্রবার এক ইমেইলে বলেছেন যে সংস্থাটি ২৬ জানুয়ারী থেকে দক্ষিণ ক্যালিফোর্নিয়ায় অভিবাসন প্রয়োগের প্রচেষ্টায় হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ এবং অন্যান্য ফেডারেল আইন প্রয়োগকারী অংশীদারদের সহায়তা করছে।

কলব্রুন বলেন, "অপারেশনাল নিরাপত্তা এবং আমাদের এজেন্ট ও অংশীদারদের নিরাপত্তা নিশ্চিত করতে এটিএফ প্রয়োগকারী কার্যক্রমের বিবরণ প্রকাশ করে না।"

ট্রাম্পের "বর্ডার জার" টম হোম্যান এই সপ্তাহে কলোরাডোর অরোরায় একটি অভিবাসন অভিযানের তথ্য ফাঁসের জন্য গ্যাং সদস্য ও অপরাধীদের গ্রেপ্তারের সংখ্য কাঙ্খিত হয়নি বলে অভিযোগ করেছেন।

হোম্যান ফক্স নিউজকে বলেন, "এটি কোনও খেলা নয়। এই ধরনের হস্তক্ষেপ ও অভিযানের নথির তথ্য ফাঁস অভিযানে অংশ নেয়া কর্মকর্তাদের বড় ঝুঁকির মধ্যে ফেলে।"



জো বাইডেনের

(১ম পৃষ্ঠার পর)

বাইডেনকে আর অফিশিয়াল গোয়েন্দা তথ্য দেওয়া হবে না বলে জানিয়েছেন ট্রাম্প।

চার বছর আগে ট্রাম্প সাবেক হয়ে যাওয়ার পর একই ভাবে নিরাপত্তা ও গোয়েন্দা তথ্য শেয়ারের প্রথা প্রত্যাহার করেছিলেন জো বাইডেন প্রশাসন।

ডোনাল্ড ট্রাম্প তাঁর সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথএ একটি পোস্টে লিখেছেন, 'জো বাইডেনের গোপন তথ্য পাওয়ার অধিকার দেওয়া হয়েছিল, সেটি আর চালিয়ে যাওয়ার কোনো প্রয়োজন নেই।' সেই সঙ্গে আগে এক টিভি সাক্ষাৎকারে দেওয়া, 'জো, তুমি বরখাস্ত' উক্তিটি আবার লিখেছেন তিনি।

ইতিমধ্যে ২০২০ সালের নির্বাচনে বাইডেনের পক্ষে প্রভাব বিস্তার করা এমন ৪০ জনেরও বেশি গোয়েন্দা কর্মকর্তার নিরাপত্তা ব্যবস্থা বাতিল করেছেন ট্রাম্প।

শুক্রবার সন্ধ্যায় ট্রাম্প পোস্টে লিখেছেন, ২০২১ সালে ৪৫ তম মার্কিন প্রেসিডেন্টের (ডোনাল্ড ট্রাম্প) ওপর থেকে জাতীয় নিরাপত্তা সম্পর্কিত গোয়েন্দা তথ্য পাওয়ার অধিকার কেড়ে নেওয়ার দৃষ্টান্ত স্থাপন করেছিলেন জো বাইডেন।

গত ২০ জানুয়ারি ৪৭ তম প্রেসিডেন্ট হিসেবে শপথ নেন ডোনাল্ড ট্রাম্প। দায়িত্ব গ্রহণের প্রথম দিনেই রেকর্ডসংখ্যক নির্বাহী আদেশে সই করেন তিনি। ব্যাপক পরিবর্তন এনেছেন প্রশাসনে, যুক্তরাষ্ট্রকে প্রত্যাহার করে নিয়েছেন বিভিন্ন চুক্তি ও সংস্থা থেকে। বাইডেন প্রশাসনের ৭৮টি আদেশ বাতিল করেছেন ট্রাম্প। দ্বিতীয় মেয়াদে প্রেসিডেন্ট হওয়ার লড়াইয়ের শুরু থেকেই ট্রাম্প অনেকবার বলেছিলেন, ক্ষমতায় এলে আমেরিকার প্রশাসন পাল্টে দেবেন।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইসেন্স পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)
আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
■ Road Lesson Local & H.Way
■ Road Test Appointment
■ Car for Road Test
■ 5 Hours Class Certificate (Zoom Class)
■ 6 Hours DDC Class
■ Good For TLC, Insurance & Point Redaction.
(Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ ২টি লেসন একসাথে
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!
৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।
প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান
বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩
যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান
আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই
Website. www.populardrivingschoolny.com
POPULAR DRIVING SCHOOL INC.
Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453
Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St, City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.
আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)
❑ আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
❑ আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
❑ পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
❑ পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
❑ আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।
ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি
37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

নিউইয়র্কে প্যাট্রিয়টস অব বাংলাদেশ'র সমাবেশ

তৌহিদ হত্যার সাথে যুক্ত সেনা কর্মকর্তাদের দ্রুত গ্রেফতার করে বিচার দাবী





বিশেষ প্রতিনিধি: সেনাবাহিনীর কাজ দেশরক্ষা করা। জনগনকে তুলে নিয়ে নির্যাতন করে মেরে ফেলা সেনাবাহিনীর কাজ হতে পারেনা, অতি সম্প্রতি বাংলাদেশে সেনাবাহিনীর হাতে নির্যাতিত বিএনপি নেতা তৌহিদুল ইসলামকে হত্যার প্রতিবাদে এক প্রতিবাদ সভায় বক্তারা এ কথা বলেন। তারা আরও বলেন কেউই আইনের উর্ধ্বে নয়। অপরাধী যেই হোক তাকে শাস্তি পেতে হবে। আমরা দেশে আইনের শাসন চাই। নিজের হাতে আইন তুলে নেওয়ার অধিকার কারও নেই। সভায় বক্তারা তৌহিদুলের হত্যার সাথে জড়িত সেনা কর্মকর্তাদের দ্রুত গ্রেফতার ও বিচার দাবী জানান।

নিউইয়র্কের প্রবাসী বাংলাদেশীদের সংগঠন প্যাট্রিয়টস অব বাংলাদেশ নিউইয়র্কে বাংলাদেশ কনসুলেটের সামনে তৌহিদুল হত্যার দ্রুত বিচারের দাবীতে বৃহস্পতিবার (৬ ফেব্রুয়ারী) এক মানব বন্ধনের আয়োজন করে। এ ব্যাপারে সংগঠনের কর্মকর্তাবৃন্দ বাংলাদেশ কনসুলেটে একটি স্মারকলিপি হস্তান্তর করেন। কনসুলেটের পক্ষে কনসাল জেনারেল নাজমুল হুদা স্মারকলিপি গ্রহন করেন এবং এটি যথাযথ কতৃপক্ষের কাছে পৌছে দেবেন বলে জানান।

প্যাট্রিয়টস অব বাংলাদেশ'র প্রধান সমন্বয়কারী আবদুল কাদের বলেন, যেভাবে আমাদের ভাই তৌহিদুল ইসলামকে হত্যা করা হয়েছে আমরা তার নিন্দা জানাই। আমরা অবিলম্বে দোষী সেনা কর্মকর্তাদের গ্রেফতার ও বিচার দাবী করছি। তিনি বলেন, এতে সেনাবাহিনী ছাড়া যদি প্রশাসনের অন্য কেউ জড়িত থাকে তাহলে আমরা তাদেরও বিচার চাই। আমাদের এই বিপ্লবের ফল যাতে কোন ভাবে নস্ট না হয় এদিকে ইউনুস স্যার খেয়াল রাখবেন বলে আমরা আশা করি।

প্যাট্রিয়টস অব বাংলাদেশের সদস্য দেলোয়ার শিপন বলেন, বর্তমান সরকার ও আওয়ামী লীগ সরকারের সময়ের মধ্যে আমরা কোন পার্থক্য দেখছি না। সেনাবাহিনী যে তৌহিদকে হত্যা করেছে আমরা এর বিচার চাই।

ব্রঙ্কস নিবাসী কাজী এমদাদুল হক বলেন, আমরা কখনও আশা করিনি যে এই সরকারের সময় এমন ঘটনা ঘটতে পারে।

বাংলাদেশী ছাত্র হাসান সিদ্দিক বলেন, আমরা দুঃখের সাথে লক্ষ্য করছি যে ফ্যাসিবাদের পতন হলেও সেনাবাহিনী দায়িত্বহীনতার পরিচয় দিচ্ছে। এ ধরনের হত্যাকান্ড কোনভাবে গ্রহনযোগ্য নয়। আমরা আশা করছি সরকার দ্রুততম সময়ের মধ্যে সঠিক তদন্তের মাধ্যমে অপরাধীদের বিচার নিশ্চিত করবে। তিনি বলেন, আমরা বিচার বহির্ভুত সব হত্যাকান্ডের বিচার চাই। সরকার বিচার না করলে আমরা বৃহত্তর আন্দোলনে যাব।

সাংবাদিক চৌধুরী মোহাম্মদ কাজল বলেন, কেউ আইনের উর্ধ্বে নয়। অপরাধী যেই হোক তাকে সাজা পেতে হবে। আমরা দেশে আইনের শাসন চাই। তিনি বলেন কোন ভাবেই যাতে কারো মানবাধিকার লঙ্ঘন না হয় সরকারকে সেদিকে লক্ষ্য রাখতে হবে। আমাদের সেনাবাহিনীকে আরও সংযত হতে হবে ও জনগনের প্রতি শ্রদ্ধাশীল হতে হবে।



QIRAT COMPETITION 2025

Light Of The Quran



আসন্ন মাহে রমজান উপলক্ষে
প্রতি বছরের ন্যায় এবারো
টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা যৌথভাবে আয়োজন
করতে যাচ্ছে মাসব্যাপী ক্বিরাত কমপিটিশন

"লাইট অব দ্য কোরআন"

এ প্রতিযোগিতায় অংশ নিতে উত্তর আমেরিকায় বসবাসরত আগ্রহী গ্রেড ওয়ান থেকে গ্রেড টুয়েলভ পর্যন্ত শিক্ষার্থীরা অংশ নিতে পারবেন। আগ্রহীরা শিক্ষার্থীর নাম, ঠিকানা, মোবাইল নাম্বার ও স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের নাম আমাদের ঠিকানায় পাঠিয়ে দিন।

TiME Television

আবেদন পাঠানোর শেষ তারিখ: ১৪ ফেব্রুয়ারি ২০২৫

যোগাযোগের ঠিকানা: টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা

36-50, 38th STREET, LONG ISLAND CITY

Phone: 718-753-0086 & 718-482-9923

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DFBI KJ, DFS MI, DBBF GA, OCFR MO AND FLOFR FL
NMLS NO. 1998789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-8790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেট ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

GLOBAL MULTI SERVICES, INC



তারেক হাসান খান, সিইও

অভিজ্ঞ ট্যাক্স প্রিপারেটরের মাধ্যমে
ট্যাক্স এনালাইসিস ও ফাইলিং করা হয়

- INCOME TAX
- IMMIGRATION
- ACCOUNTING
- TAX AUDIT
- BUSINESS SETUP
- TRAVELS



37-18, 74th Street, Suite#202, Jackson Heights, NY 11372
Ph: (718) 205-2360, Fax: (718) 799-5864, Email: globalmsinc@yahoo.com

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে

প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে



আমাদের কাছে পাবেন

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

SEEMA GULIANI, ESQ / ATTORNY AT LAW

LAW OFFICE OF SEEMA GULIANI

BY APPOINTMENT ONLY

☎ 212-691-4343

Em@il *seemagulianiesq@gmail.com*

198-42 FOOTHILL AVE. HOLLIS NY. 11423

WE SPECIALIZE IN

- VAWA
- ASYLUM
- NVC PROCESS
- NATURALIZATION
- TOURIST VISAS (B1/B2)
- RELIGIOUS WORKER
- UNCONTESTED DIVORCES
- FAMILY BASED PETITIONS
- FIANCE/MARRAIGE VISAS
- LEGAL PERMANENT RESIDENCY
- EMPLOYMENT BASED VISAS

(H-1B. PERM, I-140. EB1, EB2, EB3

২৯-৩১ আগষ্টের

(শেষ পৃষ্ঠার পর)

তুলে ধরা হয়। খবর ইউএনএ'র।

সংবাদ সম্মেলনে জানানো হয়, মন্ট্রিয়লের ডাউন টাউনের সেন্টার ল্য প্লাজা হোটেলে (সাবেক হোটেল ডেল্টা) তিন দিনব্যাপী ফোবানা সম্মেলন অনুষ্ঠিত হবে। সম্মেলনের কর্মকান্ডের মধ্যে থাকবে, উদ্বোধনী অনুষ্ঠান, গালা নাইট, বিভিন্ন বিষয়ে সেমিনার, ইয়ুথ সেমিনার, কাব্য জলসা, এজিএম ও সাংস্কৃতিক অনুষ্ঠান। সংবাদ সম্মেলনে ফোবানা'র চেয়ারম্যান আতিকুর রহমান, এক্সিকিউটিভ সেক্রেটারী রহিম নেহাল, এক্সিকিউটিভ জয়েন্ট সেক্রেটারী অমিনুল জিলানী কলিন্স, কনভেনর জিয়াউল হক জিয়া, মেম্বার সেক্রেটারী ইকবাল কবীর, স্বাগতিক সংগঠনের উপদেষ্টা কামাল চৌধুরী, ট্রেজারার বজলুর রশীদ ব্যাপারী, সাবেক চেয়ারম্যান বেদারুল ইসলাম বাদলা ও জাকারিয়া চৌধুরী, আব্দুল কাদের শাহীন প্রমুখ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে কনভেনর জিয়াউল হক জিয়া বলেন, প্রায় দুই যুগ পরে নর্থ আমেরিকার বাংলাদেশীরা মন্ট্রিয়লের ডাউন টাউনেই শুধু নয় মন্ট্রিয়লের শিক্ষা, সংস্কৃতি, বিনোদন, ইতিহাস ও ঐতিহ্যের কেন্দ্রবিন্দু ওল্ড মন্ট্রিয়ল, মিউজিয়াম আন্ডারগ্রাউন্ড গ্রান্ড শপিং মল, ট্যুরিস্ট ডে ট্যুর, সকল স্যাটেলাইট সিটির সাথে সংযোগ হাইওয়ে, রেষ্টুরেন্ট, হোটেল এক কথায় সম্পূর্ণ মন্ট্রিয়ল দেখার এবং জানার সুযোগ থাকবে। তিন দিনব্যাপী সম্মেলনে প্রথম দিন উদ্বোধনী অনুষ্ঠান ও গালা নাইট, দ্বিতীয় দিন থাকবে বিজনেস ডেভেলপমেন্ট সেমিনার, ওইমেন এমপাওয়ারমেন্ট সেমিনার, ইমিগ্রেশন ও নাগরিক সচেতনতা শীর্ষক সেমিনার, প্রবাসে বাংলা সংস্কৃতির বিকাল, ইয়ুথ সেমিনার ও কাব্য জলসা। থাকছে উত্তর আমেরিকার আমাদের নতুন প্রজন্মের এবং বাংলাদেশ থেকে আগত গুণী শিল্পী ও কলাকুশলীদের পরিবেশনায়, সঙ্গীত, নৃত্য, আবৃত্তি, গীতি আলেখ্য সহ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। তৃতীয় দিন থাকবে ইসি মিটিং, ইজএম, দেশ ও প্রবাসের জনপ্রিয় শিল্পীদের অংশগ্রহণে সাংস্কৃতিক পর্ব ও সমাপনী অনুষ্ঠান। আমরা বাংলাদেশ থেকে স্বনামধন্য ব্যক্তিত্ব ও শিল্পী উপহার দেবো। প্রফেসর আব্দুল্লাহ আবু সাঈদ আসতে সম্মত হয়েছেন। শারীরিক সুস্থতা থাকলে তিনি আসবেন।

সংবাদ সম্মেলনে ফোবানা নেতৃবৃন্দ ৩৯তম মন্টিয়ল সম্মেলন সফল করার জন্য মিডিয়াসহ সকল প্রবাসীর সার্বিক সহযোগিতা কামনা করেন।

ডজনাখানেক

(শেষ পৃষ্ঠার পর)

ফোর্ট ব্লিস ছেড়ে যায়। তাদের ইতিমধ্যে সেখানে থাকা ১৫ জন বন্দীদের থেকে আলাদা করা হবে। যাদের মধ্যে খালিদ শেখ মোহাম্মদ সহ অভিযুক্ত ৯/১১ পরিকল্পনাকারী রয়েছে।

গত সপ্তাহে অভিবাসীদের সেখানে পাঠানোর বিষয়ে ট্রাম্প বলেন, "তাদের মধ্যে কিছু লোক এতটাই খারাপ, আমরা তাদের দেশও তাদের ধরে রাখার কথা বিশ্বাস করি না কারণ আমরা চাই না তারা ফিরে আসুক। "আমরা তাদের গুয়ানতানামো বে'তে পাঠাতে যাচ্ছি।"

ইউএস সাউদার্ন কমান্ড মঙ্গলবার জানিয়েছে, যোগ করে যে পরিষেবা সদস্যদের সংখ্যা ডিএইচএস প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে ওঠানামা অব্যাহত রাখবে।

ট্রাম্প প্রশাসন গুয়ান্তানামো বে কারাগারটি সম্প্রসারণের জন্য কত খরচ হবে তা জানায়নি, যা ২০০১ সালের ১১ই সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রে হামলার পর বিদেশী জঙ্গিদের আটক করার জন্য ২০০২ সালে প্রতিষ্ঠিত হয়েছিল।

ফরিদপুর জেলা

(শেষ পৃষ্ঠার পর)

ত্বহা, মোহাম্মদ জাকির সিকদার, মোহাম্মদ রফিকুল ইসলাম ও কাজি মেহেদি হাসান। যুগ্ম সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হন যথাক্রমে খান নাজমুল হাসান, মোহাম্মদ খায়রুজ্জামান, মোহাম্মদ নজরুল ইসলাম, মোহাম্মদ জিয়াউর রহমান, শিহান রেজা, লিয়াকত আলী শরীফ ও মোহাম্মদ মিজানুর রহমান। সাংগঠনিক সম্পাদক হিসেবে সেলিম আল মামুন এবং সহ সাংগঠনিক সম্পাদক হিসেবে মোহাম্মদ সুমন মিয়া নির্বাচিত হন। দফতর সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন মোহাম্মদ ফজলে হোসেন। আইন ও নিরাপত্তা বিষয়ক সম্পাদক মোহাম্মদ মাসুদ রানা, কোষাধ্যক্ষ এসকে হিরু, সহকোষাধ্যক্ষ মুকুল হাসান, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক শিমুল সিং রয়, প্রচার ও যোগাযোগ বিষয়ক সম্পাদক মোহাম্মদ রিদয় মিয়া, ক্রিড়া সম্পাদক মোহাম্মদ আকাশ ইসলাম, সহ ক্রীড়া সম্পাদক শুভ সাহা, নারী ও শিশুবিষয়ক সম্পাদক সাজেদা করিম এবং সহযোগী নারী ও শিশুবিষয়ক বিষয়ক রিক্তা সিকদার, সমাজকল্যাণ সম্পাদক নাজমুল হাসান সোহাগ এবং ধর্মবিষয়ক সম্পাদক মোহাম্মদ মোস্তাফিজুর রহমান নির্বাচিত হয়েছেন। কার্যকরী সদস্য হিসেবে নির্বাচিত হয়েছেন যথাক্রমে কাজী ফকরুল হাসান, মোহাম্মদ আবুল বাশার মিয়া, মোহাম্মদ জাকির হোসেন, পিযুষ কুমার মিত্র, মোহাম্মদ আক্তার মাতুব্বর, মোহাম্মদ মোস্তফা কামাল, হাবিবুর রহমান ও মোহাম্মদ রেজাওয়ান সিদ্দিকী। খুব শিগগীরই একটি অভিষেক অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে নব নির্বাচিত কমিটিকে পরিচয় করিয়ে দেওয়া হবে। --প্রেস বিজ্ঞপ্তি

অস্থির সময়,

(৩য় পৃষ্ঠার পর)

চেষ্টা করা হলে দায়ী ব্যক্তি ও গোষ্ঠীর বিরুদ্ধে আইন- শৃঙ্খলা বাহিনী তাৎক্ষণিকভাবে কঠোর ব্যবস্থা নেবে এবং দোষীদের বিচারের মুখোমুখি দাঁড় করাবে। পুরো পরিস্থিতিতে জনগণকে শান্ত থাকার আহ্বান জানিয়ে ফেসবুকে দু'টি পোস্ট করেছেন উপদেষ্টা মাহফুজ আলম। সর্বশেষ পোস্টে তিনি বলেছেন, শান্ত হোন। সরকারকে কাজ করতে দিন।

এ পর্বের অবনতিশীল পরিস্থিতির শুরুটা অবশ্য বুধবার। গণ-অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত শেখ হাসিনা ফেসবুক লাইভে বক্তব্য দিবেন- এমন খবর চাউর হওয়ার পর থেকেই ছাত্র- জনতার মধ্যে উত্তেজনা তৈরি হয়। ফেসবুক-ইউটিউবে একদল ব্যক্তি হাসিনার বক্তব্যের পাল্টা প্রতিক্রিয়া হিসেবে ধানমণ্ডির ৩২ নম্বর বাড়িতে হামলার ডাক দেন। তবে উত্তেজিত জনতার হামলা-ভাঙচুর কেবল এখানেই থেমে থাকেনি। সুধাসদনসহ হামলা হয়েছে জেলায় জেলায়। আক্রান্ত হয়েছে আওয়ামী লীগ নেতাদের বাড়িঘর। এসব নেতারা অবশ্য বাড়িতে ছিলেন না।

সরকারের পক্ষ থেকে বলা হয়েছে, সরকার ভাঙচুর ও অগ্নিসংযোগের মতো কর্মকাণ্ড প্রতিহত করবে। কিন্তু দৃশ্যত সরকার এসব বন্ধে তেমন কোনো পদক্ষেপ নেয়নি। কোথাও আইনশৃঙ্খলা বাহিনীকে কোনো ধরনের ব্যবস্থা নিতে দেখা যায়নি। তবে সর্বশেষ ছাত্র আন্দোলনের নেতারাসহ আন্দোলনের বিভিন্ন পক্ষ সবাইকে শান্ত থাকার আহ্বান জানাচ্ছে। উস্কানি দেয়ার ক্ষেত্রে তৃতীয় কোনো পক্ষ জড়িত কি-না সে প্রশ্নও উঠছে।

বিশ্লেষকরা বলছেন, এটা সত্য যে, আওয়ামী লীগের বহু নেতাই মানবতাবিরোধী অপরাধে জড়িত এবং তাদের মধ্যে কোনো অনুশোচনা নেই। তাদের বিচার শুরু হয়নি। অনেককে কাঠগড়ায়ও তোলা যায়নি। এই পরিস্থিতিতে ক্ষোভ থাকা অস্বাভাবিক নয়। কিন্তু আইনের শাসনে আদালত ছাড়া আর কোথাও তো এসব ইস্যুর সুরাহার সুযোগ নেই। বরং বুলডোজারের ব্যবহার এবং মব অন্য কোনো পক্ষের জন্যই সুবিধা তৈরি করতে পারে।

পরিস্থিতি নিয়ন্ত্রণে সক্ষমতা প্রকাশ করতে না পারলে স্থিতিশীলতা হুমকির মুখে পড়বে: বিএনপি দেশের চলমান পরিস্থিতিতে বিবৃতি দিয়েছে বিএনপি। দলটি বলছে, সরকার উদ্ভূত পরিস্থিতি নিয়ন্ত্রণে সক্ষমতা প্রকাশ করতে না পারলে রাষ্ট্র ও সরকারের স্থিতিশীলতা হুমকির মুখে পড়বে। এই পরিস্থিতিতে উগ্র নৈরাজ্যবাদী গণতন্ত্রবিরোধী দেশি-বিদেশি অপশক্তির পাশাপাশি পরাজিত ফ্যাসিস্টদের পুনরুত্থানের সম্ভাবনা দেখা দিতে পারে বলে মনে করছে বিএনপি। যার উপসর্গ ইতিমধ্যেই দৃশ্যমান বলেও দাবি করেছে দলটি। বৃহস্পতিবার দিবাগত রাতে বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী স্বাক্ষরিত এক বিবৃতিতে এসব কথা বলা হয়। বিএনপি বলছে, আমরা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি হাজারো শহীদের আত্মত্যাগের মধ্যদিয়ে বিতাড়িত পতিত পরাজিত পলাতক স্বৈরাচার এবং তার দোসরদের উস্কানিমূলক আচরণ, জুলাই-আগস্টের রক্তক্ষয়ী ছাত্র গণ-অভ্যুত্থান সম্পর্কে অশালীন এবং আপত্তিকর বক্তব্য, মন্তব্য দেশের জনগণের মধ্যে তীব্র ক্ষোভ ও ক্রোধের জন্ম দিয়েছে। এরই ফলশ্রুতিতে বুধবার ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে পতিত স্বৈরাচারের স্মৃতি, মূর্তি, স্থাপনা ও নামফলকসমূহ ভেঙে ফেলার মতো জনস্পৃহা দৃশ্যমান হয়েছে। এতে বলা হয়, বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার গত ৬ মাসেও পলাতক স্বৈরাচার এবং তাদের দোসরদেরকে আইনের আওতায় আনতে যথেষ্ট কার্যকর পদক্ষেপ জনসম্মুখে দৃশ্যমান করতে সফল হয়নি বলে জনমনে প্রতিভাত হয়েছে। ফলে জনগণ আইন নিজের হাতে তুলে নেয়ার মতো বেআইনি কর্মকাণ্ডে উৎসাহিত হচ্ছে। একটি সরকার বহাল থাকা অবস্থায় জনগণ এভাবে নিজের হাতে আইন তুলে নিলে দেশে-বিদেশে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন হতে পারে। অথচ জুলাই ছাত্র গণ-অভ্যুত্থানের আকাঙ্ক্ষা অনুযায়ী জনগণের প্রত্যাশা ছিল দেশে আইনের শাসন পুনঃপ্রতিষ্ঠিত হবে, যা বর্তমান সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার হওয়া বাঞ্ছনীয় ছিল। বর্তমানে দেশে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ নানান ধরনের দাবি-দাওয়া নিয়ে যখন তখন সড়কে 'মব কালচারের' মাধ্যমে জনদুর্ভোগের সৃষ্টি করছে, যা সরকার যথাযথ পদক্ষেপ গ্রহণে মুন্সিয়ানা দেখাতে ব্যর্থ হচ্ছে। বিবৃতিতে বলা হয়, জুলাই-আগস্টের ছাত্র গণ-অভ্যুত্থানের শহীদ পরিবারদের রাষ্ট্রীয় সহযোগিতা এবং আহতদের যথাযথ চিকিৎসা ও পুনর্বাসন, নিন্দিত ঘৃণিত পলাতক স্বৈরাচার এবং তার দোসরদের দ্রুত বিচার নিশ্চিত করা, পরাজিত ফ্যাসিস্টদের উস্কানিমূলক তৎপরতা রোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ অতি জরুরি অগ্রাধিকার, অথচ এসব বিষয়ে দৃশ্যমান ও উল্লেখযোগ্য অগ্রগতি নেই। এখনো প্রশাসনকে পতিত ফ্যাসিস্ট শাসকের দোসরমুক্ত করা হয়নি, বিচার বিভাগে কর্মরত ফ্যাসিবাদের দোসররা এখনো বিদ্যমান, পুলিশ প্রশাসনে গণ-অভ্যুত্থানবিরোধী সক্রিয় সদস্যরা এখনো কর্মরত। এমতাবস্থায় সরকার জনআকাঙ্ক্ষা পূরণে সফলতা অর্জন করতে পারবে কি-না তা যথেষ্ট সন্দেহের উদ্রেক করে।

উপদেষ্টা মাহফুজ আলম ফেসবুকে এক পোস্টে লিখেছেন, শান্ত হোন। সরকারকে কাজ করতে দিন। বিচার ও সংস্কার হবেই। আমি জানি এ উত্তপ্ত মৌসুমে কেউ থামতে বলবে না আপনাদের। কিন্তু, আপনারা গালি দিলেও বলবো, থামুন। জনগণ এবার রাজনৈতিকভাবে শিক্ষিত হওয়ার সুযোগ পেয়েছে। এখন গঠনমূলক রাজনীতির সময়। উত্তম বিকল্প দেখানোর সময়। প্রতিরোধের প্রয়োজনেই দরকার নিজেদেরকে প্রশিক্ষিত, প্রাজ্ঞ ও স্থির করে তোলা।

এটা দীর্ঘমেয়াদি লড়াই। প্রস্তুতি নিন, হঠকারিতা করবেন না। অভ্যুত্থানের ফসল নষ্ট করবেন না। শত্রুরা আপনাদের যেভাবে দেখতে ও দেখাতে চায়, সে পথে না যাওয়াই এদেশের জন্য ভালো। হাসিনার দিয়ে যাওয়া ট্রমা যেন আপনাদের উপর ছায়া না ফেলে। আমরা একটা নতুন সমাজ ও রাষ্ট্র গড়বোই। দীর্ঘপথ, কিন্তু আমাদের জাতির সামনে আর কোনো বিকল্প নাই।

ওদিকে, মবোক্রেসি দেশকে অস্থিতিশীল অবস্থায় নিয়ে যেতে পারে বলে মন্তব্য করেছেন ইসলামী বক্তা মিজানুর রহমান আজহারী। এক ফেসবুক পোস্টে তিনি লিখেছেন, 'মবোক্রেসি দেশকে অস্থিতিশীল অবস্থায় নিয়ে যেতে পারে। এখানেই থেমে যাওয়া উচিত।' মাওলানা মামুনুল হক এক বিবৃতিতে বলেছেন, ফ্যাসিবাদ বিরোধী আন্দোলন, অভ্যুত্থান ও পরবর্তী সংগ্রামে বাংলাদেশের সর্বস্তরের জনতার অভূতপূর্ব অংশগ্রহণ এক নতুন ইতিহাস সৃষ্টি করেছে। ফ্যাসিবাদের প্রতিটি স্মৃতিচিহ্ন ও প্রতীকের বিরুদ্ধে দেশপ্রেমিক তরুণ প্রজন্মের মহাজাগরণ এক অবিস্মরণীয় বাংলাদেশের অভ্যুদয় ঘটিয়েছে। আগামীতে ফ্যাসিবাদমুক্ত দেশপ্রেমিক জনতার কাঙ্ক্ষিত বাংলাদেশ দেখার প্রতীক্ষায় আছি আমরা সবাই। দেশবিরোধী অপশক্তি, তার দোসর ও পরিকল্পনাকারীরা বসে নেই উল্লেখ করে আরও বলা হয়, জনতার জাগরণের মোড় ঘুরিয়ে দিতে পারে যেকোনো মুহূর্তে। ইতিমধ্যে চিন্তাশীল মানুষের কপালে দুশ্চিন্তার ভাঁজ পড়তে শুরু করেছে। আশঙ্কা হচ্ছে-চলমান আন্দোলনকে সহিংসতায় রূপ দিয়ে ব্যাপক ধ্বংসাত্মক কার্যকলাপ পরিচালনা করা হতে পারে। সেক্ষেত্রে দেশে-বিদেশে ভয়ঙ্কর চাপের মুখে পড়বে বাংলাদেশ।

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.
917-282-9256
Email: moinlaw@gmail.com
Moin Choudhury, Esq
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(ফোস অফিস ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Timothy Bompart
Attorney at Law
Moin Choudhury
Attorney at Law
Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

প্যাটারসনে আল্লামা হাবিবুর রহমানের ঈসালে সাওয়াব মাহফিল





নিউজার্সির প্যাটারসন শহরে অবস্থিত শাহজালাল-লাতিফিয়া মাদরাসায় আল্লামা ফুলতলী ছাহেব কিবলাহ (রহঃ) এর অন্যতম খলিফা শায়খুল হাদিস আল্লামা হাবিবুর রহমান সাহেবের ৩য় বার্ষিক ঈসালে মাহফিল ৯ ফেব্রুয়ারি রবিবার অনুষ্ঠিত হয়েছে মাহফিলে সভাপতিত্ব করেন মাদরাসা পরিচালনা কমিটির সভাপতি সৈয়দ জুবায়ের আলী। আল্লামা হাবিবুর রহমানের জীবনকর্মের উপর আলোচনা করেন মাদরাসার প্রিন্সিপাল মাওলানা আব্দুন নুর, মসজিদ আল-ফেরদৌসের খতিব হাফেজ মাওলানা আব্দুল কুদ্দুছ মঞ্জলালী, মাদরাসার শিক্ষক হাফেজ আলা উদ্দিন, মাওলানা ফয়সাল আহমেদ, ক্বারী মাহতাব আহমেদ। মাহফিল পরিচালনা করেন মাদরাসার শিক্ষক হাফেজ মাওলানা আব্দুল্লাহ আল হামিদ ও মিলাদ পাঠ করেন হাফেজ সৈয়দ খুবায়েব আলী, মোনাজাত করেন মাওলানা মোঃ আব্দুন নুর। তবারক বিতরণের মধ্য দিয়ে মাহফিলের সমাপ্তি হয় ।






Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

নিরবেই দেশে চলে

(১ম পৃষ্ঠার পর)

ফেরার পথে রোববার (৯ ফেব্রুয়ারী) তার ফেসবুক পেইজে ঢাকাস্থ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তার দেখা হওয়ার ছবি পোস্ট করে লিখেছেন- 'প্রিয় আলম ভাই ৩০ বছর পর স্বদেশের উদ্দেশ্যে নিউ ইয়র্ক ছেড়েছেন এটা সবাই জানেন। মজার বেপার হলো এমিরেটস এর যে ফ্লাইট এ উনি ঢাকা এসেছেন তার ফিরতি ফ্লাইট এ আমরা নিউইয়র্ক যাচ্ছি। গ্লাস এর এপার থেকে ওনাকে দেখে হাত তুলতেই উনিও আবেগ আপ্লুত হয়ে সারা দেন। গ্লাস এর দুই পারে থেকে কুশল বিনিময় ও সেলফি। ভালো থাকবেন আলম ভাই স্বদেশে। আপনাকে অনেক মিস করবো।'

জানা যায়, দীর্ঘ প্রায় তিন দশক ধরে নিউইয়র্ক প্রবাসী আলমগীর খান আলম। তরুণ বয়সে পড়ালেখার জন্য যুক্তরাষ্ট্রে এসেছিলেন। স্থানীয় একটি কমিউনিটি কলেজেও পড়াশুনা করেছেন। তার ফেসবুক পেইজে দখা যায় তিনি সিটি কলেজ, ঢাকা ও দ্য সিটি ইউনিভার্সিটি অব নিউইয়র্কে পড়াশুনা করেছেন। সর্বশেষ ৩০ জানুয়ারী তিনি তার ফেসবুকে বিশিষ্ট ব্যবসায়ী ও সাপ্তাহিক আজকাল সম্পাদক শাহ নেওয়াজ-এর জন্মদিনের অনুষ্ঠানের ছবি পোষ্ট করেছেন। কিন্তু কাউকে না জানিয়ে আকস্মিকভাবে তার চলে নানা প্রশ্নের জন্ম দিয়েছে। কমিউনিটির নানানজন নানান কথা বলছেন। আর এমন এক সময়ে তিনি চলে গেলেন যখন প্রেসিডেন্ট ট্রাম্পের গণ ডিপোর্ট কর্মসূচী চলছে।

যুক্তরাষ্ট্রে 'ঢালিউড ফিল্ম এন্ড মিউজিক অ্যাওয়ার্ড' ও 'এনআরবি অ্যাওয়ার্ড'র অনুষ্ঠান চালু করে আলমগীর খান আলম কমিউনিটিতে ব্যাপক পরিচিতি লাভ করেন। আর এই অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠান ঘিরে বাংলাদেশর সিনেমা ও নাট্যজগতের বহু অভিনেতা, অভিনেত্রী, গায়ক, গায়িকা তার অনুষ্ঠানে আমন্ত্রিত হয়েছিলেন। আমন্ত্রিত হয়েছিলেন বলিউড ও কলকাতার নায়ক-নায়িকা ও গায়ক-গায়কীরাও। বিশেষ করেন বাংলাদেশের সঙ্গীত জগতের দুই জীবন্ত কিংবদন্তী ও জনপ্রিয় শিল্পী রুনা লায়লা ও সাবিনা ইয়াসমীনকে নিয়ে একত্রে এক মঞ্চে গানের অনুষ্ঠান আয়োজন ছিলো একজন প্রমোটার হিসেবে তার জীবনের সেরা আয়োজন।

প্রায় তিন দশক ধরে আলমের প্রবাস জীবনের সময়ে অসংখ্য মানুষের সাথে তার বন্ধুত্ব গড়ে উঠে। তার অকস্মিক চলে যাওয়ায় তারা সবাই আলমের জন্য মনোকষ্টে ভূগছেন। কিছুদিন আগে তিনি মস্তিস্কে রক্তক্ষরণজনিত কারণে অসুস্থ হয়ে কয়েকদিন হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। তখন থেকেই তিনি বাংলাদেশে ফিরে যাবার কথা ভাবছিলেন বলে তার এক ঘনিষ্টজন জানান।

জানা গেছে, শনিবার এমিরেটস এয়ারলাইন্সের সকাল সাড়ে ১১টার একটি ফ্লাইটে ঢাকার উদ্দেশ্যে জন এফ কেনেডী আন্তর্জতিক বিমানবন্দর ত্যাগ করেন আলমগীর খান আলম। এসময় কোন এক বাংলাদেশী তাকে দেখে তার বন্ধু-বান্ধবদের জানালে খবরটি কমিউনিটিতে ঢাউর হয়ে যায়। চলতে থাকে সঠিক সন্ধানের। নিউইয়র্কের বাংলাদেশী অধ্যুষিত এলাকার হোটেল-রেস্তোরায় দিনভর চলতে থাকে আলম-কে নিয়ে নানা কথা। ফলে খবরটি 'টক অব দ্যা কমিউনিটি'তে পরিণত হয়।

আলমের এক ঘনিষ্ট বন্ধু জানান, আলম ভাই সত্যিই বাংলাদেশে চলে গেছেন। তার বাসা ছাড়াও আমরা জেএফকে বিমানবন্দরেও আমরা খোঁজ নিয়েছি এবং যেটুকু খোঁজ পেয়েছি তাতে বলা যায় তিনি কাউকে না বলেই ঢাকার উদ্দেশ্যে নিউইয়র্ক ত্যাগ করে প্রায় তিন দশকের প্রবাস জীবনের ইতি টানলেন। অবিবাহিত আলম নিউইয়র্কে একাকী জীবন কাটালেও একাধিকবার তার বিয়ের গুঞ্জন উঠলেও তিনি অবিবাহিত ছিলেন। প্রস্তুতি নিচ্ছিলেন বিয়ে করে সংসার করারও।

এদিকে আলমগীর খান আলমের চলে যাওয়ায় সামাজিক যোগাযগ মাধ্যম ফেসবুকে অনেকেই অনেক কথা লিখছেন, অনেক কথাই বলছেন।



ঢাকা এয়ারপোর্টে নামার পর পরিচত জনদের সেলফিতে আলমগীর খান আলম।



আলমগীর খান আলম হাসপাতালে মায়ের চিকিৎসার ছবি পোস্ট করে তাঁর দেশে অবস্থানের বিষয়টি নিশ্চিত করেন।

এ প্রসঙ্গে বিশিষ্ট সাংবাদিক, সাপ্তাহিক ঠিকানা'র বার্তা সম্পাদক শহীদুল ইসলাম লিখেছেন- 'শোটাইম মিউজিকের কর্ণধার আলমগীর খান আলমের মমতাময়ী মা অগ্নিদগ্ধ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন। মায়ের দুর্ঘটনাজনিত অসুস্থতা জানার পর সব ধরনের মোহ-মায়া ছেড়ে তিনি ছুটে গেছেন বাংলাদেশে। সন্তান হিসাবে আমাদের সবারই এমন হওয়া উচিত। কারণ একজন সন্তানের কাছে তার মা-ই হচ্ছে তার আসল পৃথিবী।

অথচ- আলমগীর খান আলম ইমিগ্রেশন জটিলতায় গ্রেপ্তার আতঙ্কে যুক্তরাষ্ট্র ছেড়ে গেছেন, এমন খবর তার কিছু ঘনিষ্ঠ সাংবাদিক প্রচার করছে। নিউজও করেছে। এটা অত্যন্ত দুঃখজনক ও নিন্দনীয়।

আলমগীর খান আলমের হঠাৎ যুক্তরাষ্ট্র ছেড়ে যাবার খবরে তার অগণিত বন্ধু ও শুভাকাঙ্খী মহল এক প্রকার বেদনাহত। বিষয়টি আমাকেও ব্যথিত করেছে। বিশ্বাস করতে কষ্ট হচ্ছিল। তাকে নিয়ে এত এত এত মানুষের মন খারাপ, আমার জানা মতে- আগে কারো জন্য করতে দেখিনি।

আলমগীর খান আলম সেলিব্রেটিদের সেলিব্রেটি। তিনি যেখানেই থাকেন না কেন, সেখানেই সাফল্যের স্বাক্ষর রাখবেন। অন্যদিকে নিউইয়র্ক ও ঢাকার দূরত্ব যা-ই হোক, বন্ধু ও শুভাকাঙ্ক্ষীদের হৃদয়ে তিনি শক্ত অবস্থান করে নিয়েছেন।

নিশ্চয় দেখা হবে শিগগির, ইনশাল্লাহ। ভালো থাকুন।'

মিডিয়া ব্যক্তিত্ব আবিদ রহমান লিখেছেন: 'আপন সাম্রাজে ্যর একছত্র অধিপতি বীর বেশে স্বদেশ প্রত্যাবর্তন। অভিনন্দন অবিরাম ভালোবাসা।'

ফটো সাংবাদিক নিহার সিদ্দিকী লিখেছেন: মায়ের অসুস্থতার জন্য চার ঘন্টার নোটিশে বাংলাদেশে চলে গেলেন বহির বিশ্বে জনপ্রিয় প্রোমোটার আলমগীর খান আলম। মায়ের টানে দেশে ফিরে গেলেন বহির্বিশ্বের অন্যতম এবং ঢালিউড খ্যাত জনপ্রিয় প্রোমোটার আলমগীর খান আলম দেশে ফিরে গেলেন । গত ১৮ জানুয়ারী ছিল ঢালিউডের ২৪ তম অনুষ্ঠান। প্রতিবছর ২৫ থেকে ৩০ জন শিল্পী এনে বহির্বিশ্বের এই স্বনামধন্য প্রোমোটার আমাদের প্রবাসীদের বিশেষ করে নিউইয়র্ক এবং অন্যান্য স্টেটে তিনি তার এই প্রোগ্রাম করতেন, তার পর্যায়ে কোন প্রোমোটার এখনও আসতে পারেননি, তার এই চলে যাওয়া বন্ধু মহল এবং শিল্পীদের মনে বেদনার সৃষ্টি করেছে। বিভিন্ন আপনজনরা ফোন করে তার এই চলে যাওয়ার সত্যতা যাচাই করছেন। গতকাল (শুক্রবার) রাত দশটা পর্যন্ত নিউইয়র্কের জ্যাকসন হাইটসে তার প্রিয় জায়গা গ্রাফিক্স ওয়ার্ল্ডে দেখা গেছে। ৩০ বছরের প্রবাস জীবনের ইতি টেনে দেশে চলে গেলেন। তিনি ছিলেন একমাত্র প্রোমোটার বাংলাদেশের স্বনামধন্য শিল্পীদের এনে বিভিন্ন স্টেটে তিনি প্রোগ্রাম করতেন। তার এই চলে যাওয়ার কারণ হিসাবে বিভিন্ন মহল আমেরিকার সার্বিক পরিস্থিতির কারণ হিসেবে মনে করছেন। তিনি ছাত্র জীবনে এদেশে আসেন এবং মধ্য বয়স পর্যন্ত এই প্রিয় শহরে নিউইয়র্কে বসবাস করতেন। তিনি একমাত্র প্রমোটার ছিলেন, যিনি বাংলাদেশ এবং ইন্ডিয়ার সমান স্বনামধন্য শিল্পীদের এনে দর্শক এবং শ্রোতাদের মন জুগিয়েছেন ।

বাংলাদেশ সোসাইটির সাংস্কৃতিক সম্পাদক অনিক রাজ লিখেছেন: আলম ভাইর সাথে প্রতিদিন দেখা হয় যখন আমার অফিসের সামনে দিয়ে হেটে যান জ্যাকসন হাইটস। গতকাল (শুক্রবার) জুম্মার নামাজ পরে দেখা হলে বলি আলম ভাই চলেন একসাথে লাঞ্চ করি। খুবই ভারাক্রান্ত মনে না অনিক রাতে আসবো। রাতে আসলেন তখনও মন খারাপ। পরে ভাইয়ের সাথে শেষ কথা হয় গতাকাল ১২ টার (রাত) দিকে। সকালে এরকম একটা খবর শুনে ঘুম ভাঙ্গবে ভাবতেও পারিনি। মনটাও খুবই খারাপ। তার পর থেকে ফোন আসতেই থাকে। বাস্তবতা হচ্ছে আল্লাহ যা করবেন সবই ভালোর জন্য। তবুও আমার মন বলছে যদি খবরটা মিথ্যা হয়ে যেতো। কেনো বল্লাম?! এরকমটা হলে অন্তত কেউনা কেউ জানতো। আর এও হতে পারে যে জানলে আমরা বাসা চেইঞ্জ করার ব্যাপারে বলতাম। যেহেতু বাসা চেইঞ্জ এর বিষয়ে গত পরশু আমাদের অফিসে আলাপ করছিলাম। নিজের রক্তের না হলেও আলম ভাই অসুস্থ হওয়ার পর থেকে কেনো জানি আগের থেকে একটু বেশি আমার সাথে সখ্যতা গড়ে উঠে এবং আলম ভাই অনেকটা চুপচাপ হয়ে যান। আপনি নিজেও জানেন না মানুষ কতো ভালোবাসে আপনাকে। এতো ফোন পেয়েছি। আপনি অনেক কিছু দিয়েছেন বাঙালী কমিউনিটিকে। আপনার অবদান অনেক। আলম ভাই আপনি যেখানেই থাকুন সুস্থ থাকুন।

কমিউনিটি অ্যাক্টিভিষ্ট আহসান হাবীব লিখেছেন: মায়ের টানে একজন সজ্জন নির্মোহ ও নিভৃতচারি মানুষের নীরব প্রস্থান। হৃদয়ে রক্তক্ষরণ হচ্ছে। অশ্রুসিক্ত নয়নে লিখতেও পারছি না। অভিমানে নীরবে এভাবেই স্বদেশের উদ্দেশে চলে গেলেন ভাই! ভালো থাকুন আলম ভাই। আপনার সহচার্য খুবই মিস করবো। আপনার প্রতি কৃতজ্ঞতা জানানোর ভাষা নাই। কিছু ভালোবাসার সত্যিই প্রতিদান হয় না। আপনার প্রতি ভালোবাসা ও শ্রদ্ধা অবিরাম। ভালো থাকুন সুস্থ থাকুন। সৃস্টিকর্তার কৃপা আপনার সাথে সবসময় থাকবে-----

আরো একজন আরো লিখেছেন-

প্রিয় আলম ভাইয়ের জন্য লিখা.....

'ওই আস্তাবলের মাথায় যে আকাশটা, ওরই ওপারে পূর্বদিকে বহুদুরে তাহাদের নিশ্চিন্দিপুর। আজ কতদিন সে নিশ্চিন্দিপুর দেখে নাই-

তি-ন বৎসর! ক-ত-কা-ল!

সে জানে নিশ্চিন্দিপুর তাহাকে দিনে রাতে সবসময় ডাকে,

শাঁখারিপুকুর ডাক দেয়,

বাঁশবনটা ডাক দেয়,

সোনাডাঙ্গার মাঠ ডাক দেয়,

কদমতলার সায়েবের ঘাট ডাক দেয়...'

(পথের পাঁচালী'র) অপুর তিন বছর অসীম মহাকালের অন্তহীন চক্রে হয়তো অতি নগন্য। কিন্তু ভাগ্যান্বেষণে স্বদেশের সীমানা পেরিয়ে ভীন দেশে পাড়ি জমানো কোন প্রবাসীর অস্থির অনুভবে ত্রিশ বছরের ব্যপ্তি অপরিমেয়। এখানে ঝলমলে হাসি, ঝিকিমিকি সুখ আর জমকালো আনন্দের মাঝেও কি যেন নেই। দিনের অবসরে অবর্ণনীয় এক শূন্যতা, রাতের নীরবতায় এক বুক হাহাকার...

'কুল ছেড়ে এসে মাঝ দরিয়ায়

পিছনের পানে চাই,

ফেলে আসা তীরে,কি মায়া যে টানে

মন বলে ফিরে যাই- সবসময়। সবসময়।

লিটন খান লিখেছেন: আলম ভাই যে লেখাগুলো দেখছি বা আপনি চলে গেছেন দেশে, এটা বলতে ঠিক বুঝতে পারছি না যে, আপনি চলে গেলেন মানে কি আপনার আম্মুকে দেখে এসে আবার চলে আসবেন, নাকি একেবারেই বাংলাদেশে চলে গেলেন। এ ব্যাপারটা কেউই আমরা কিন্তু ক্লিয়ার হচ্ছে না। তো যদি আপনি বাংলাদেশে থেকে যান দয়া করে প্লিজ আমার ইনবক্সে আপনার ইমেইল এবং ঢাকার টেলিফোন নম্বরটা অবশ্যই অবশ্যই পাঠাবেন আমাকে। তো আপনি ভালো থাকুন, আপনার আম্মার প্রতি দোয়া রইল।



চ্যালেঞ্জ থাকলেও, উত্তরণ সম্ভব












(১ম পৃষ্ঠার পর)

মুহাম্মদ ইউনূসের নব নিযুক্ত বিশেষ সহকারী মনির হায়দার। শনিবার (৮ নভেম্বর) নিউইয়র্কের জনপ্রিয় বাংলা চ্যানেল টাইম টেলিভিশনের 'টাইম এক্সক্লুসিভ অনুষ্ঠানে' এই মন্তব্য করেন তিনি। পাশাপাশি তিনি এই লক্ষ্যে অন্যান্য সংগঠনের মতামত নিয়ে বাংলাদেশ সোসাইটিকে মতামত দেয়ারও তাগিদ দেন। অনুষ্ঠানে বাংলাদেশী কমিউনিটির বিভিন্ন পর্যায়ের নেতা ও বিশিষ্ট ব্যক্তিরা অংশ নেন। এর আগে তিনি টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা অফিসে এসে পৌছালে তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টেলিভিশনের সিইও আবু তাহের এবং পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু।

অনুষ্ঠানে বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, এটর্নী মঈন চৌধুরী, বিশিষ্ট রাজনীতিক ও ব্যবসায়ী গিয়াস আহমেদ, বিশিষ্ট রাজনীতিক হাজী আব্দুর রহমান, জাকির এইচ চৌধুরী সিপিএ, বাংলাদেশী আমেরিকান সোসাইটির সাধারণ সম্পাদক ও কমিউনিটি বোর্ড মেম্বার আমীন মেহেদী, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রুকন হাকিম, মামুনস টিউটোরিয়াল-এর কর্ণধার শেখ আল মামুন, খলিল গ্রুপ-এর কর্ণধার শেফ খলিলুর রহমান, সাংবাদিক চয়ন রহমান, বিশিষ্ট মোহাম্মদ আজিজ, বিশিষ্ট ব্যাংকার মোহাম্মদ কামরুল ইসলাম প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতেই প্রতিদিনের মতো 'নিউজ আপডেট' তুলে ধরেন সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান। এছাড়াও ভার্চুয়ালী আলোচনায় অংশ নেন সাপ্তাহিক প্রথম আলো সম্পাদক ইব্রাহীম চৌধুরী খোকন ও ফার্মাসিস্ট শাহাব আহমেদ।

অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা সাংবাদিক মনির হায়দার বাংলাদেশের অর্ন্তবর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের বিশেষ সহকারী নিয়োগ পাওয়ায় তাকে অভিনন্দন এবং ফুলের শুভেচ্ছা জানান।

অনুষ্ঠানে আলোচকগণ বাংলাদেশে মনির হায়দারের দায়িত্ব পালনের পাশাপাশি প্রবাসীদের সমস্যা ও দাবী দাওয়া সরকারের কাছে তুলে ধরার উপর গুরুত্বারোপ করেন। এসময় তারা বিশেষ করে দেশে প্রবাসীদের জানমালের নিরাপত্তা, ঢাকায় বিমানবন্দরে হয়রানী, নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক রুটে বিমান চালু সহ প্রবাসীদের বিভিন্ন দাবীর কথা তুলে ধরেন।

সাহিত্য
সাময়িকী

নিরীহ ফুলের-ভালোবাসা
সোহরাব পাশা

ভুল মানুষের ভিড়ে অস্থির পৃথিবী

কেউ কাউকে আর শোনে না আজকাল
গন্তব্যে তীব্র বিভ্রম ছায়া-শৃঙ্খলিত,

ভালোবাসা বেদনা নিহিত
বিনিদ্র রাত্রির চোখে অনন্ত ভ্রমণ;

মানুষ কী ভুলে যাচ্ছে-
ভাষা মানে না বলা কথার
মুগ্ধ অনুবাদ
ভাষা মানে গহিনের প্রিয় শব্দ-ধ্বনি
ভাষা মানে লাবণ্য-সবিতা;

ভাষা মানে তুমি বসন্ত ফাগুন
ভাষা মানে জলের আগুন
ভাষা মানে তোমার চোখের
স্নিগ্ধ কবিতা
ভাষা মানে তোমার আমার
অনেক আকাশ
অনেক মুখর পৃথিবীর
অনন্ত ভালোবাসা।

রূপ অরূপের খেলা
মুস্তফা হাবীব

আশির মাঝামাঝি এক মানবীকে দেখেছি,
সে ছিলো সুতি শাড়ি পরিহিতা সাদাসিধে
গ্রামবাংলার মধ্যবয়সী নারী।

মুখাবয়ব দেখে বুঝবার কারো সাধ্য ছিলো না
সে-ই হতে পারে একদিন কালসেরা মহাদ্বৈত্য
মানুষের রক্ত খাবে, হাড় গিলা কলিজা সব খাবে
হেসে কুটিকুটি হবে আনন্দে।

কে জানতো ?
তিনশো ষাট আউলিয়ার মৃত্তিকার রস হাঁড়িতে তুলে
লক্ষণ সেনের পথে অতিক্রম করবে কাঁটাতার!

তার সঙ্গে আর দেখা হবে না বাংলার মানুষের,
বিরহ যন্ত্রণায় ছটফট করবে পদ্মাসেতু, মেট্রোরেল
শ্বেত পাথরে বাঁধানো পিতার জমকালো মাজার।

এই চেনা মানুষটির রূপ- অরূপের বর্ণনা দিতে
এক সমুদ্রের সমগ্র জল হাওয়ায় ভাসালেও
চরিত্রের কিনার পাবে না পৃথিবীর কোনো দার্শনিক।

অনঙ্গ রোষের অন্ধনৃত্য
জাফর ওবায়েদ

সেই ঘাসবর্ণ মাটি, সেই রামধনু-ঘর, যেন আজ বিধ্বস্ত কোনও নাজুক শহর
যেন, রৌদ্রবর্ণ সাফল্যের অদৃশ্যে, অঙ্কিত কোনও দাবানলের ভয়াল দৃশ্যপট
যেন, এক অস্থির প্রাণের সঙ্গসন্ধ্যায় নিমজ্জমান, অজ্ঞাত কোনও সুড়ঙ্গ পথ।

আবারও কি, ফিরে আসে মেঘমত্ত বিলাসের দৃষ্টিহীন দিন! ভেঙেপড়া গানের গৌরব?
আবারও কি, দুর্বিনীত দৃশ্যে ডানা মেলে রক্তবর্ণ সমুদ্রবৃত্তের উত্তপ্ত সংসার!
আবারও কি, মনোজ্ঞ বসন্ত চিত্রে, তেঁতে ওঠে শৈল্পিক শীতের, সূর্যখেকো গল্প!

সমুদয় প্রেমাসক্ত প্রাণের পতাকায় লু-হাওয়ার তুফান, অনঙ্গ রোষের অন্ধনৃত্য
ফিরবে কি তালগন্ধী, ঘামগর্ব দিন- সেই রঙধনু রোদেল প্রার্থীত সহবাস?

সূত্রপাত
রজব বকশী

সারি সারি একমনে পিলপিল চলে
শান্ত নিরীহ অথচ প্রতিরোধে দ্রোহী হয়ে ওঠে
শেখায় সঞ্চয়বিদ্যা
একতাই বল

সব সময় স্রোতের বিপরীতে ঢেউ
ওরা ঘামের সমুদ্রে ডুবে ভেসে যায়
সঞ্চয় শৃঙ্খলা নেই

মনুষত্বহীন হাওয়া ফিসফিস করে
দেখি সাহেব বাবুর বৈঠকখানায়
স্বার্থান্ধ একতা গড়ে ওঠে

সঞ্চিত আগুন বুকে নীরব পাথর
নিপীড়নে ফুঁসে ওঠে একতার খই

দুঃখ বিলাসী
আইনাল হক

তখন শীতকাল
চাদর মুড়িয়ে উত্তরের বাতাসে মিশে দুঃখদের আনাগোনা
ভেবেছিলাম এটাই বুঝি জীবনের শ্রেষ্ঠ উপমা।
তারপর কেটেছে শত কোটি বছর
দীর্ঘশ্বাসের বহরে দুঃখ বিলাসী ভেলা ভাসিয়েছি অনায়াসে
অজুহাতের দায়ে হৃদয়ের কারাগারে হাজতবাস খেটেছি।

হিম হাওয়ায় ভেসে আসা কষ্টেরা ডালপালা গজিয়ে
এতোদিনে যে সংসার পেতেছে, তাতে মনে হয় না
এর থেকে পরিত্রাণের দ্বিতীয় কোন রাস্তা খোলা আছে।

মধু মাল্লা
রিপন বর্মন

এপথে জমা আছে জল!
মধু মাল্লা,
এ গোধূলি আকাশ নত মুখে ছুঁয়ে আছে
পশ্চিম শরতের কাশবন!
স্থল ছেড়ে জলেতে আয়!
নায়ের মাঝি বাতাস বোঝে;
এক এক করে যেতে হবে অচিন ডাঙ্গার গায়...
এপথ ভারি-
এপথে জমা আছে জল!
জিরোবি,
তবে যে পেটের খিদে!
হিসেব কষে-
ওপারে গেলে কি কিছু ফুরোবে...

বর্ণাঢ্য আয়োজনে বিএসিসি'র ২০তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন





বাংলাদেশী-আমেরিকানদের অ্যাওয়ার্ড প্রদান

বিশেষ প্রতিনিধিঃ নিউইয়র্কে বর্ণাঢ্য আয়োজনে উদযাপিত হয়েছে বাংলাদেশী-আমেরিকান কমিউনিটি কাউন্সিল-বিএসিসি'র ২০তম প্রতিষ্ঠা বার্ষিকী। ব্রঙ্কসের ইয়াঙ্কার্সের নেহা প্যালেস পার্টি হলে গত ৩১ জানুয়ারী সন্ধ্যায় আয়োজিত এ উৎসবে কমিউনিটির উন্নয়নে বিশেষ অবদান রাখার জন্য বিভিন্ন শ্রেণী-পেশার বাংলাদেশী-আমেরিকানদের 'বিএসিসি কমিউনিটি অ্যাওয়ার্ড ২০২৫' প্রদান করা হয়। এছাড়াও অনুষ্ঠানে কমিউনিটিতে বিশেষ অবদানের জন্য ব্যবসায়ী ও মূলধারার রাজনীতিকসহ বেশ ক'জনকে সার্টিফিকেট ও ক্রেস্ট প্রদান করা হয়। নতুন প্রজন্ম সহ বিভিন্ন ভাষা-ভাষী মানুষের অংশগ্রহণে অনুষ্ঠানটি সৌহার্দ্য ও সম্প্রীতির এক মিলন মেলায় পরিণত হয়।

বিএসিসি'র প্রেসিডেন্ট ও ব্রঙ্কস কমিউনিটি বোর্ড-৯ এরচেয়ারম্যান মোহাম্মদ এন মজুমদারের সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি ছিলেন ইউএস কংগ্রেসম্যান ১৬তম কংগ্রেসনাল ডিস্ট্রিক্ট (সমন্বয়কারী: আলেক্সান্দ্রা থেরিয়াল্ট) শেলি মেয়ার, নিউইয়র্ক স্টেট সিনেটর নাথালিয়া ফার্নান্দেজ, জর্জ লাটিমার, ৩৭তম ডিস্ট্রিক্ট (সমন্বয়কারী: সোফিয়া বেরি) নাদার সাইয়েঘ, নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলিম্যান (৯০তম ডিস্ট্রিক্ট) কেন জেনকিন্স, ওয়েস্টচেস্টার কাউন্টি এক্সিকিউটিভ (সমন্বয়কারী: ডায়ানা টলেডো) করাজন পিনেডা-আইজাক, ইয়াঙ্কার্স সিটি কাউন্সিল মেম্বার (দ্বিতীয় ডিস্ট্রিক্ট) তাশা ডিয়াজ, ইয়াঙ্কার্স সিটি কাউন্সিল মেম্বার (তৃতীয় ডিস্ট্রিক্ট) ভেরিস শাকো ও এটর্নি এইচ ক্রুরুশ ফিশার।

সংগঠনের ট্রাস্টি বোর্ড মেম্বার হারুন আলী, ভাইস প্রেসিডেন্ট নজরুল হক ও সেক্রেটারী জেনারেল আবদুল গাফফার চৌধুরী খসরুর পরিচালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নিউইয়র্ক পুলিশের ডিটেক্টিভ মাসুদ রহমান, আহাদ আলী সিপিএ, ক্যালেকা'স অটো রিপেয়ার অ্যান্ড বডি শপের প্রেসিডেন্ট এন্ড সিইও জুলফিজার আকতার জুয়েল, জোসেফ সাইয়েঘ, মেডিক্যাল ছাত্র কাটোরি ওয়াকার, কমিউনিটি অ্যাক্টিভিস্ট মৌরা রেইলি লাইট, ইভেন্ট সাপোর্টসি মিশেল শিভার্স প্রমুখ।

অনুষ্ঠানে অতিথি ও অ্যাওয়ার্ডপ্রাপ্তরা সহ মূলধারার রাজনীতিক ও বিভিন্ন কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ শুভেচ্ছা বক্তব্য রাখেন। সংগঠনের সভাপতি মোহাম্মদ এন মজুমদার এবং সাধারণ সম্পাদক আবদুল গাফফার চৌধুরী খসরু তাদের বক্তব্যে সংগঠনের নানা কার্যক্রম তুলে ধরেন এবং সব সময় তাদের সহযোগিতার জন্য প্রবাসী বাংলাদেশীদের বিশেষ ধন্যবাদ জানান। মোহাম্মদ এন মজুমদার প্রবাসে জন্ম নেয়া ও বেড়ে ওঠা নতুন প্রজন্মের সমন্বয়ে কমিউনিটির মূলধারায় ভূমিকা জোরদারে তাদের পথচলা অব্যহত রাখার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। তিনি বলেন, কমিউনিটির নানা ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ বিভিন্ন ব্যক্তিদের পুরস্কার ও সম্মাননা প্রদান করতে পেরে আমরা গর্বিত।



সন্ধ্যা থেকে মধ্যরাত পর্যন্ত চলা এ আয়োজনে পরিবেশিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা। ছিলো আকর্ষণীয় ফ্রি র‍্যাফেল ড্র। শিল্পী তানভীর শাহীনসহ অন্যান্যরা সঙ্গীত পরিবেশন করেন।

শীতের আমেজে নিউইয়র্কে পিঠা-পুলির উৎসব



যুক্তরাষ্ট্র প্রবাসী নড়াইলবাসীদের সামাজিক সংগঠন 'নড়াইল জেলা প্রবাসী ইউএসএ' গত ২ ফেব্রুয়ারী রোববার সন্ধ্যায় জেলাবাসীর পিঠা উৎসবের আয়োজন করে।



'উত্তরণ, নিউইয়র্ক গত ২ ফেব্রুয়ারী ব্রঙ্কসের গোল্ডেন প্যালেস পার্টি হলে পিঠা উৎসবের আয়োজন করে।

বিশেষ প্রতিনিধিঃ শীতকাল পিঠা-পুলির মৌসুম। কি দেশে, কি বিদেশে। বাংলাদেশীরা যেখানেই থাকেন না কেনো শীত এলেই যেনো পিঠা খাওয়ার ধুম পড়ে যায়। বিশেষ করে নিউইয়র্কে তো সারা বছরই ভাঁপা পিঠা, তেলের পিঠা, চিতই পিঠা সহ নানা রকমের পিঠা বিকিকিনি হচ্ছে। অন্যান্য বছরের মতো এবছরও নিউইয়র্ক সহ উত্তর আমেরিকার বিভিন্ন ষ্টেটে পিঠা উৎসবের আয়োজন করা হচ্ছে। প্রবাসী বাংলাদেশীরা উৎসহ-উদ্দীপনায় এসব উৎসবে যোগ দিচ্ছেন। ভিন দেশীরাও বিভিন্ন অনুষ্ঠানে অংশ নিয়ে বাঙালীর ঐতিহ্যের খাবার 'পিঠা'র স্বাদ নিচ্ছেন। গত ২ ফেব্রুয়ারী রোববার 'নড়াইল জেলা প্রবাসী ইউএসএ' ও 'উত্তরণ, নিউইয়র্ক' পিঠা উৎসবের আয়োজন করে।

'নড়াইল জেলা প্রবাসী ইউএসএ' পিঠা উৎসব

যুক্তরাষ্ট্র প্রবাসী নড়াইলবাসীদের সামাজিক সংগঠন 'নড়াইল জেলা প্রবাসী ইউএসএ' গত ২ ফেব্রুয়ারী রোববার সন্ধ্যায় জেলাবাসীর পিঠা উৎসবের আয়োজন করে। 'খেজুর গুড়ের পাটিসাপটা নারিকেলের পুলি/পিঠা খেয়ে জমে উঠে আনন্দের দুলি' স্লোগানে আয়োজিত বর্ণাঢ্য এ উৎসবে প্রধান অতিথি ছিলেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির অন্যতম সদস্য এবং যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সভাপতি আলহাজ্ব আব্দুল লতিফ সম্রাট।

কনকনে শীতে বিপুলসংখ্যক প্রবাসীর উপস্থিতিতে পিঠা উৎসবের আমেজে আব্দুল লতিফ সম্রাট তার বক্তব্যে পরিবর্তিত বাংলাদেশের চেতনায় সকলকে ঐক্যবদ্ধ থাকার আহবান জানিয়ে বলেন, দীর্ঘ আন্দোলনের ফসল হিসেবে অন্তর্বর্তী সরকারের মাধ্যমে শীঘ্রই বহুল প্রত্যাশিত জাতীয় সংসদ নির্বাচনের প্রত্যাশা পূরণ হবে। এজন্য দেশবাসী সবাইকে অন্তর্বর্তী সরকারকে সার্বিক সহযোগিতা করতে হবে।

জ্যামাইকায় ইকরা পার্টি সেন্টারে অনুষ্ঠিত এ 'পিঠা-পুলি উৎসব'র জন্যে গঠিত কমিটির আহবায়ক ছিলেন এ কে এম আজম মামুন। অন্যান্য কর্মকর্তাগণের মধ্যে ছিলেন যুগ্ম আহবায়ক রফিকুল আলম, সদস্য-সচিব নূর ইসলাম এবং প্রধান সমন্বয়কারী সৈয়দ হাসমত আলী। বিপুল সংখ্যক নড়াইলবাসীসহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ এতে যোগ দেন।

'উত্তরণ, নিউইয়র্ক' পিঠা উৎসব

'হৃদয়ে মম বাঙালী ও বাংলাদেশ' শীর্ষক পিঠা উৎসব আয়োজন করে নবগঠিত সংগঠন 'উত্তরণ, নিউইয়র্ক'। গত ২ ফেব্রুয়ারী রোববার সন্ধ্যায় বাংলাদেশী অধ্যুষিত নিউইয়র্ক সিটির ব্রঙ্কসের গোল্ডেন প্যালেস পার্টি হলে এই উৎসবের আয়োজন করা হয়। এতে ৩০/৩৫ রকমের দেশীয় পিঠা স্থান পাঠ। তুষারপাত আর কনকনে ঠান্ডা উপেক্ষা করে ছোটামণিসহ শতশত নারী-পুরুষ আর তরুণ-তরুণীর সরব উপস্থিতিতে উৎসবের আয়োজন আয়োজনটি প্রবাসীদের মিলনমেলায় পরিণত হয়।

সাবেক কমিশনার রবিউল ইসলামের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সারাহ হোমকেয়ারের নির্বাহী পরিচালক আব্দুল খালেক। তিনি তার শুভেচ্ছা বক্তব্যে আয়োজকদের ধন্যবাদ জানিয়ে বলেন, এমন আয়োজনের গুরুত্ব অপরিসীম এবং তা কমিনিটিকে উজ্জীবিত করতে অবদান রাখবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বীর মুক্তিযোদ্ধা সাঈদুর রহমান শেলী, ইঞ্জিনিয়ার বাদল, আনোয়ার হোসেন, হাজী খবিরউদ্দিন ভূঁইয়া, ইকবাল হোসেন, সাঈদুর রহমান লিংকন, এম হোসাইন, মনিরুল আলম দীপু, জুলি রহমান, মিসেস বাদল, আশরাফ হোসেন, আক্তারুজ্জামান, জহুরুল ইসলাম, তাসলিমা পাটোয়ারি, নূরুল ইসলাম মিলন, শফিকুল ইসলাম।

ব্যতিক্রমী এই আয়োজনে ছিলো না কোন গতানুগতিক মঞ্চ। বক্তব্য পর্বে অংশ নেন সভাপতি ও প্রধান অতিথি। তবে সকল অতিথিকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। প্রবাসীরা বিপুল করতালির মাধ্যমে অতিথিদের স্বাগত জানান এবং ব্যতিক্রমী এই আয়োজনের প্রশংসা করেন। অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ছিলো সঙ্গীতানুষ্ঠান। এতে প্রবাসের জনপ্রিয় শিল্পীদের মধ্যে তানভির শাহীন, শারমিন তানিয়া, আলভান চৌধুরী ও শশী সঙ্গীত পরিবেশন করেন।

এই পিঠা উৎসব আয়োজনে সার্বিক সহায়তায় ছিলেন মনিরুজ্জামান মনির, রেজা আব্দুল্লাহ, নুরুন্নবী নবীন, মাসুদ কবির রসুল, রূপচান মিয়া, আল মামুন সরকার, সুজাউদ্দৌলাহ চৌধুরী শামীম, মাহবুবুর রহমান শাহীন, সেলিম রেজা, হুমায়ূন কবীর, সালাহউদ্দিন আহমেদ কাব্য, এনামুল হক খান বিপ্লব, সুলতান আহমেদ, আবু এস আশরাফউদ্দৌলাহ লিটন, রফিকুল হাসান সাফি, আব্দুর রহমান, মমিনুল ইসলাম, আবুল হোসেন, সামিউল ইসলাম, আব্বাস আলী, আশরাফুল আলম, মুক্তার হোসেন প্রমুখ।



অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো

Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR

Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা বা কোন বড় ব্যবসা নতুন বিনিয়োগ মাধ্যমে Treaty (E-2) ভিসা অফিস এবং ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং গ্রীনকার্ডে ফ্রি কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

মাত্র ১ মিলিয়ন বা কমপক্ষে ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসা অফিস আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আমাদের মাধ্যমে সহজে পাঠাতে পারবেন।

দেশে কোন জোপনীয় মালিক/পরিচালক হয়ে আপনি ও আপনার পরিবার ৮ বছরের মধ্যে গ্রীনকার্ড পেতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পারসোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রেজেন্টেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282 Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt:C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্ট্রাকশন দুর্ঘটনা
- স্লিপ ফলিং দুর্ঘটনা
- ত্রুটিপূর্ণ পণ্য জন্য
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- মটর গাড়ি দুর্ঘটনা
- ভ্যাসকেক্টমি থেকে জটিলতা
- লেড বিষ সম্পর্কীয়
- কাজের সময় দুর্ঘটনা
- মিসিসাস প্রেস্ক্রাইব বা প্রপারলি না পড়া
- বার্থ রিলেটেড ইনজুরি
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- যে কোন ধরনের ইনজুরি কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, বাজিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পণ্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিশ্বস্ততা -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES

- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**

IRS AUTHORIZED E-FILE PROVIDER

- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

Wasi Choudhury, EA

Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member: naea



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

আবশ্যক

দোভাষী আবশ্যকঃ ম্যাডিকেল অফিসে দোভাষী আবশ্যক। ৩৫ ডলার ঘন্টা দুই ঘন্টা মিনিমাম। বাংলা- ইংরেজী।

Ebt Associates. Text করুন ৯১৭ ৫৭৫ ৬১২৫

আবশ্যকঃ জ্যাকসন হাইটস এ মেডিকেল অফিসে লাইসেন্স ফিজিসিয়ানের সাথে কাজ করার জন্য লাইসেন্সধারী একজন ফিজিসিয়ান এ্যাসিস্ট্যান্ট (চঅ) নিয়োগ দেয়া হবে। বাংলা জানতে হবে। যোগাযোগঃ ৬৪৬-৫৩৩-২১০২.

লোক আবশ্যকঃ
Smoke shop, Lotto convinience store এ কাজ জানা অভিজ্ঞ ফুল টাইম কাজের লোক আবশ্যক। বেতন ক্যাশ পে করা হবে। Address: 408, 83rd St, Elmhurst, NY 11373. Cell: 929-355- 1461.

লোক আবশ্যকঃ
সাবওয়ে রেস্টুরেন্টে এর জন্য রাতের জন্য (Over night) লোক আবশ্যক। ফোনঃ ৩৪৭-৩৬৯-১০৬৬.

আবশ্যকঃ
সাবওয়ে রেস্টুরেন্টে কাজের জন্য অভিজ্ঞ লোক প্রয়োজন। ভালো ইংরেজি জানতে হবে। 25- 27B parsons blvd. Cheque payment only.। ফোন- ৩৪৭-২১৭-০৪৭২ (জেরি)।

আবশ্যকঃ
ম্যানহাটানে অবস্থিত ক্যান্ডি স্টোরের জন্য লোক আবশ্যক। যোগাযোগঃ ৯১৭-৭১৪-২৩৬০, ৯১৭-৪০০-৭৯১১.

আবশ্যকঃ
এস্টোরিয়াতে অবস্থিত ইঞ্জুরি ল' অফিসের জন্য অভিজ্ঞ সেক্রেটারি প্রয়োজন। প্রার্থীকে ইঞ্জুরি ল' অফিসের কর্মের সার্টিফিকেট দিতে হবে। যোগাযোগ: ৭১৮-২৬৭-১৮০০
southeasternmgm@gmail.com

পাত্র-পাত্রী

পাত্রী চাইঃ ফ্যামিলি-ওরিয়েন্টেড, ভদ্র, সায়েন্টিস্ট (পিএইচডি অধ্যায়নরত-**CS**), বয়স: ২৭, উচ্চতা: ৫'৮", কমপ্লেক্সশন: উজ্জ্বল শ্যামলা, পার্মানেন্ট রেসিডেন্ট পাত্রের জন্যে কমপ্যাটিবল পাত্রী চাই। পাত্র ব্রিফলি ডিভোর্সড।
যোগাযোগ:
abdurrahman.bd144@gmail.com (পাত্র নিজে)

পাত্র চাইঃ সম্ভ্রান্ত মুসলিম পরিবারের ইউএসএ সুন্দরী, শিক্ষিত পাত্রীর জন্য শিক্ষিত পাত্র আবশ্যক। যাদের স্টুডেন্ট ভিসা আছে তাদের কে অগ্রাধিকার দেয়া হবে। কল করুন-৩৪৭-৪০০-৮৮০১.

হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
অথবা ৩৪৭-৮৪৯-৭৫২৩

রুমমেট

রুমমেট আবশ্যক : নিউইয়র্ক সিটির ইস্ট এলমাস্টের নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্টিটের উপরে এক তলায় এবং দ্বি-তলায় রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩

রুমমেটঃ এ মাস থেকে ১ জন রুমমেট আবশ্যক। এলমহার্স্ট সাবওয়ে সাথে। একজন মেয়ের সাথে শেয়ারে থাকার জন্য। একজন মেয়ে বা মহিলা আবশ্যক। ৪২-২৫, লেটন স্ট্রীট। ৯২৯-৪০১-৯৫০১.

রুমমেট আবশ্যকঃ ৯০ স্ট্রীট ৭ ট্রেন সাবওয়ের নিকটে এপার্টমেন্ট বিল্ডিং এ অধূমপায়ী একজন হিন্দু রুমমেট আবশ্যক। জুলাই শেষ থেকে ভাড়ার যোগাযোগঃ ৩৪৭-৮৩২-৮১৫৫.

রুমমেটঃ রুমমেট আবশ্যক। এস্টোরিয়া স্টাইনওয়ে স্ট্রীট এম, আর ট্রেনের অতি নিকটে একজন অধূমপায়ী রুমমেট আবশ্যক। যোগাযোগঃ ৭১৮-৭৭২-৪৮৭৯.

রুমমেটঃ জ্যামাইকায় জুলাই মাস থেকে একজন রুমমেট আবশ্যক। যোগাযোগঃ ৬৪৬-৮৯৭-৮৯৭৮.

রুমমেটঃ জ্যাকসন হাইটস প্রাইম লোকেশন ৭৩ স্ট্রীট ৩৫ এভিনিউ, (আপনা বাজারের সামনেই) এপার্টমেন্ট বিল্ডিং এ কর্মজীবী পুরুষ ১জন, জুলাই মাস থেকে (বিল সহ ৫৬০ ডলার) ভাড়া হবে। যোগাযোগ: ৬৪৬ ৬৬৭ ৯০২০

রুমমেটঃ রুমমেট আবশ্যক। জ্যাকসন হাইটস এলাকায় সাবওয়ের নিকটে মনোরম পরিবেশ জুলাই থেকে রুমমেট আবশ্যক। ফোনঃ ৩৪৭-৩৪৫- ৯৩২৪.

রুমমেটঃ রুমমেট চাই। জ্যাকসন হাইটস/ সানিসাইডের সাবওয়ের সন্নিকটে ব্যাচেলারদের সাথে থাকার জন্য অধূমপায়ী, মদ্যপ নহে পরিচ্ছন্ন রুমমেট চাই। ৯২৯-৩২৮-৭০৭৯, ৬৪৬-৯৪৪-২২১২.

রুম ভাড়াঃ ১লা জুলাই হতে জ্যাকসন হাইটস এলমহার্স্ট হসপিটাল, এম ও আর সাবওয়ের সাথে একটি বড় বেডরুম সাবলেট দেয়া হবে। (স্বামী- স্ত্রী/ ছাত্রীর) কাছে। যোগাযোগঃ ৭১৮-৬৯৬-৭৬৮১, ৪৭৫-২০৯-০৩৯৪.

বাসা ভাড়া

বাসা ভাড়াঃ
ব্রঙ্কসের ৬ ট্রেন এর জেরেগা সাবওয়ের নিকটে মসজিদ, স্কুল ও মেডিকেল সেন্টার এর পাশে একটি ৩ বেডরুমের বাসা লিভিংরুম, ডাইনিং রুম, কিচেন ও বাথরুম সহ ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭- ৭৪৮-৮৭৪৫। সময়- সকাল ৯টা থেকে রাত ১০টা।

বেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকা ১৫৫ স্ট্রীটে, ১০৯ সাটফিনে মনোরম পরিবেশে দুইবেড, লিভিং, ড্রাইনিং কিচেনসহ বেসমেন্ট ভাড়া হবে। মসজিদ, স্কুল, বাস দুই মিনিট হাটা। যোগাযোগ: **917 863-9002.**

সেমিবেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকাতে parsons Blvd & 84 Ave (160 st) Semi Basement একটি আলাদা রুম ১জন মহিলাকে ভাড়া দেয়া হবে। Rent $750. Contact 929-553-8358.

বাড়ি ভাড়াঃ
নতুন বাড়ী ভাড়া দেওয়া হবে। 203 Warwick ST, Brooklyn, NY, 11207. ১ম তলা: ৩ বেড রুম, বড় লিভিং রুম, ডাইনিং রুম, নতুন কিচেন এবং ২ বাথ রুম। ভাড়া দেওয়া হবে।
যোগাযোগ : **917-495-1391**
917-495-3908.

বাসা ভাড়া

বাসা ভাড়াঃ
ছোট পরিবারের সাথে থাকার জন্য হিলসাইড এভিনিউ ২২০ স্ট্রীট এ মাস্টার বেডরুম, সেপারেট বাথরুম এবং ফার্নিচারসহ কর্মজীবী মহিলা, স্টুডেন্ট অথবা স্বামী-স্ত্রীর নিকট ফেব্রুয়ারি ১ তারিখ থেকে ভাড়া দেয়া হবে। বাস কিউ- ৪৩, কিউ-১, এন-২৪, কিউ-২৭, কিউ-৮৮। রেস্টুরেন্ট, গ্রোসারী সংলগ্ন। যোগাযোগঃ ৩৪৭-৫৯৯-৮০৭৯.

বাসা ভাড়াঃ
১লা ফেব্রুয়ারি থেকে হি-লসাইড এফ ট্রেনের ২ ব্লকের মধ্যে স্বামী-স্ত্রী অথবা ১/২ জন ব্যাচেলারের কাছে বেসমেন্ট ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৯৩৫-২৮৭০.

বাসা ভাড়াঃ
ইস্ট এলমহার্স্টে সুন্দর নিরিবিলি পরিবেশে বাস স্টপ ৪৭,৩৩, ১৯, ৬৯ এর খুবই সামনে লাক্সারী প্রাইভেট হাউজে ৩ বেডরুম, বিশাল লিভিংরুমসহ ৩য় তলা ভাড়া হবে। বাসা এখন থেকে রেডি আছে। যোগাযোগঃ ৩৪৭-৩৫৫-৫০৩৭.

বাসা ভাড়াঃ
উড হ্যাভেন ৮০ স্ট্রীট J ট্রেনের সাবওয়ের নিকটে 1st ফ্লোরে ১বেড, ১ লিভিং, কিচেন ও বাথরুমসহ মার্চ থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৭১৮-৬০৭-৮১৬৮।

বাসা ভাড়াঃ
১৬১-৪৪, ৮৬ এভিনিউ জ্যামাইকা, হিলসাইড, ৩ বেডরুমের ১ম তলায় একটি বাসা ভাড়া হবে ফেব্রুয়ারি মাস থেকে। পাশে সাবওয়ে এফ ট্রেন। যোগাযোগঃ ৭১৮-৬৮৭-৯৭৩৫ আলম, ৭১৮-৬৮৭-৯৩৮১ ফরিদা।

রুম ভাড়াঃ
১ অক্টোবর থেকে একটি বড় রুম ভাড়া দেয়া হবে. শুধুমাত্র একজন মহিলার/মেয়ের জন্য। জামাইকার হিলসাইড অ্যাভিনিউ এবং ১৮৭ রাস্তার কাছে। পাতাল রেল এবং সমস্ত বাস থেকে হাটার দূরত্ব। বিস্তারিত জানতে কল করুন: ৯১৭-৫৬১-২৭৪৫, ৯২৯-৬০৩-৬৬৯৬.

বাসা ভাড়াঃ
জ্যামাইকা ১৭৭-২২, ১০৬ রোড, এক ব্লক দূরে বাস স্টপ এফ ট্রেন সাবওয়ে থেকে ১০/১২ মিনিট হাঁটার পথ। বাসার কাছেই মসজিদ। একটি তিন বেড, দুই বাথ, লিভিং রুম, কিচেন, ভাড়া দেয়া হবে। নভেম্বর মাস থেকে। মাসিক ভাড়া ৩০০০ ডলার (সব বিলসহ)। যোগাযোগ করুনঃ ৬৪৬-৩৩১-৫৬৫২.

বেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকা মুসলিম সেন্টার মান্নান গ্রোসারী ই ট্রেন হি লসাইড এবং টিলি পার্কের সন্নিকটে দুই বেডরুমের বেসমেন্ট ভাড়া হবে। ৩৪৭-২৫৯-২৯৫৪, ৩৪৭-২৫৫ ৪৮৪৬.

বাসা ভাড়াঃ
October থেকে 2 room full attic বাথরুম কিচেন। গ্যাস বিদ্যু ওয়াইফাইসহ বাংলাদেশি গ্রোসারী, মসজিদ ও F train subway এর নিকটে 187/91 avenue Jamaica ভাড়া হবে।
ফোনঃ ৯১৭- ৬৩৪-৪৮৬৫.

এপার্টমেন্ট ভাড়াঃ
উডসাইড, কুইন্স, নিউইয়র্ক এপার্টমেন্ট ভাড়া হবে। ৩ বেডরুম, লিভিং এবং এক বাথরুম। যোগাযোগঃ সৌরভ: ৯২৯-৩৬৪-৬১৭৪, ৭১৮-২০৫-৯৬৩৬.

বাসা ভাড়াঃ
জ্যামাইকা ইয়র্ক কলেজের পাশে ই ট্রেন সংলগ্ন ২ বেডরুম ২ বাথ রুমসহ বাসা ভাড়া দেয়া হবে।
যোগাযোগঃ
৭১৮-৩৫০-৬৫৬৭, ৯২৯-৬০৬-৫১৩৪.

banglapatrikausa@gmail.com
সফলতার ২৮ বছরে
বাংলা পত্রিকা'য় ক্লাসিফাইড বিজ্ঞাপন দিন
for More information Call: 718-482-9935

ডাক্তার পাত্রের জন্য পাত্রী চাই
৫৬ বছর বয়সী আমেরিকান সিটিজেন, ডিভোর্সড, সুদর্শন ডাক্তার পাত্রের জন্য সরাসরি অথবা ঘটক যোগাযোগ করুন।
Email: hmurshedmd@gmail.com
Phone: 850 866 9012

বাসা ভাড়া:
Queens G 3 bedrooms, 2 Full Bathrooms, Kitchen, Living Room mn Private house এর ৩ floor ভাড়া হবে। Q53, Q22, MQ16 Bus Ges A Train 1 ব্লক এর মধ্যে। ভাড়াটিয়া বিদ্যুৎ, রান্নার গ্যাস, গরম পানি, হিটিং বিল pay করবে। Section 8 এবং NYCHA program গ্রহণযোগ্য।
Address: 216 Beach 97 street, Rockaway Beach NY 11693.
যোগাযোগ : 347-635-0705.

বাসা ভাড়াঃ
১০৭-৪৬ গাই-আর ব্রিউয়ার বুলেভার্ড, জ্যামাইকা, ২ ফ্যামিলির বাসার ২য় তলার তিন বেড, প্রশস্ত কিচেন, লিভিং রুমের বাসা ভাড়া দেয়া হবে। ভাড়া আলোচনা সাপেক্ষে (ব্যাচেলার/ফ্যামিলি)।
যোগাযোগঃ ৩৪৭-৬৫৪-৬৫০২.

বাসা ভাড়াঃ
২৪৫ স্ট্রীট বেলরোজ কুইন্স এ সেমিবেসমেন্টে এক বেডরুমের বাসা (লিভিং / ডাইনিং, কিচেন) এবং প্রথম তলায় একটি সিঙ্গেল রুম ভাড়া হবে পহেলা আগস্ট হতে। LIRR 3 minutes walk. Parking available. Ph: 917-605-9315.

বাসা ভাড়াঃ
জ্যামাইকা পারসন্স বুলেভার্ড এলাকায় এফ ট্রেন এর ২ মিনিট হাঁটার দূরত্ব, ৩ বেডরুম এর বাসার একটি রুম/ শেয়ারে ভাড়া হবে। শুধুমাত্র পুরুষ ব্যাচেলারের জন্য।
যোগাযোগঃ 929-261- 9941.

বাসা ভাড়াঃ
রিচমন্ডহিল ৮৬ এভিনিউ ১২৭ স্ট্রীট ২য় তলা জুলাই ১ তারিখ থেকে ৩ রুম, কিচেন, ডাইনিং ১ বাথরুম সম্পূর্ণ নতুন ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৯১৭-৩০২ ৭১৫৬.

বেসমেন্ট ভাড়াঃ
বেসমেন্ট ভাড়া দেয়া হবে ১লা আগস্ট থেকে কুইন্স ভিলেজ ২ বেডরুমের বেসমেন্ট ভাড়া দেয়া হবে (ফ্যামিলি কেস) কিচেন, বাথরুম সম্পূর্ণ আলাদা, বাসার নিকেটঃ কিউ ২ এবং কিউ-৭৭ বাস। ১০১ এভিনিউ, ২০৮ স্ট্রীট কুইন্স ভিলেজ।
যোগাযোগঃ ৯২৯-৩৫০-৭২৯৫.

বেসমেন্ট ভাড়াঃ
জুলাই মাস অথবা ১লা আগস্ট, ২০২৪ হতে স্বামী-স্ত্রী অথবা ২জন কর্মজীবী মহিলা- ৪৬৯ জর্জজিয়া এভিনিউ, ব্রুকলীন, নিউ ইয়র্ক ১১২০৭। সাবওয়ে ৩ এবং এল ট্রেন। যোগাযোগঃ ৯১৭-৩৬২ ৩১৯০.

সেমিবেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকা ২০৪ স্ট্রীট ৯০ এভিনিউ একটি প্রাইভেট হাউজের বেসমেন্ট ভাড়া হবে। স্বামী-
স্ত্রীর অথবা কর্মজীবী মহিলা অগ্রাধিকার।
ফোনঃ ৩৪৭-২৬৪-০৭৩৫

House for rent: (1) Renovated 4 bed ,1 bathroom. (1) New 3 bed and 1 bathroom basement. Queen Village. 631-568-6061. Close to Bus or train.

House For Rent: October 1st 3 bedroom 1 bath For rent in 2nd floor one block away from Mosque & Grocery . Q6 bus 3 stop to Sutphin Blvd E train . zip code 11433 . Next to Fresh Farm Halal Supermarket.
Contact- 347-925-3356 or 929-542-6400.

House for rent :
3551 Rochambeau Ave, 2nd Floor, 3 Bedroom, Big Living Room eat in Kitchen, Bronx NY 10462. Call or text-718 690-4556, 631-337 6029.

Apartment for rent:
1 BDRM in Ozone Park near Woodhaven Blvd. 1st Fl, all included. Mul tiple Bachelors preferred $1,900, available immediately. 646-267-7919.

Apartment for rent:
2 bedrooms 1st floor or 3 bedrooms 2nd Floor with living room at 143 Street and 84th Drive, Briarwood, Walking distance to E/F train. Good Credit and income re quired. Contact 646 389-8259.

Apartment For Rent

3-bedroom apartment in private house in Jamaica near 177th St and Liberty Avenue available for rent.
Please contact Mojib at (347) 234-8295.

টিএলসি কার ভাড়াঃ টিএলসি ভাড়া হবে। লং টাইমের জন্য হাইব্রিড কার ভাড়া হবে। যোগাযোগঃ ৭১৮- ২৪৯-৯৫২৫. টিএলসি গাড়ি ভাড়াঃ টিএলসি গাড়ি ভাড়া দেওয়া হবে। হাইব্রিড হোন্ডা একরড ২০১৮। ভাড়া সাপ্তাহিক ৫০০ ডলার। আগ্রহীগণ যোগাযোগ (৭১৬) ৮০০-৭৬২৩

ড্রাইভারঃ জ্যাকসন হাইটস ও উডসাইড এলাকায় র‍্যাভ-৪ ইয়েলো ক্যাব গাড়ির জন্য দিনের শিফটের জন্য একজন ড্রাইভার আবশ্যক। যোগাযোগঃ ৯২৯-২২৯-৬৮৩৬.

ড্রাইভারঃ TLC বাৎসরিক চুক্তিতে, চারশত মাস করে, আগ্রহীরা নিম্নের নম্বরে যোগাযোগ করুন। মোবাঃ **৬৪৬-৭০৪-৫৭৪৯.**

মানুষের দুর্ভোগ মানুষেরই উপার্জন

জাফর আহমাদ

প্রকৃতি রাজ্য আল্লাহর কঠিন নিগূঢ়ে বাঁধা। তাই কোথাও কোন অসঙ্গতি নেই। ইচ্ছায় হোক বা অনিচ্ছায় সকল সৃষ্টিই আল্লাহর হুকুম মেনে চলছে। অর্থাৎ তারা জন্মগতভাবে মুসলিম বা অনুগত। যার ফলে সর্বত্র ভারসাম্য অবস্থা বজায় আছে। প্রকৃতি রাজ্যের কোথাও কোন বিশৃংখলা নেই, নেই কোন অসঙ্গতি। সকল সৃষ্টিই আল্লাহর বেঁধে দেয়া পথে চলছে। সূর্য মহাপরাক্রমশালী ও মহাজ্ঞানী প্রভুর বেঁধে দেয়া নির্ধারিত কক্ষপথে চলছে, ফলে সৌরজগতে এলোমেলো বিচরিত অসংখ্য গ্রহ-নক্ষত্রের সাথে ধাক্কা লাগছে না। মৌমাছিরা আল্লাহ নির্দেশে মধু সংগ্রহের জন্য বাসা থেকে বেরিয়ে দুর-বহুদুর চলে যায় এবং কাজ সেড়ে বাসায় ফিরে আসে। কাদি-কুন্তাহীন ও পূঁজিহীন ভোরের পাখিরা খাদ্যের জন্য বেরিয়ে পড়ে, বিকেলের লালিমায় পেটপুরে আপন আপন নীড়ে ফিরে আসে। তাদের কোন সঞ্চয় নেই এবং তারা গুদামজাতও করে না। তাদের ধন-সম্পদ রক্ষার জন্য রাতজেগে পাহাড়া দেয়ার প্রয়োজন পড়ে না। ফলে তাদের পেসার-ডায়াবেটিস বা অন্যান্য রোগ নেই। এভাবে প্রতিটি সৃষ্টি আল্লাহর নির্দেশে পথ চলে এবং আপন আপন সীমা রেখায় প্রত্যেকেই ক্রিয়াশীল।

কিন্তু মানুষ তার ব্যতিক্রম। আল্লাহ তা'আলা মানুষকে একটি স্বাধীন বিবেক দিয়েছেন। যখন তারা এই বিবেককে আল্লাহর হুকুমের অনুগত করে তখন প্রকৃতি রাজ্যের মতো তাদের ব্যক্তি,পরিবার,সমাজ, রাষ্ট্র ও আন্তর্জাতিক পরিমণ্ডলে শৃংখলা ও ভারসাম্যতা প্রতিষ্ঠিত হয়। অপরদিকে মানুষের মধ্যে আরেকটি জিনিস দেয়া হয়েছে তার নাম 'নফস'। নফস যদি বিবেক থেকে শক্তিশালী হয় তবে দুনিয়ার কামনা-বাসনা তাকে অক্টোপাসের মতো বেঁধে ফেলে। লোভাতুর পৃথিবীর কাছে সে নিজেকে পরিপূর্ণ সমর্পণ করে দেয়। সে দুনিয়াকে অবাধে ভোগ করার জন্য মানুষকে ক্রমাগত লালসার লোভ দেখায়। অর্থ্যাৎ খাও-দাও ফূর্তি করো দুনিয়াটাই মস্তবড়। আল কুরআনে উল্লেখ রয়েছে, (ইউসুফ বলল) "আমি নিজের নফসকে দোষমুক্ত করছি না। নফস তো খারাপ কাজ করতে প্ররোচিত করে, তবে যদি কারোর প্রতি আমার রবের অনুগ্রহ হয় সে ছাড়া। অবশ্যই আমার রব বড়ই ক্ষমাশীল ও মেহেরবান।"(সুরা ইউসুফ:৫৩)

পক্ষান্তরে বিবেক মানুষকে সবসময় ভালো কাজের জন্য উদ্বুদ্ধ করে। যার বিবেক দূর্বল এবং নফস সবল তার কাছে হালাল-হারাম ও ভালো-মন্দ একই রকম। আর যার বিবেক সবল তার কাছে হালাল ও ভালো কাজই শুধু গ্রহণযোগ্য। নফসের খাদ্য হলো, দুনিয়াকে অবাধে ভোগ করা ও হালাল-হারামের পার্থক্য না করা। আর বিবেকের খাদ্য হলো, ভালো কাজ করা, হালালকে গ্রহণ করা হারামকে বর্জন করা।

'বিবেক' মানুষের এক মূল্যবান সম্পদ। মানুষ নামক যে যন্ত্রটি পৃথিবীতে বিচরণ করে বেড়ায়, সেই যন্ত্রটির মৌলিক মানবীয় প্রাণশক্তিই হলো 'বিবেক'। এটি ছাড়া মানুষ কখনো মানুষ হিসেবে বেঁচে থাকতে পারে না। আলবত সে পশুর কাতারে নেমে আসে। সব মানুষই বিবেকসম্পন্ন। কিন্তু এটিকে মানুষের শরীর-স্বাস্থ্যের মতো যত্ন নিতে হয়। আমাদের সমাজ ব্যবস্থায় কেউ কেউ তার নিয়মিত পরিচর্চা করেন আবার অনেকেই তাকে অবহেলা ভরে মৃত্যুর দুয়ারে ঠেলে দেয়। বিবেকের পরিচর্চা ও শান দেয়ার মাধ্যমেই মানুষ ভালো মানুষে পরিণত হয়। সুস্থ ও সবল বিবেকের তাড়নায় এ সমস্ত মানুষেরা সমগ্র আবেগ-উচ্ছ্বাস, হৃদয়বৃত্তি এবং সকল প্রকার লোভ-লালসা নিয়মানুগ ও বিধিবদ্ধ করে নেয়। মানুষের মধ্যে নফসও আছে, যে সকল সময় মানুষকে কামনা-বাসনায় আবদ্ধ করতে চায়। ক্রমাগত মানুষকে মায়াবী পৃথিবীর রঙিন জালে আবদ্ধ রাখতে চায়। এই নফসের উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার জন্য বিবেকের সাহায্য একান্ত প্রয়োজন হয়। তাই নফস থেকে বিবেক অবশ্যই অধিকতর শক্তিশালী হতে হবে। এজন্য বিবেকের নিয়মিত পরিচর্চার প্রয়োজন হয়। বিবেক যত শক্তিশালী হবে নৈতিক মান তত উন্নত হবে। নৈতিক মান যত উন্নত হবে নফস তত দূর্বল হতে থাকবে। এবং এক সময় নফস বিবেকের গোলামী করতে বাধ্য হবে। যার বিবেক শক্তিশালী তিনিই মুত্তাকী। কিন্তু যদি এই বিবেককে ক্রমাগত অবহেলা করা হয় তবে এটি অসুস্থ ও দূর্বল হয়ে যায় এবং এক সময় তার অপমৃত্যু ঘটে এবং তখন মানুষ অমানুষে পরিণত হয়। সমাজ ও সভ্যতায় নেমে আসে অরাজকতা ও বিপর্যয় এবং সমাজ পরিণত হয় অন্যায় ও অবিচারের অভায়রণ্য। যেখানেই এভাবে মরহুম বিবেকের সংখ্যা বাড়তে থাকে সেখানটায় পশুর খোয়ারে পরিণত হয়।

সব মানুষ জানে বিবেকের গুরুত্ব কতটুকু। কিন্তু তার পরিচর্চা করতে জানে না অথবা জানার সেই পরিবেশও পায় না। আমাদের সমাজ ব্যবস্থায় কেউ ছোট্র একটি অপরাধ করলে, মানুষ তাকে বলে থাকে 'লোকটির বিবেক নাই' অথবা 'এটি বিবেকহীনের কাজ'। এখানে মনে রাখা প্রয়োজন, মানুষ ও পশুর মধ্যে তফাৎ করা হয় 'বিবেক'-এর মাধ্যমে। অর্থ্যাৎ মানুষের বিবেক আছে, পশুর বিবেক নেই। কিন্তু এখানে এ কথাও মনে রাখা প্রয়োজন যে, মানুষ যখন বিবেকহীন হয়ে পড়ে তখন তার মান পশুর চেয়েও অধিকতর নিচে নেমে আসে। কারণ পশুরা শুধুমাত্র নিজের ক্ষুধার জ্বালা নিবারণের জন্য অন্য পশুকে শিকার করে। হিংসা-বিদ্বেষ, প্রভাব-প্রতিপত্তি বা হিংসাত্মক মনোভাব চরিতার্থ করার জন্য কোন পশু অন্য পশুর উপর হামলা করে না বা আক্রমন চালায় না। কিন্তু বিবেকহীন মানুষ হেন এমন হীনতর কাজ নাই যা সে করতে পারে না। যে কোন জায়গায় সামাজিক বিপর্যয় ঘটানোর জন্য গুটিকয় বিবেকহীন ব্যক্তিই যতেষ্ঠ।

আমাদের বর্তমান সামাজিক প্রেক্ষাপট চিন্তা করা হলে, সহজেই পরিমাপ করা যায় যে, সেই বিবেকের মৃত্যুহার দিন দিন বেড়েই চলেছে। কিন্তু কেন? কেন আজ বিবেকের মৃত্যুহার বেড়ে যাচ্ছে? কেন সামাজিক ভ্রাতৃত্ববোধ উঠে যাচ্ছে এবং কেন আজ সামাজিক বন্ধন হুমকীর সম্মুখীন হয়ে পড়েছে? সমাজের সর্বস্তর থেকে আজ ধৈর্য, সহনশীলতা, সহিষ্ণুনতা, সহাবস্থান, পরশ্রীমূখরতা ক্রমান্বয়ে হারিয়ে যাচ্ছে। কেউ কাউকে মানছে না। ছোট বড়কে সম্মান করছে না, বড় ছোটকে স্নেহের বন্ধনে আবদ্ধ করতে পারছে না। জাতির মেরুদন্ড সোজাকারী শিক্ষক লাঞ্ছিত হচ্ছেন স্বীয় গুণধর ছাত্রের দ্বারা। ছাত্র তার ছাত্র বন্ধু দ্বারা নিহত হচ্ছে। তথাকথিত মেধাবীরা চরম বেহায়াপনার কাজে জড়িয়ে পড়েছে। সমাজের সম্মানিত ব্যক্তিদের মর্যাদা ভুলুণ্ঠিত হচ্ছে যত্রতত্রভাবে। স্বাধীন দেশের অধিবাসীরা স্বাধীনভাবে মুক্ত বাতাসে নি:সঙ্কায় চলাফেরা করতে পারছে না। কিসের ভয় যেন সদায় তাদের তাড়া করে ফিরে। হত্যা, মাস্তানী ও চাঁদাবাজির কারণে সমাজের হা-হুতাশ শুরু হয়েছে। জীবনের প্রতিটি ক্ষেত্রই আজ বিশাল ধ্বংসের দিকে দ্রুতগতিতে এগিয়ে যাচ্ছে। চারদিকে শুধু অবক্ষয় আর অবক্ষয়। ব্যক্তি ও জাতীয় চরিত্রের অধঃপতন, পারিবারিক ও সামাজিক সুশৃংখল অবকাঠামোর ভাঙ্গন, সামাজিক ও রাজনৈতিক অসহিষ্ণুতা দেশ আজ অগ্নীগর্ভে রূপ নিয়েছে। ভোগের রাজ্যে চলছে অত্যাধিক মাতলামী। মোটকথা মানুষের ব্যক্তি, পরিবার, সমাজ, রাষ্ট্র ও আন্তর্জাতিক জীবন আজ মরণব্যাধী রোগে আক্রান্ত। তাহলে কি বিবেকের মৃত্যুহার বেড়ে গিয়ে বিবেকশূণ্য পৃথিবী বিবেকহীনদের ভার সইতে পারছে না? হাঁ, পূর্বেই বলা হয়েছে যে, বিবেকের নিয়মিত পরিচর্চা না করার কারণেই বিবেকের মৃত্যুহার বেড়ে গেছে। ফলে বিবেকের অনুপস্থিতির কারণে উপরোক্ত বিপর্যয় দেখা দিয়েছে।

বিবেকশূণ্য পৃথিবীটা ভারসাম্যহীন হয়ে পড়েছে বিধায় চারদিকে একটার পর একটা বিপর্যয় নেমে আসছে। নফসের সগৌরবে উপস্থিতি বেড়ে যাওয়ার কারণে মানুষ হালাল-হারামকে একাকার করে ফেলেছে। ফলে আসমান ও জমিন থেকে আপদ-বিপদ আবর্তিত হয়ে সমাজ ও সভ্যতাকে নাস্তানাবুদ করে দিয়ে যাচ্ছে। এই দুর্ভোগ থেকে বাঁচার জন্য বিবেকের সঠিক পরিচর্যা বাড়িয়ে দিতে হবে এবং বিবেককে অবশ্যই নয়স থেকে অধিক শক্তিশালী হিসাবে গড়ে তুলতে হবে।



Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030
নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন
After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।
বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels
কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates | السعودية SAUDIA | الإتحاد ETIHAD AIRWAYS | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372
Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND
EXECUTIVE SERVICES
37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

KAKATUA AGENCY 25th Anniversary 1990 2015

KAKATUA
AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorised IRS e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)

ENROLLED AGENT

OUR SERVICES ARE:
Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন,
হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT	8 Weeks Course 4 Hours Each Class Total 32 Classes (4 days/week) Total Cost : $2000.00 Time : 2 pm to 6 pm	Get 25% Discount sign up by 4th July
SHSAT	8 Weeks Course 5 days/week Total Cost : $2000.00 Time : 2 pm to 6 pm	
COMMON CORE MATH & ENGLISH	1st Grade to 6th Grade 8 weeks course 3 Hrs./day, 4 days/week Cost : 600.00	

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Quality Education Is Our Priority!

Congratulations to all our Students who made into Specialized High School

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

MATRIMONIAL SERVICE
(NYC REGISTERED)



নিউইয়র্ক সিটির রেজিষ্টার্ড কাজী
নিউইয়র্ক যে কোন ব্যুরোতে
* শরীয়ত সম্মত বিবাহ পড়ানো হয়।
* প্রয়োজনীয় ডকুমেন্টের জন্য ম্যারেজ সার্টিফিকেট প্রদান করা হয়।
Contact
QAZI ASHRAF HASAN
Phone: (929) 705 2645

Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist

পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon

FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

NIGAR
SULTANA
LICENSED REALESTATE AGENT
929-561-9226
TEXT NSL TO 85377 FOR DIGITAL BUSINESS CARD



ভাইকিংসের শুভ ওয়াম্পলার পেডালসের অফিশিয়াল শিল্পী



বাংলা পত্রিকা ডেস্ক : মার্কিন অডিও যন্ত্র প্রস্তুতকারী প্রতিষ্ঠান ওয়াম্পলার পেডালসের অফিশিয়াল শিল্পী নির্বাচিত হয়েছেন ভাইকিংসের লিড গিটারিস্ট ফারুক হোসেন শুভ। গতকাল শনিবার ব্যান্ডের পক্ষ থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা যায়।

ওয়াম্পলার পেডালসের আনুষ্ঠানিক শিল্পী হওয়ার বিষয়টিকে ফারুক হোসেন শুভ তাঁর জীবনের অন্যতম অর্জন মনে করছেন। নিজের নামটি ওয়াম্পলার পেডালসের অফিশিয়াল ওয়েবসাইটে দেখে যারপরনাই আনন্দিত এই বাংলাদেশি গিটারিস্ট।

নিজের অনুভূতি প্রকাশ করে তিনি বলেন, 'এই অন্তর্ভুক্তি শুধু আমার জন্য নয়, এটি বাংলাদেশের সংগীতশিল্পীদের প্রতিভার স্বীকৃতি। আন্তর্জাতিক মঞ্চে দেশকে প্রতিনিধিত্ব করতে পারা সত্যিই গর্বের বিষয়। আমার ব্যান্ড ভাইকিংস, আমার পরিবার, বন্ধু এবং অগণিত ভক্তদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। আপনাদের ভালোবাসা ও সমর্থন ছাড়া এই যাত্রা সম্ভব হতো না।'

ফারুক হোসেনের মতে, তাঁর এই অর্জন ভবিষ্যতে বাংলাদেশের সংগীতশিল্পীদের জন্য আন্তর্জাতিক মঞ্চে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করবে।

২০০৭ সালে ব্রায়ান ওয়াম্পলার প্রতিষ্ঠিত ওয়াম্পলার পেডালস ওভারড্রাইভ, ডিস্টর্শন, ফাজ এবং মডুলেশন পেডালের জন্য বিশ্বজুড়ে পরিচিত। উচ্চমানের সাউন্ড ও সৃজনশীল ডিজাইনের জন্য বিশ্বব্যাপী শীর্ষস্থানীয় মিউজিশিয়ানদের মধ্যে ওয়াম্পলার পেডালস নিভৃতযোগ্য নাম। ফারুক হোসেন ভাইকিংস ব্যান্ডের অন্যতম সদস্য।

হুমায়ূন আহমেদকে সিনেমা উৎসর্গ

বাংলা পত্রিকা ডেস্ক : ইতিমধ্যে থ্রিলার নির্মাতা হিসেবে দর্শকমহলে আলাদা পরিচিতি তৈরি করেছেন নির্মাতা ভিকি জাহেদ। রোমান্টিক কাজ বরাবরই কম করেন তিনি। এই বছর ভালোবাসা দিবসে 'নীল সুখ' নামে ভালোসার ওয়েব চলচ্চিত্র নির্মাণ করেছেন ভিকি।

ওটিটি প ্যাটফর্ম বিঞ্জের ওয়েব চলচ্চিত্রটি প্রয়াত ঔপন্যাসিক, নির্মাতা হুমায়ূন আহমেদকে উৎসর্গ করেছেন ভিকি জাহেদ। হুমায়ূন আহমেদকে আদর্শ হিসেবে মানেন এই নির্মাতা। ক্যারিয়ারে প্রথমবারের মতো কোনো কাজ হুমায়ূন আহমেদকে উৎসর্গ করলেন তিনি।

নির্মাতা জানান, নির্মাতা হিসেবে তাঁকে ভীষণ প্রভাবিত করেছেন হুমায়ূন আহমেদ। হুমায়ূন আহমেদের প্রতি কৃতজ্ঞতা রয়েছে তাঁর। 'নীল সুখ' সিনেমায় হুমায়ূন আহমেদের ছাপ রাখার চেষ্টা করেছেন।

ভিকি জাহেদ বলেন, 'আমার দীর্ঘদিনের ইচ্ছা ছিল, আমার একটি কাজ হুমায়ূন (আহমেদ) স্যারকে উৎসর্গ করব। অবশেষে সেটা সম্ভব হলো। এটা আমার জন্য অনেক ভালো লাগার বিষয়।'

ওটিটি প ্যাটফর্ম বিঞ্জে মুক্তি পাবে 'নীল সুখ'। ওয়েব সিনেমাটি নিয়ে ভিকি জাহেদ বলেন, 'আমি রোমান্টিক কাজ কম করি। ফলে দর্শকেরা অনেক দিন ধরেই চাচ্ছিলেন, আমি যেন রোমান্টিক কাজ করি। এটা নিখাদ ভালোবাসার গল্পে নির্মাণ করেছি। তবে গল্পটা সরল নয়। যেহেতু আমার কাজ, একটু জটিল তো হবেই।'

এতে অর্পা ও মারুফ চরিত্রে অভিনয় করেছেন মেহজাবীন চৌধুরী ও রেহান।

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ আছেন। আপনাদের মঙ্গলকর জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

জানুয়ারি ২০২৫ ভিসা বুলেটিন

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) জানুয়ারি ২০২৫ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে জানুয়ারি ২০২৫ এর পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, ফাইনাল এ্যাকশন ডেট বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএসসিআইএস/ডিওস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আপনাদের প্রায়োরিটি তারিখ হবে অবশ্যই এই তারিখের পূর্বে।

জানুয়ারি ২০২৫ এর ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে খুব সামান্য অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি স্পন্সর প্রেফারেন্স

প্রথম: (এফ ১) ইউ এস সিটিজেনদের অবিবাহিত পুত্রকন্যা নভেম্বর ২২, ২০১৫।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস স্বামী বা স্ত্রী সন্তান এবং অবিবাহিত পুত্র কন্যা।

এ, (এফ ২ এ): পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস স্বামী বা স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের সন্তান: জানুয়ারি ১, ২০২২।

বি, (এফ ২ বি): পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত সন্তান ২১ বছর বা তদূর্ধ বয়সী। মে ২২, ২০১৬।

তৃতীয়: (এফ ৩): ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্রকন্যা: জুলাই ০১, ২০১০।

চতুর্থ: (এফ ৪): প্রাপ্ত বয়সী ইউএস সিটিজেনদের ভাই বোন। আগস্ট ০১, ২০০৭।

এ ব্যাপারে পারিবারিক এবং চাকুরী ভিসার বিষয়ে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট এর ওয়েবসাইট ভিজিট করুন।

নিউইয়র্ক থেকে ম. হামিদের প্রশ্ন

আমি একজন ইউএস সিটিজেন। আমি এই বিভাগের একজন নিয়মিত পাঠক। আজ আমি আমার এবং আমার এক আত্মীয়ের জন্য দুটি বিষয় জানতে এই লেখাটি লিখছি। আমার পাঠানো দুটি প্রশ্নের মত প্রশ্ন এবং তার উত্তর পরেছিলাম। কিন্তু আজ আপনার পরামর্শ পেতে আবারো প্রশ্ন পাঠালাম। আশা করি উত্তর পাবো এবং কৃতজ্ঞ থাকবো।

আমার প্রথম প্রশ্নটি হচ্ছে: আমি একজন ইউএস সিটিজেন। আমার আবেদনের প্রেক্ষিতে আমার স্ত্রী গ্রীন কার্ড নিয়ে এদেশে এসেছে। কিন্তু আমার স্ত্রী যে গ্রীন কার্ড পেয়েছে সেই গ্রীন কার্ডটি হচ্ছে কন্ডিশনাল গ্রীন কার্ড। তার এই কার্ডের মেয়াদ শীঘ্রই শেষ হয়ে যাবে। এ ব্যাপারে আপনার পরামর্শ প্রত্যাশা করছি।

আমার পাঠানো দ্বিতীয় প্রশ্নটি হচ্ছে:

আমি একজন গ্রীন কার্ডধারী। আমি রাজনৈতিক আশ্রয়ের কেসের মাধ্যমে গ্রীন কার্ড পেয়েছিলাম। বাংলাদেশ থেকে বৈধ ভিসা নিয়ে আসা একজনকে আমি বিয়ে করেছি। আমার স্ত্রীর এদেশে কোন বৈধ স্ট্যাটাস নেই। কিন্তু আমি জানিনা যে আমি আমার স্ত্রীর জন্য আবেদন করতে পারব কিনা। আমাকে কি অপেক্ষা করতে হবে আমার সিটিজেনশিপ লাভ করার আগ পর্যন্ত, নাকি আমি এখনই আমার স্ত্রীর জন্য আবেদন করতে পারবো ?



আমি ইমিগ্রেশন বিষয়ে তেমন কিছু জানি না। আমার পাঠানো দুটি প্রশ্নের জন্য পরামর্শ পেলে উপকৃত হব এবং কৃতজ্ঞ থাকবো।

ম. হামিদের প্রশ্নের উত্তর:

আপনার প্রথম প্রশ্ন হচ্ছে আপনি একজন ইউএস সিটিজেন। আপনার মাধ্যমে আপনার স্ত্রী যে গ্রীনকার্ড পেয়েছে সেই গ্রীন কার্ড হচ্ছে কন্ডিশনাল গ্রীন কার্ড। অর্থাৎ আপনার স্ত্রী হচ্ছেন কন্ডিশনাল গ্রীনকার্ডধারী। অর্থাৎ বিয়ের ২ বছর পূর্ণ না হতেই যদি আপনার স্ত্রী গ্রীনকার্ড পেয়ে থাকেন তবে সেই গ্রীনকার্ড হচ্ছে কন্ডিশনাল গ্রীনকার্ড।

ইমিগ্রেশন নিয়ম অনুযায়ী কন্ডিশনাল গ্রীনকার্ডের মেয়াদ শেষ হবার আগেই ইমিগ্রেশনে ওই কন্ডিশন রিমুভ করার জন্য এবং পার্মানেন্ট কার্ড ইস্যু করার জন্য আবেদন করতে হয়। এ কারণে আপনার স্ত্রীকে তার কন্ডিশনাল কার্ডের মেয়াদ শেষ হওয়ার আগেই তার কন্ডিশন রিমুভ করার জন্য আবেদন জানাতে হবে। পার্মানেন্ট গ্রীন কার্ড ইস্যু করার জন্য ফরম আই ৭৫১ ফাইল করতে হয়। সেখানে স্বামী-স্ত্রী উভয়কে সই দিতে হয়। এবং যথাযথ ফিস দিতে হয়। আর স্বামী স্ত্রী একত্রে বসবাসের স্বপক্ষে বাড়ির লিজ, ইউটিলিটি বিলের কপি, ক্রেডিট কার্ড, ব্যাংক স্টেটমেন্ট, যৌথ ট্যাক্স রিটার্ন ইত্যাদি পেশ করতে হয়।

আপনার দ্বিতীয় প্রশ্নের উত্তর:

আপনি একজন গ্রীন কার্ডধারী। ইমিগ্রেশন নিয়ম অনুযায়ী একজন গ্রীনকার্ডধারী তার স্ত্রী এবং অবিবাহিত সন্তানদের জন্য আবেদন করতে পারেন। রাজনৈতিক আশ্রয়ের আবেদন গৃহীত হবার পর বিয়ে করায় তার স্ত্রী সাধারন নিয়মে পড়বেন। অতিরিক্ত বেনিফিটের আওতায় পড়বেন না। স্ট্যাটাস এডজাস্টমেন্ট এর ইন্টারভিউ এর জন্য উপযুক্ত হতে স্পাউসকে বৈধ প্রবেশদ্বারী হতে হবে এবং বৈধ স্ট্যাটাসধারী হতে হবে। পিটিশনার যদি ইউএস সিটিজেন হন এবং সন্তান মা-বাবা অথবা স্পাউসের গ্রীনকার্ডের জন্য ফাইল করতে চান, সেক্ষেত্রে শুধুমাত্র বৈধ প্রবেশদ্বারী হলেই চলবে।

আপনি একজন গ্রীনকার্ডধারী সে কারণে যেকোনো সময় প্রয়োজনে আপনি এক বছরের জন্য এ দেশের বাইরে ভ্রমণে যেতে পারেন বিনা অনুমতিতে। মনে রাখবেন এক বছরের বেশি সময় অবস্থান করতে চাইলে অনুমতি নিতে হবে। উল্লেখ্য যে, রাজনৈতিক আশ্রয়ের কেসের মাধ্যমে গ্রীনকার্ড পেয়েছেন সে কারণে জরুরি না হলে নিজ দেশে বেড়াতে যাওয়া থেকে বিরত থাকাই ভালো ।

ইমিগ্রেশন বিষয়ে আমাদের পরামর্শ হচ্ছে যেকোনো চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নির সাথে পরামর্শ করা ভালো।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪ ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল:

kazmiandreeves@gmail.com

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

'আমার ও পরিবারের ওপর দিয়ে কী যাচ্ছে সেটা শুধু আমিই জানি'



বাংলা পত্রিকা ডেস্ক : এবারের বিপিএলে পারিশ্রমিক ইস্যুতে অনেক বিতর্ক হয়েছে। এসব বিতর্কের মাঝে নতুন খবর আসে স্পট ফিক্সিং নিয়ে। বলা হয় বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) দুর্নীতি দমন ইউনিট (এসিইউ) অন্তত ১০ জন ক্রিকেটার এবং চারটি ফ্র্যাঞ্চাইজিকে নিয়ে তদন্ত করছে। যেখানে ক্রিকেটারদের নামও প্রকাশ করা হয়। এর পর শনিবার সকালে খবর ছড়িয়ে পড়ে ফিক্সিং সন্দেহে এনামুল হক বিজয়কে দেশত্যাগে নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। যদিও বিকেলে বিসিবি সংবাদবিজ্ঞপ্তি দিয়ে জানায়, খবরটি সত্যি নয়।

এবার সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে নিজের ভেরিফায়েড পেজ থেকে একটি ভিডিও দিয়েছেন বিজয়। যেখানে তিনি গত কয়েক দিন কী পরিস্থিতির মধ্য দিয়ে কাটছে তা জানিয়েছেন।

বিজয় বলেন, 'আসসালামু আলাইকুম, আমি এনামুল হক বিজয়। আশা করি আপনারা ভালো আছেন। গত চার-পাঁচদিন ধরে আমার পরিবার এবং আমার উপর দিয়ে যা যাচ্ছে সেটা আসলে কারোরই জানা নাই। শুধু জানা আছে আমার।

আসলে বিস্তারিত অনেক কিছুই বলতে চাই। আসলে ওরকম পরিস্থিতিতে ছিলাম না তাই আসলে কিছু বলা হয়নি। যখন কালকে দেখলাম আমাদের বিসিবি, আমাদের গার্ডিয়ান তারা একটা সুন্দর বার্তা দিয়েছে সংবাদমাধ্যমে। যেটার পরে আসলে কথা বলার সুযোগ হয়েছে, আমি মনে করি সেটা কথা বলার সঠিক সময়।

আমি বিভিন্ন সময়ে, বিভিন্ন জায়গাতে গত তিন-চারদিন ধরে যা দেখে আসছি এটা কোন খেলোয়াড়ের জন্যই কাম্য নয়।

যারা আসলে এই নিউজগুলো নিয়ে এটার মধ্যে মাশালা মিশিয়ে প্রচার করেছেন এবং এটা নিয়ে মজা নিচ্ছেন, মজা পেয়েছেন তাদের জন্য বলি আমি উকিল নোটিশ সবাইকে দিচ্ছি। যারা যারা এর মধ্যে জড়িত আছেন, যারা যারা এই নিউজগুলোকে সুন্দর বাহবা দিয়েছেন বা প্রমোট করেছেন।

উকিল নোটিশ এক-দুদিনের মধ্যে তারা পেয়ে যাবে। তারপর আপনারা অবশ্যই এটা দেখতে পারবেন। একটা কথা বলি, আজকে আমার উপর দিয়ে যে জিনিসটা যাচ্ছে তা ভবিষ্যতে যেতে পারে তা অন্য কোনো খেলোয়াড়ের উপর দিয়ে। এর আগেও দেখেছি অনেক খেলোয়াড়ের যেকোন নিউজ তার কথা না শুনে, যেকোন একটা তথ্য পেয়ে নিউজ করে দেয়া আসলে জানি না আপনারা কী মজা পান। কিন্তু একবার ভেবে দেখবেন তার পরিবারের উপর দিয়ে কী যায়, তার মানসিক অবস্থাটা কী থাকে। সবশেষ একটা কথা বলি এটা খুবই অন্যায় একজন খেলোয়াড়ের উপরে একজন মানুষের উপরে ব্যক্তিগত আক্রোশ দিয়ে আপনারা প্রমোট করেছেন যেটা একদমই কাম্য ছিল না। যারা এই নিউজগুলো করেছেন তারা একদমই ক্রিকেটের ভালো চান না। তারা দেশের ক্রিকেটের ভালো চায় না এবং বাংলাদেশের ভালো চায় না।

তাদেরকে আমি বলতে চাই এসব বন্ধ করুন এবং ক্রিকেটের পাশে থাকুন, পারলে মানুষের পাশে থাকুন। আমি অবশ্যই আমার সমর্থক, ভালোবাসার মানুষ, কাছের মানুষ, ইতিবাচক কথা বলেছেন, যারা আমাকে বিশ্বাস করে, আমাকে ভালোবাসে, যারা আমাকে সম্মান দেখিয়েছে, যারা ইতিবাচক ছিল, পাশে ছিল তাদেরকে অসংখ্য অসংখ্য ধন্যবাদ। সবসময় তারা আমার সত্যটাকে প্রচার করেছে এবং আমাকে ভালোবাসে।

মিডিয়াতেও আছে যারা আমাকে নিয়ে ইতিবাচক নিউজ করেছে, যারা বুঝেছে একদমই এটা মিথ্যা। তাদেরকেও ধন্যবাদ জানাই, তারা আমাদের কাছের মানুষ অবশ্যই। যারা হলুদ সাংবাদিকতা করেন, যারা প্রমোশনাল সাংবাদিকতা করেন, যারা ভিউয়ের সাংবাদিকতা করেন তাদের কাছে অনুরোধ একবার ভেবে দেখবেন আপনার পরিবারের উপর দিয়ে কী যেতে পারে বা আরেকজনের পরিবারের উপর দিয়ে কী যেতে পারে। আপনার না দেখে, না বুঝে, প্রমাণ ছাড়া নিউজ করার ফলে।

মানুষকে সবার সামনে থাপ্পর মারার পরে পরবর্তীতে যেয়ে তাকে সরি বলে সেটা সমাধান হতে পারে না। আপনারা যে নিউজটা করেছেন সেটা আমার মানসম্মান হয়েছে, আমার এত বছরের ক্যারিয়ারকে প্রশ্নবিদ্ধ করেছেন আপনারা। আমি জাতীয় দলে খেলতে চাই এরকম নিউজের পরে আমার কী রকম ক্যারিয়ার হবে আমি জানি না। কেমন হতে পারে, কেমন অবস্থায় থাকতে পারি আমি জানি না।

আপনাদের কারণে আমার ক্যারিয়ার হুমকির মুখে পড়েছে, আমার সম্মান হুমকির মুখে পড়েছে। আমার আর্থিক বা সামাজিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছি, অসম্মানিত হয়েছি এটার দায়ভার কে নেবে। আপনারা যতই সরি বলেন এটা তো উঠে আসবে না। আমি উকিল নোটিশ পাঠাচ্ছি, কাল-পরশুর মধ্যে এটা পেয়ে যাবে। তারপর এটা পাবলিকলি আমি প্রকাশ করব।'

যেভাবে মেয়েদের ক্রিকেটে গ্রুপিং বন্ধ করেছিলেন তিলকরত্নে



বাংলা পত্রিকা ডেস্ক : বাংলাদেশ নারী দলের কোচ হিসেবে আড়াই বছরের যাত্রার ইতি টেনেছেন হাশান তিলকরত্নে। ওয়েস্ট ইন্ডিজ সফরই ছিল শ্রীলঙ্কান এই কোচের শেষ অ্যাসাইনমেন্ট। ২০২২ সালে বাংলাদেশে অনুষ্ঠিত এশিয়া কাপের পর নিগার সুলতানাদের দায়িত্ব নিয়েছিলেন তিনি।

ক্যারিবিয়ান সফর শেষ করে গতকাল সকালে দলের সঙ্গে ঢাকায় ফিরেছেন হাশান তিলকরত্নে। ৮ ফেব্রুয়ারি উড়াল দেবেন শ্রীলঙ্কার উদ্দেশে। এর আগে আজ প্রথম আলোকে দেওয়া সাক্ষাৎকারে গত আড়াই বছরের কাজের অভিজ্ঞতার কথা শুনিয়েছেন তিলকরত্নে। যার বড় অংশজুড়ে ছিল বাংলাদেশের মেয়েদের ক্রিকেটের নানা জটিলতার প্রসঙ্গ।

বাংলাদেশ নারী ক্রিকেট দলে গ্রুপিংয়ের আলোচনা অনেক দিনের। কেউ এ নিয়ে কখনোই সেভাবে মুখ খোলেননি। তবে তিলকরত্নে এ নিয়ে কথা বলেছেন অকপটেই, 'আমি যখন দায়িত্ব নিই, দলে কয়েকটা গ্রুপ ছিল। আমাকে এটাতে হস্তক্ষেপ করতে হয়েছে এবং আমি গ্রুপিং বন্ধ করেছি। কিছু জিনিস বদলেছি। কিন্তু সেটা বাংলাদেশ ক্রিকেটের ভালোর জন্যই। আমি এখন স্বস্তির একটা পরিবেশ তৈরি করেছি। খেলোয়াড়দের সঙ্গে কথা বললেই এটা বুঝতে পারবেন। আমি তাদের সমান দৃষ্টিতে দেখেছি, আলাদা করে কাউকে পছন্দ করিনি।'

কীভাবে এটা করলেন জানতে চাইলে তিলকরত্নে বলেন, 'দলের জন্য এটা খুব খারাপ। আপনাকে পরিস্থিতিটা বুঝতে হবে। কাউকে কষ্ট না দিয়ে সব ঠিক করতে হবে। কোচ হিসেবে আপনার তাদের এমনভাবে ম্যানেজ করতে হবে, যেন কেউ কষ্ট না পায়।'

সিলেটে অনুষ্ঠিত ২০২২ সালের এশিয়া কাপে শ্রীলঙ্কা নারী দলের কোচ হয়ে এসেছিলেন তিলকরত্নে। ওই টুর্নামেন্টের পরপরই দায়িত্ব নেন বাংলাদেশ নারী দলের। দলের গ্রুপিং দূর করার কঠিন চ্যালেঞ্জ সামলাতে তিনি পাশে পেয়েছিলেন অধিনায়ক নিগার সুলতানাকেও। সাক্ষাৎকারে এ প্রসঙ্গে তিনি বলেছেন, 'নিগার খুবই ভালো অধিনায়ক। পরিস্থিতি খুব ভালো বোঝে। ও নিজেও চাইছিল এটা (গ্রুপিং) বদলাতে।'

তিলকরত্নের সময়ে সিনিয়র ক্রিকেটারদের বাদ পড়া নিয়েও কম আলোচনা হয়নি। সালমা খাতুন, জাহানারা আলম, রুমানা আহমেদরা ছিলেন অনিয়মিত। এ নিয়ে তাঁরা কয়েকবার ক্ষোভ প্রকাশ করেছেন। সাক্ষাৎকারে এ প্রসঙ্গেও কথা বলেছেন তিনি।

তিলকরত্নে বলেন, 'টেস্ট রেকর্ড অনুযায়ী আমার এখনো শ্রীলঙ্কার হয়ে খেলার কথা...(হাসি)। কিন্তু বিষয়টা এমন নয়। আপনি অতীতের পারফরম্যান্স দিয়ে খেলতে পারবেন না। সবকিছুই নির্ভর করবে বর্তমানের ওপর, আপনার ফর্ম কেমন, সেটার ওপর। অনেক নতুন ক্রিকেটার দরজায় কড়া নাড়ছিল, আমার তাদের খেলাতে হতো। আমি যখন দেখলাম কেউ ভালো খেলছে, ফিট আছে, পারফর্ম করতে চায়, তাকে নিয়েছি। সবকিছুই নিভর্র করবে আপনার বর্তমান ফর্ম আর ফিটনেসের ওপর।'

শুধু চ্যাম্পিয়নস ট্রফি জিতলেই হবে না, হারাতে হবে ভারতকেও' বাবরদের পাকিস্তানের প্রধানমন্ত্রী

বাংলা পত্রিকা ডেস্ক : আজকাল আইসিসি ও এসিসি আয়োজিত টুর্নামেন্ট ছাড়া ভারত ও পাকিস্তানের দেখাসাক্ষাৎ হয় না। ক্রিকেট মাঠে মুখোমুখি ভারত-পাকিস্তান, ক্রিকেটের সবচেয়ে বড় বিজ্ঞাপন তো এটাই। তবে আজকাল আইসিসি ও এসিসি আয়োজিত টুর্নামেন্ট ছাড়া দুই দলের দেখাসাক্ষাৎ হয় না। কারণ যে রাজনীতি, সেটি না বললেও চলে। 'চিরশত্রু' সেই দুই দল এবার মুখোমুখি হতে যাচ্ছে চ্যাম্পিয়নস ট্রফিতে। ২৩ ফ্রেব্রুয়ারি দুবাইয়ে গ্রুপ পর্বে মুখোমুখি হবে দুই দল। সেই ম্যাচ নিয়ে এবার উত্তেজনার পারদ আরও চড়েছে। খোদ পাকিস্তানের প্রধানমন্ত্রীও যোগ দিয়েছেন কথার লড়াইয়ে।

শুক্রবার চ্যাম্পিয়নস ট্রফি উপলক্ষে সংস্কার কাজ শেষে নতুন করে 'উদ্বোধন' হয়েছে লাহোর গাদ্দাফি স্টেডিয়ামে। সেই অনুষ্ঠানেই দেশটির প্রধানমন্ত্রী শেহবাজ শরীফ পাকিস্তান দলকে জানিয়ে দিয়েছেন তাদের আসল কাজ কী।

আসল কাজটা শুধু চ্যাম্পিয়নস ট্রফি জয়ই নয়, আমাদের চিরপ্রতিদ্বন্দী ভারতকে দুবাইয়ের ম্যাচে হারাতেও হবে। পুরো দেশ তোমাদের পাশে আছে।

কী কাজ সেটি শুনুন শেহবাজ শরীফের জবানিতেই, 'আমাদের দলটা খুবই ভালো। সাম্প্রতিক সময়ে তারা ভালোও করেছে। তবে আসল কাজটা শুধু চ্যাম্পিয়নস ট্রফি জয়ই নয়, আমাদের চিরপ্রতিদ্বন্দী ভারতকে দুবাইয়ের ম্যাচে হারাতেও হবে। পুরো দেশ তোমাদের পাশে আছে।'

এমনিতেই রাজনৈতিক কারণে ক্রিকেটীয় সম্পর্ক নাজুক। এবার তা আরও ভঙ্গুর হয়েছে চ্যাম্পিয়নস ট্রফি আয়োজন নিয়ে জটিলতায়। যে জটিলতা বেড়েছে ভারতের কারণেই। পাকিস্তান চ্যাম্পিয়নস ট্রফির স্বাগতিক। ভারত সরকার সীমান্তের ওপারের দেশটিতে পাঠাতে চায়নি দল। তাতে প্রথমবারের মতো পাকিস্তানে চ্যাম্পিয়নস ট্রফি আয়োজন ভেস্তে যেতে বসেছিল।

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq

এটর্নী এট ল'

For Appointment: (917)-434-3338

Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com

421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

নিউইয়র্কে


(শেষ পৃষ্ঠার পর)

প্রতিষ্ঠান আশা গ্রুপ অব কোম্পানিজ। অনুষ্ঠানটি সফল করতে গত ৫ ফেব্রুয়ারী বুধবার দুই প্রতিষ্ঠানের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। এই চুক্তির অধীনে দুই প্রতিষ্ঠান একসঙ্গে কাজ করবে এবং আয়োজনটির সফল বাস্তবায়ন নিশ্চিত করবে। এ উপলক্ষ্যে ঐদিন সন্ধ্যায় জ্যামাইকার আশা পার্টি হলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এসময় খলিল গ্রুপ অব ইন্ড্রাস্টিজের প্রেসিডেন্ট ও সিইও মোহাম্মদ খলিলুর রহমান ও আশা গ্রুপ অব কোম্পানীজের প্রেসিডেন্ট ও সিইও আকাশ রহমান সমঝোতা স্মারকে সই করেন। অনুষ্ঠানে শেফ মো. খলিলুর রহমান বলেন, ২০১৭ সালে নিউইয়র্কে খলিল বিরিয়ানী হাউজ যাত্রা শুরু করে। আর অল্পসময়ের মধ্যেই আমাদের খাবার মানুষের পছন্দের তালিকার শীর্ষে স্থান করে নেয়। এবং ক্রমে ক্রমে যুক্তরাষ্ট্র জুড়ে একটি অত্যন্ত জনপ্রিয় এবং সুপরিচিত খাবারের ব্র্যান্ডে পরিণত হয়েছে। শুধু প্রবাসী বাংলাদেশীদের মধ্যেই নয়, আমেরিকানসহ পৃথিবীর বিভিন্ন দেশের মানুষের কাছেও আমাদের খাবারসমূহ সমান জনপ্রিয়। তিনি বলেন, আমরা একটি বিশ্বমানের ইভেন্ট 'আমেরিকান কারি অ্যাওয়ার্ড' আয়োজনে কাজ করে যাচ্ছি। এই আয়োজনের মধ্য দিয়ে কারি রন্ধন শিল্প যেমন অন্য একটি উচ্চতায় যাবে, তেমনি বাংলাদেশের নামও হবে উজ্জ্বল। অত্যন্ত জমকালো ও স্বচ্ছ প্রক্রিয়ায় এই আয়োজন হবে। এতে অংশ নেবে বিশ্বের বিভিন্ন দেশের খ্যাতিমান শেষ ও প্রতিযোগীরা। আশা গ্রুপ এই উদ্যোগে যুক্ত হওয়ায় তিনি তাদেরকে ধন্যবাদ জানিয়েছেন।

সাংবাদিক শামীম আল আমিন ও কাশেম মোহাম্মদের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য দেন সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান, সাপ্তাহিক নবযুগ সম্পাদক শাহাব উদ্দিন সাগর, জাতীয় পুরস্কার বিজয়ী সঙ্গীত পরিচালক ও শিল্পী তানভীর তারেক, সাপ্তাহিক প্রথম আলো'র নির্বাহী সম্পাদক মনজুরুল হক, এটর্নি রাজু মহাজন, কী/ম্যাক্স রিয়েলটির ফাউন্ডার মোহাম্মদ কবীর, গণমাধ্যম ব্যক্তিত্ব এজাজ খান স্বপন, আশা গ্রুপের জেনারেল ম্যানেজার বোরহানুস সুলতান, কমিউনিটি অ্যাক্টিভিস্ট আতোয়ারুল আলম, রুহুল আমিন সরকার, এইচ এম মতিন, আহসান হাবীব, আশরাফুজ্জামান আশরাফ, অভিনেতা তরিকুল ইসলাম মিঠু প্রমুখ।

অমর একুশে বইমেলা-২০২৫ এ


হাবিব রহমানের ভ্রমণ কাহিনী 'ফিলিস্তিনের পথে পথে'



নিউইয়র্ক: অমর একুশে বইমেলা-২০২৫ উপলক্ষে প্রকাশিত হয়েছে বাংলাদেশী বংশোদ্ভূত বিশ্ব পর্যটক হাবিব রহমানের লেখা পঞ্চম ভ্রমণ কাহিনী-ফিলিস্তিনের পথে পথে। বইটিতে তার ফিলিস্তিন ভ্রমণ অভিজ্ঞতা তুলে ধরা হয়েছে।

ফিলিস্তিন দেশটি ইহুদি, খ্রিষ্টান ও মুসলিম তিন ধর্মের মানুষের কাছে অতি পবিত্র। এখানে ধর্ম, রাজনীতি আর সমৃদ্ধময় ঐতিহ্য হাত ধরাধরি করে চলে। জর্ডান, লেবানন ও সিরিয়া বেস্টিত এ ভুখন্ডের প্রতিটি বালুকণার সাথে মিশে আছে ছোপ ছোপ রক্ত। মাঠে ঘাটে লুকিয়ে আছে কান্না আর হাহাকারের ইতিহাস। আশ্রয়হীন, ছিন্নমুল লাখো দুর্গত-নির্যাতিত-নিগৃহীত ফিলিস্তিনিদের দুঃখ দুর্দশা দেখার জন্য হাবিব রহমান ঘুরে বেরিয়েছেন ফিলিস্তিনের পথে পথে। তাদের বুকফাটা আর্তনাদ তার চক্ষুকে অশ্রুসিক্ত করেছে। রক্তক্ষরণ ঘটিয়েছে তার হৃদয়ে। এর প্রতিফলন ঘটেছে বইটিতে।

শুধু ফিলিস্তিনিদের দুঃখ বেদনা নয়। তিনি পথে পথে ঘুরে তুলে এনেছেন দেশটির সমৃদ্ধময় ইতিহাস-ঐতিহ্যকে ও। ভ্রমণ করেছেন অসংখ্য নবী রাসুলের স্মৃতি বিজড়িত বিশ্বের লাখো কোটি মুসলমানের স্বপ্ন শহর জেরুজালেম, মুসলিম জাতির প্রথম কিবলা, মুসলমানদের তৃতীয় পবিত্রতম মসজিদ আল-আকসা, উমাইয়া খলিফা আবদুল মালিক কর্তৃক নির্মিত স্থাপনা ডোম অব দ্যা রক, জর্ডান নদীর পশ্চিম তীরে অবস্থিত পৃথিবীর প্রাচীনতম জীবিত নগরী জেরিকো, যীশুর জন্মস্থান বেথেলহেম, নবী লুত (আঃ) এর জাতির ধ্বংসস্থল 'বাহরে লুত' বা ডেড সী, নবীদের শহর হেবরন, বিখ্যাত পাহাড় 'মাউন্ট অলিভ' যেখানে নবী হযরত ঈসা (আঃ) উপর আসমানী কিতাব ইঞ্জিল বা বাইবেল নাজিল হয়েছিলো।



হাবিব রহমান ইতিহাস ছুঁয়ে ছুয়ে ফিলিস্তিনের পথে পথে হেঁটেছেন। শিহরিত হয়েছেন বারবার। আর নিজের অজান্তেই সেই শিহরণের ছোয়া ছড়িয়ে দিয়েছেন পাঠকের হৃদয়তন্ত্রীতে। তিনটি ধর্মের রক্তাক্ত ইতিহাসের গুরুত্বপূর্ণ তথ্য তিনি তার সজীব বর্ণনায় পাঠকদের কাছে তুলে ধরেছেন। পাঠকরা ইতিহাসের বাঁকে হারিয়ে যাবেন তা নিঃসন্দেহে বলা যায়।


বইটি প্রকাশ করেছে 'স্বরে অ প্রকাশনী'। পাওয়া যাবে অমর একুশে বইমেলা ২০২৫, এ সোহরাওয়ার্দী উদ্যানে ১৩৩-১৩৪ স্টলে। এ ছাড়াও বিভিন্ন অনলাইন বুক শপেও বইটি পাওয়া যাচ্ছে। হাবিব রহমানের ভ্রমণ বাতিক ছিল সেই শৈশবেই রক্তের কনায় কনায়। ১৮ বছর বয়সে সমগ্র বাংলাদেশ ঘুরে দেখেছেন। ২০ বছর বয়সে মায়ের হাত ধরে শুরু হয় আন্তর্জাতিক ভ্রমণ। তিনি চষে বেড়িয়েছেন ইউরোপ, এশিয়া, আফ্রিকা, আর ল্যাটিন আমেরিকার শতাধিক দেশ। ঘুরে বেড়িয়েছেন এক মহাদেশ থেকে আরেক মহাদেশে। ইতোমধ্যে প্রকাশিত হয়েছে ইউরোপের অনেকগুলো দেশ ভ্রমণের অভিজ্ঞতা নিয়ে লেখা ভ্রমণ কাহিনী' ঘুরে দেখা ইউরোপ'। আফ্রিকার দেশ মিশর ও মরক্কো সফরের ঘটনাবলি তুলে ধরেছেন 'আফ্রিকার দেশে দেশে' বইয়ে। 'অস্ট্রেলিয়ার পথে প্রান্তরে' হাবিব রহমানের ভ্রমণ বিষয়ক ৩য় বই। লম্বা সময় নিয়ে তিনি ঘুরে বেড়িয়েছেন অস্ট্রেলিয়ার পথে প্রান্তরে। চেষ্টা করেছেন তার অভিজ্ঞতার নির্যাসটুকু পাঠককে উপহার দিতে। 'হাওয়ায় ভেসে দেশ বিদেশ' তাঁর লেখা চতুর্থ ভ্রমন কাহিনী। এই গ্রন্থে বেশ কয়েকটি দেশে তাঁর ভ্রমণ অভিজ্ঞতা অন্তর্ভুক্ত হয়েছে। যেগুলির অন্যতম আকর্ষনীয় হচ্ছে বিশ্ব সাহিত্যের আঁতুরঘর হিসাবে পরিচিত দুটি দেশ গ্রিস ও ইতালি। এসব দেশের বিভিন্ন ঐতিহাসিক গুরুত্বপূর্ণ স্থানে হাজার হাজার বছরের পুরনো জনপদ এবং স্থাপনাঘুরে ঘুরে তিনি তার বর্ণনা তুলে ধরেছেন তার গ্রন্থে।

হাবিব রহমানের জন্ম বৃহত্তর ময়মনসিংহের কিশোরগঞ্জে। তিনি বেড়ে উঠেছেন ঢাকা শহরে। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বাংলা সাহিত্য অনার্স ও মাস্টার্স করার পর গণযোগাযোগ ও সাংবাদিকতায় তিনি দ্বিতীয় মাস্টার্স গ্রহন করেন। কাজ করেছেন ঢাকাস্থ ইরাক দুতাবাস, সুইজারল্যান্ড ভিত্তিক এনজিও লুথারেন ওয়ার্ল্ড সার্ভিসের বাংলাদেশ চাপ্টারে। বিভিন্ন কলেজে শিক্ষকতা করেছেন এক যুগের বেশী সময়। আশির দশকে ঢাকার বাংলা বাজারে অনেক পাঠ্য বই লিখে তিনি সুনাম কুড়িয়েছেন।

হাবিব রহমান নিউইয়র্কের সাপ্তাহিক বাংলা পত্রিকায় নিউজ এডিটর হিসাবে কাজ করেছেন প্রায় দুই যুগ। নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সহ সভাপতি ছিলেন। তাঁর পরিবারের প্রায় সবাই ৭১ এর গৌরবোজ্জ্বল মুক্তিযুদ্ধে অংশ গ্রহন করেন। দুজন সামরিক কর্মকর্তা-একজন তার সহোদর এবং অপরজন চাচা, দুজনেই মুক্তিযুদ্ধের দুটি সাব সেক্টরে নেতৃত্ব দেন। -প্রেস বিজ্ঞপ্তি।







Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549

CDPAP সার্ভিস নিয়ে

কোন চিন্তা করবেন না।



Bestcare
Home care, your care.

CDPAP অভিজ্ঞ কিছু লোক নিয়োগ দেওয়া হবে।
যোগাযোগ - (516) 731-7808



সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

PPL & NYS DEPARTMENT OF HEALTH

এর অনুমোদিত আমরা আপনার হোম কেয়ার সার্ভিস দিতে পারবো।

আমরা বাংলায় কথা বলি

আজ এই যোগাযোগ করুন - (516) 731-7808

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইনস্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই একই বাসা থেকে আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন।

এর জন্য আপনাকে **CDPAP** থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না।

আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুণ্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756 | Email: cdpap@bestcare.com

Nassau	Queens	Bronx	Staten Island	Suffolk	Manhattan	Brooklyn
50 Clinton Street Suite 201 Hempstead, NY 11550	70-60 Austin Street Lower Level 130 Forest Hills, NY 11375	4119 White Plains Road Bronx, NY 10466	60 Bay Street Suite 506 Staten Island, NY 10301	97 West Main Street Bayshore, NY 11706	350 W 36th St Suit 403, New York, NY 10018	1781 Flatbush Ave 2nd Floor Brooklyn, NY 11210



The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা


www.banglapatrikausa.com

বর্ষ ২৯ : সংখ্যা ২১ : সোমবার, মাঘ ২৭, ১৪৩১ / শাবান ১০, ১৪৪৬

Vol. 29 Issue 21, February 10, 2025 USA.

Free in NY, Other State $1.

দাম বাড়ায় ৪০ হাজার ডলারের ডিম চুরি



বাংলা পত্রিকা ডেস্ক : যুক্তরাষ্ট্রে ডিমের দাম বাড়ায় পেনসিলভেনিয়ায় এক ডিস্ট্রিবিউশন ট্রেলারের পেছন থেকে প্রায় ১ লাখ ডিম চুরির ঘটনা ঘটেছে। পেনসিলভেনিয়া স্টেট পুলিশের তথ্য অনুযায়ী, ফ্রাঙ্কলিন কাউন্টিতে স্থানীয় সময় বুধবার রাত ৯টায় পিট অ্যান্ড গেরিস অর্গানিকসের মালিকানাধীন একটি ট্রাক থেকে এই ডিম চুরি হয়।

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

ওয়ারেন্ট ছাড়া হাসপাতালে অভিযান করতে পারবে আইস

নিউইয়র্ক সিটি কর্মীদের নির্দেশনা



বাংলা পত্রিকা রিপোর্ট: এখন থেকে স্যাংকচুয়ারি সিটি নিউইয়র্কের হাসপাতাল, স্কুল ও ধর্মীয় উপসানালয় এসব সংবেদনশীল স্থানে কোন রকম ওয়ারেন্ট ছাড়াই অভিযান করতে পারবে আইসসহ (ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট) ফেডারেল এজেন্টরা। এ সংক্রান্ত একটি নির্দেশনা মেমো জারী করেছে নিউইয়র্ক সিটি কর্তৃপক্ষ। সম্প্রতি গণমাধ্যম নিউইয়র্ক পোস্ট তাদের প্রতিবেদনে জানিয়েছে, ফেডারেল এজেন্টদের অভিযান চালাকালে সিটির হাসপাতালে অবস্থানরত কোন অবৈধ ও অপরাধী অভিবাসীদের গ্রেপ্তারে বাধা দিতে পারবেনা কিংবা তাদের লুকিয়ে রাখতে পারবেনা সেখানকার কর্মীরা।

নিউইয়র্ক পোস্ট সিটি হলের একটি সূত্র অনুসারে প্রতিবেদনে জানায়, মেমোটি হাসপাতালের কর্মীদের বলেছে যে "যুক্তরাষ্ট্রে বেআইনিভাবে থাকা একজন ব্যক্তিকে ইচ্ছাকৃতভাবে রক্ষা করা অবৈধ" এবং সতর্ক করে দিয়েছে "আইস দ্বারা খুঁজে পাওয়া এড়াতে কোনও ব্যক্তিকে সক্রিয়ভাবে সাহায্য করার চেষ্টা করা উচিত নয়"।

মেমোতে বলা হয়েছে, "এটা বোঝা গুরুত্বপূর্ণ যে, যুক্তরাষ্ট্রে অবৈধভাবে থাকা কোনও ব্যক্তিকে লুকিয়ে রাখা, আশ্রয় দেওয়া বা রক্ষা করার উদ্দেশ্যে এমন পদক্ষেপ নেওয়া একটি অপরাধ।"

মেমোতে আরো বলা হয়, সিটির কর্মীদের তাদের কর্মক্ষেত্রে উপস্থিত হলে ফেডারেল ইমিগ্রেশন অফিসারদের কাছে ওয়ারেন্ট সহ যে কোনও নথির জন্য জিজ্ঞাসা করতে পারবে। তবে ফেডারেল আইন প্রয়োগকারীরা কোনও পরোয়ানা ছাড়াই অভিবাসন প্রয়োগকারী ব্যবস্থা পরিচালনার জন্য সংবেদনশীল স্থানে প্রবেশ করতে পারবে।

১৬ জানুয়ারি এনওয়াইসি হেলথ ও হাসপাতালগুলি একটি মেমোতে এই নির্দেশিকা জারি করে দ্য এনওয়াই পোস্ট জানিয়েছে।

সিটি হলের মুখপাত্র কায়লা মামেলাকও হাসপাতাল নীতি নিয়ে আইনপ্রণেতাদের উদ্বেগকে গুরুত্ব না দিয়ে বলেছেন যে মেয়র বলেছেন যে "প্রত্যেকেরই তাদের অভিবাসন অবস্থা নির্বিশেষে তাদের সন্তানদের স্কুলে পাঠাতে, চিকিৎসা সেবা চাইতে বা অপরাধের রিপোর্ট করতে স্বাচ্ছন্দ্য বোধ করা উচিত"।

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

প্রতিদিন ৬১১ জন অবৈধ অভিবাসী গ্রেপ্তার করছে আইস

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্টেটে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটির তত্বাবধানে গত ১৮ দিনে গড়ে প্রতিদিন ৬১১ জন অবৈধ অভিবাসীকে গ্রেপ্তার করছে ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) এজেন্টরা। এ পর্যন্ত প্রায় ১১ হাজার অবৈধ ও অপরাধী অভিবাসীকে গ্রেপ্তার করছে ফেডারেল আইন প্রয়োগকারী সংস্থা। যা সাবেক প্রেসিডেন্ট জো বাইডেন প্রশাসনের অধীনে গত বছরে অবৈধ অভিবাসী গ্রেপ্তারের এক তৃতীয়াংশ। ডিএইচএস সূত্রে জানা গেছে, আইস গত বছর মোট ৩৩,০০০ জনকে গ্রেপ্তার করেছিলো।

নিউইয়র্ক পোস্ট তাদের প্রতিবেদনে জানিয়েছে, ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটির তত্বাবধানে আইস, এটিএফ, ডিইএ ও এফবিআইসহ ফেডারেল আইন প্রয়োগকারী সংস্থার সমন্বয়ে গণ ডিপোর্টেশন কার্যক্রমে শিকাগো, বোস্টন, ফিলাডেলপিয়া, টেক্সাস এবং নিউইয়র্কসহ সবকটি সিটিতে ব্যাপক অভিযান শুরু করে। এসব অভিযানে ১১ হাজার অভিবাসী গ্রেপ্তার করা হয়েছে। এদের মধ্যে মেক্সিকো, গুয়েতামালা, কলোম্বিয়া, কিউবার নাগরিক বেশি। গ্রেপ্তাকৃতদের মধ্যে গ্যাং সদস্য, ড্রাগ ডিলার, ভাড়াটে হত্যাকারী এবং আদালতে বিভিন্ন অপরাধে সাজাপ্রাপ্ত অপরাধী ও ডিপোর্টেশন আদেশ প্রাপ্ত।

এদিকে নিউইয়র্কে কয়েকদিনে আইসের অভিযানে ১০০ জন গ্রেপ্তার হয়েছেন।

আইসের একটি উচ্চ পর্যায়ের সূত্রের বরাত দিয়ে নিউইয়র্ক পোস্ট জানিয়েছে, আইসের

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

যুক্তরাষ্ট্রের ফেডারেল কর্মীদের স্বেচ্ছায় পদত্যাগে ট্রাম্পের প্রস্তাব স্থগিত আদালতের

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় সরকারের লাখো কর্মচারীকে স্থানীয় সময় বৃহস্পতিবার মধ্যরাতের আগে স্বেচ্ছায় পদত্যাগের বিনিময়ে প্রণোদনা দেওয়ার বিষয়ে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের পরিকল্পনা সাময়িকভাবে স্থগিত করেছেন দেশটির এক বিচারক।

ফেডারেল বিচারক জর্জ ও'টুল জুনিয়র বলেছেন, ট্রাম্পের এই পরিকল্পনার বিরুদ্ধে একটি মামলা হয়েছে। মামলাটি করেছে ফেডারেল কর্মচারী ইউনিয়ন। এই মামলার গ্রহণযোগ্যতার (মেরিট) বিষয়ে আগামী সোমবার শুনানি হবে। শুনানির

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

ডজনাখানেক অপরাধীকে পাঠানো হলো গুয়ানতানামো বে-তে

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে গ্রেপ্তার ও কারাগারে আটক ডজনাখানেক অপরাধী অভিবাসীদের সামরিক ঘাঁটি গুয়ানতানামো বে-তে প্রেরণের প্রথম ফ্লাইট মঙ্গলবার শুরু হয়েছে। ফক্স নিউজ ডিজিটাল একটি সামরিক বিমানে আরোহণকারী অভিবাসীদের গুয়ানতানামো প্রেরণের কিছু ছবি প্রকাশ করে।

গত বুধবার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ৩০,০০০ অবৈধ অভিবাসীদের গুয়ানতানামো বে'র আটক কেন্দ্রে সরিয়ে নেওয়ার বিষয়ে ঘোষণা দেন।

হোয়াইট হাউসের প্রেস সচিব ক্যারোলিন লেভিট মঙ্গলবার বলেছেন, "আমি এটাও নিশ্চিত করতে পারি যে আজ অবৈধ অভিবাসীদের নিয়ে যুক্তরাষ্ট্র থেকে গুয়ান্তানামো বে-তে প্রথম উড়ান (ফ্লাইট) চলছে। আর তাই প্রেসিডেন্ট ট্রাম্প, পিট হেগসেথ এবং ক্রিস্টি নোয়েম ইতিমধ্যেই



আমাদের দেশের অভিবাসন আইন ভঙ্গকারী এবং বৈধ আমেরিকান নাগরিকদের বিরুদ্ধে আরও জঘন্য অপরাধকারী অবৈধ অপরাধীদের জন্য গিটমোতে সেই ক্ষমতাটি ব্যবহার করার প্রতিশ্রুতি পালন করছেন।

ফক্স নিউজ প্রতিবেদনে জানায়, প্রথম বিমানটিতে প্রায় এক ডজন অভিবাসীকে নিয়ে

বাকি অংশ ১২ পৃষ্ঠায়

নিউইয়র্কে সংবাদ সম্মেলন

২৯-৩১ আগস্টের মন্ট্রিয়ল ফোবানা সফল করার আহ্বান

নিউইয়র্ক (ইউএনএ): বিভক্ত ফোবানা'র একাংশ আয়োজিত চলতি বছরের ৩৯তম সম্মেলন যুক্তরাষ্ট্রের লেবার ডে উইকেন্ডে অগামী ২৯, ৩০ ও ৩১ আগষ্ট কানাডার মন্ট্রিয়লে অনুষ্ঠিত হবে। সম্মেলনের স্বাগতিক সংগঠন হচ্ছে কানাডা বাংলাদেশ সলিডারিটি। এ উপলক্ষ্যে রোববার (৯ ফেব্রুয়ারী) দুপুরে জ্যাকসন হাইটসের একটি পার্টি হলে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ফোবানা সম্মেলনের প্রস্তুতি সহ অন্যান্য বিষয়

বাকি অংশ ১২ পৃষ্ঠায়

সিটিতে বাথরুম ব্যবহারে

বিশেষ পার্কিং কার্ড চান ট্যাক্সি চালকরা

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটিতে পাবলিক টয়লেট সমস্যায় সবচেয়ে বেশি ভুক্তভোগি ট্যাক্সি চালকরা। সিটিতে প্রকট আকারে পার্কিং সংকট রয়েছে। তাই ট্যাক্সি চালকরা ডাবল পার্ক করে বাথরুম ব্যবহারে গেলে রেস্টরুম ব্যবহার করতে গেলে টিকিট পেতে হয়।

এ কারণে নিউইয়র্ক স্টেট ফেডারেশন অব ট্যাক্সি ড্রাইভার্স সংগঠন সিটির ট্যাক্সি এন্ড লিমুজিন কমিশন এবং ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশনকে অনুরোধ জানিয়েছে এই রকম ক্ষেত্রে পার্কিং ভায়োলেশনের জন্য টিকিট না দেয় কর্তৃপক্ষ এবং বাথরুম ব্যবহারে বিশেষ পার্কিং কার্ড চালুর দাবি জানিয়েছে।

নিউইয়র্ক স্টেট ফেডারেশন অব ট্যাক্সি ড্রাইভার্স সংগঠন নের্তৃবৃন্দ জানিয়েছে, জরুরী বাথরুম ব্যবহারের মুহূর্তে সিটিতে ট্যাক্সি চালকরা পার্কিং সংকটের কারণে তাদের গাড়ি ডাবল পার্কিংয়ে রেখে যান। এসময় ট্রাফিক কর্মকর্তারা পার্কিং রুল ভায়োলেশনের জন্য টিকিট দিয়ে দেন ওইসব চালকদের। তাই ট্যাক্সি ড্রাইভারদের রেস্টরুম ব্যবহারের জন্য গাড়ি ডাবল পার্ক বা হাইড্র্যান্টে পার্ক করেছে তা শনাক্ত করার জন্য যেন স্পেশাল প্ল্যাকার্ড দেয় হয়। যা গাড়ির ড্যাশবোর্ডে রাখা থাকবে আর

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

এম কামাল



এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসেবে সবচেয়ে দক্ষ হতে পারেন- তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটি বিক্রি হয়ে যাবে। এ ধরনের রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেয়া সত্যিই স্মার্ট কাজ। কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তারাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে (শেষ পাতার পর) পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি এরপর

দেখুন পৃষ্ঠা ॥ ২৬

এক স্লিপ



সালাহউদ্দিন আহমেদ: নিউইয়র্ক সিটিতে বাংলাদেশীদের প্রাণকেন্দ্র জ্যাকসন হাইটস। সিটির পাঁচ বরোর সকল প্রবাসী বাংলাদেশীদের কাছে জ্যাকসন হাইটস ঢাকার গুলিস্তান। এই জ্যাকসন হাইটসের একটি পার্টি হলে শনিবার আয়োজিত এক সংবাদ সম্মেলনের প্রশ্নোত্তর পর্বে একজন সাংবাদিক মূল এজেন্ডোর বাইরে এমন প্রশ্ন এবং তার সাথে অপ্রাসঙ্গিক এমন সব কথা বললেন তাতে অন্য সাংবাদিকরা বিব্রত হলেন। পাশাপাশি মিটমিট করে হাসাহাসি করতে দেখা গেলো আয়োজকদের। সব মিলিয়ে ভাবমূর্তি নষ্ট হয়ে গেলো সংবাদ সম্মেলনের। এরই মধ্যে অরেকজন সাংবাদিক প্রকাশ্যে পাল্টা প্রতিভোর দিয়ে বলেন আমরা এখানে পেশাগত দায়িত্ব পালন করতে এসেছি। বিষয়টি সবার মাথায় রাখা উচিৎ। এমন পরিস্থিতিতে সংবাদ সম্মেলনে উপস্থিত একাধিক সাংবাদিক শুধু সংবাদ সম্মেশরন নয়, যেকোন সময় বা পরিবেশে একজন পেশাদার সাংবাদিককে পেশাদারিত্বকেই গুরুত্ব দেয়া উচিৎ বলে মন্তব্য করেন।

ফরিদপুর জেলা এসোসিয়শনের নতুন কমিটি

সভাপতি সাকিব, সাধারণ সম্পাদক লাকিবুল

নিউইয়র্ক: নিউইয়র্কে বসবাসরত ফরিদপুরবাসীদের প্রাণের সংগঠন ফরিদপুর জেলা এসোসিয়েশন অব ইউএসএ ইনক্ এর নতুন কমিটি নির্বাচিত করা হয়েছে। গত দুই মাস যাবত একাধিক সভায় উপদেষ্টা এবং সদস্যদের মতামতের ভিত্তিতে এ সংগঠনের নতুন কমিটিতে সভাপতি সাকিব হায়দার এবং সাধারণ সম্পাদক হিসেবে মোহাম্মদ লাকিবুল ইসলাম নির্বাচিত হন। সহ সভাপতি হিসেবে নির্বাচিত হন যথাক্রমে মনিজল চৌধুরী, মোহাম্মদ এনামূল হক হেলাল, এনামূল এহসান

বাকি অংশ ১২ পৃষ্ঠায়

খলিল ফুড ফাউন্ডেশন'র উদ্যোগে

নিউইয়র্কে আমেরিকান কারি অ্যাওয়ার্ডস ২৪ মে

বাংলা পত্রিকা রিপোর্ট: আগামী ২৪ মে প্রথমবারের মতো নিউইয়র্কে অনুষ্ঠিত হতে যাচ্ছে 'আমেরিকান কারি অ্যাওয়ার্ড ২০২৫'। কুইন্সের ট্যারেস অন দ্য পার্কে অনুষ্ঠিত হবে এই অ্যাওয়ার্ডস অনুষ্ঠান। এই আয়োজনের মূল উদ্যোক্তা খলিল গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের সহ প্রতিষ্ঠান খলিল ফুড ও খলিল ফুড ফাউন্ডেশন। সহযোগিতায় থাকছে নিউইয়র্কের ব্যবসায়িক

বাকি অংশ ২৮ পৃষ্ঠায়



প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
AL-AQSA RESTAURANT & PARTY HALL পার্কচেস্টারে
Trusted Al - Aqsa HALAL
PARTY HALL
বাঙালি মালিকানায় সবচেয়ে বড় রেস্টুরেন্ট এবং পার্টি হল



ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
• ব্যক্তিগত ও বিজনেস ট্যাক্স ফাইলিং • আই আর এস ও স্টেট প্রটিষ্ট সমাধান
• কর্পোরেশন ও এল এল সি স্টেটমেন্ট • বিজনেস পরামর্শ • সেলস ট্যাক্স ফাইলিং
• বুককিপিং • সিটিজেনশিপ কেস • এসাইলাম কেস • ফ্যামিলি ভিসা • পে-রোল



929-207-1516
1506 Castle Hill Ave,
2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিনের অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত "গ্লোবাল এয়ার সার্ভিস" আপনাকে নিরাপদ ও ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ।
গ্লোবাল এয়ার সার্ভিস
GLOBAL AIR SERVICE
হজ পালনকারীরা সর্বত্তোম সেবা গ্রহণ করুন ওমরাহ ও মূল হজ্বে



Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
"গ্লোবাল এয়ার সার্ভিস" এর মাধ্যমে বাংলাদেশের সর্বত্র টাকা পাঠান নিশ্চিন্তে।
WALL STREE FINANCE LLC
76-01, 101 Ave, Ozone Park, NY. 11416

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd floor), LIC, NY 11101, USA, Tel: 718 482 9923, 718 482 1169Fax: 718 482 9935. Email: banglapatrikausa@gmail.com